


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 24 July, 2023 ■ আগরতলা ২৪ জুলাই ২০২৩ ইং ■ ৭ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### মণিপুর ইস্যুতে ফের সংসদে ঝড়ের আভাস

# আজ ধর্না ‘ইন্ডিয়া’র

।। অভিজিৎ রায়চৌধুরী ।।

**নয়াদিল্লী, ২৩ জুলাই।।** মণিপুরের সংহিসতা নিয়ে কেন্দ্রীয় সরকারকে কোণঠাসা করতে প্রস্তুতি নিয়েছে ২৬টি বিরোধী দলের তৈরী করা ‘ইন্ডিয়া’। ব্যাঙ্গালুরুর বৈঠকে ওই দলগুলির প্রায় তিনশ সাংসদ আগামীকাল সংসদ ভবনের সামনে গান্ধী মূর্তির সামনে ধর্না দেবেন ‘ইন্ডিয়া’র ব্যানারে। তাঁদের দাবী হচ্ছে মণিপুর ইস্যুতে সংসদের উভয় কক্ষে প্রধানমন্ত্রীকে কথা বলতে হবে। এই প্রথমবারের মতো ২৬টি বিরোধী দলের সব সাংসদরা লোকসভা এবং রাজ্যসভায় একসুরে কথা বলবেন।

এদিকে, একটি নিউজ পোর্টালকে দেয়া সাক্ষাৎকারে বিজেপি বিধায়ক পাওলিওনলাল হাওকিপকে বিস্ফোরক মন্তব্য করেছেন মণিপুরের সহিংসাতা নিয়ে। প্রধানমন্ত্রীকে কটাক্ষ করে তিনি বলেন, মণিপুরের সংহিংসা তথা দুই মহিলাকে যৌন নির্যাতন করার ভিডিও যদি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ না হত তাহলে প্রধানমন্ত্রী কথা বলতেন না।

বিধায়ক শ্রী হাওকিপ আরও বলেন, আমরা প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎকারের চেষ্টা করেছি। কিন্তু, আজ পর্যন্ত কোনও সাড়া পাইনি। ভিডিও ভাইরাল না হলে প্রধানমন্ত্রী এ বিষয়ে কথা বলতেন না, অভিযোগ করেন তিনি। বিধায়ক হিসাবেও তিনি নিরাপদ নন বলে জানিয়েছেন। শুধুমাত্র সেনা বাহিনীই রক্ষা করতে পারে।

প্রসঙ্গত, মণিপুরের ঘটনার ভাইরাল ভিডিও এমন সময় এসেছে যখন সংসদ অধিবেশন সবে শুরু হয়েছে। এই বিষয়ে তোলপাড় হবে সংসদের অধিবেশন, এমনটাই অনুমান করছে রাজনৈতিক মহল। মজার বিষয় হল মণিপুরের ঘটনা নিয়ে একটি নতুন মোড় নিয়েছে। বিজেপি এবং কংগ্রেস উভয়েই একে অপরকে রাজস্থান ও ছত্তিশগড়ের সামান্য কিছু ঘটনা নিয়ে পরস্পরকে দোষারোপ করছে। বিজেপি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে ☞ ৬ এর পাতায় দেখুন

## বহিঃরাজ্যের শ্রমিককে মারধর করে পাঁচ লক্ষ টাকা দাবি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** বহিঃরাজ্যের শ্রমিককে বেধড়ক মারধর করে ৫ লক্ষ টাকার দাবি। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় বিশালগড় থানার পুলিশ। শ্রমিককে উদ্ধার করে নিয়ে আসে বিশালগড় থানায়। ঘটনা বিশালগড় চা বাগান এলাকায়।

সংবাদে প্রকাশ ,বিশালগড় চা বাগান এলাকায় গোবিন্দ দাস নামে এক ব্যক্তির বাড়িতে পার্টনার শ্রমিক কুন্দন কুমার বেশ কিছুদিন যাবত শ্রমিকের কাজ করছিলেন। শনিবার দুপুরে শ্রমিক কুন্দন কুমার তার মালিক গোবিন্দ দাসের কাছে বাড়ি যাওয়ার কথা বলেন। তারপরেই শ্রমিক উন্নয়ন কুমারকে বেধড়ক মারধোর করেন এবং তার কাছে ৫ লক্ষ টাকা দাবি করেন। খবর পেয়ে বিশালগড় থানার এসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর প্রদীপ নট্য চা বাগান এলাকা থেকে শ্রমিককে উদ্ধার করে বিশালগড় থানায় নিয়ে আসেন। সংবাদমাধ্যমে এমনটি জানান শ্রমিক কুন্দন কুমার।

## সাব্রুমে দূর্ঘটনায় বাইক চালকের মৃত্যু গাড়িতে অগ্নিসংযোগ করল ক্ষুব্ধ জনতা

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৩ জুলাই।।** সাব্রুমের কলাছড়ায় ফের ভয়ংকর ঘটনা। পুলিশের সামনে গাড়ি ভাঙচুর করে গাড়িতে আগুন লাগায় ক্ষুব্ধ জনতা। ওই গাড়িতে চাপা পড়ে প্রাণ হারায় বাইক চালক অনজিত ত্রিপুরা। তার বাড়ি সাবরুম মহকুমার হাওয়াই বাড়ি এলাকায়।এই ঘটনার খবর পেয়ে পুলিশ সাংবাদিক ও ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে গেলে ওই এলাকায় বেশ কিছু জনজাতি অংশের জনগণ সঙ্গবদ্ধভাবে সকলকে ধাওয়া করে।

ঘটনার বিবরণে জানা যায় সাব্রুম থেকে আগরতলা দিকে যাওয়ার সময় একটি দ্রুত গতিতে থাকা বাইক একটি ট্রাক গাড়িকে ওভারটেক করার সময় নিয়ন্ত্রণ হারিয়ে আগরতলা দিক থেকে আসা একটি স্করপিও গাড়িতে বাইকটি সজোরে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই নিহত হয় অনজিত ত্রিপুরা নামে ওই যুবক। ঘটনা ঘটে সাব্রুমম আগরতলা ৮নং জাতীয় সড়কের উপরে কলাছড়া বাজার সংলগ্ন এলাকায়। পরবর্তী সময়ে এই দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হলে এবং সাংবাদিকরা সেখানে খবর সংগ্রহ করতে গেলে ওই এলাকার ক্ষুব্ধ কিছু জনগণ পুলিশ ও সাংবাদিকদের ও যে গাড়িটিতে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে তার আগুন নিয়ন্ত্রণে আনার জন্য দমকল বাহিনীর কর্মীরা সেখানে গেলে সকলকে ধাওয়া করে ক্ষুব্দ জনগণ।

এই ঘটনার ভিডিও ফুটেজ ধারণ করতে গেলে ভেঙে দেওয়া হয় বেশ কয়েকজনের মোবাইল ফোনও। পরবর্তী সময়ে প্রচুর পরিমাণ টিএসআর ও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়েছে এবং ঘটনাস্থল পর্যবেক্ষণে আসেন দক্ষিণ জেলার পুলিশ সুপার সহ বিশাল পুলিশ বাহিনী। দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকা জুড়ে ছড়ায় ব্যাপক চাঞ্চল্য। মৃতদেহ বর্তমানে কলাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মর্গে রাখা হয়েছে। এই ঘটনার পর মৃতদেহ কলাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে সেখানেও ভিড় জমাতে শুরু করে প্রচুর সংখ্যক জনগণ।

## চা-পাতার প্যাকেটে ভরে গাঁজা পাচারকালে এমবিবি বিমানবন্দরে আটক দুই যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** অভিনব কায়দায় চা পাতার প্যাকেটে করে গাজা পাচারের সময় এম বি বি বিমানবন্দরের চেকিংয়ে ১৬ কেজি শুকনো গাঁজা এক নাবালক সহ আটক দুই। বিবানবন্দর নিরাপত্তার কর্মীদের হাতে গাজা সহ তারা আটক হয়েছে। যাদেরকে আটক করা হয়েছে তারা হলো জাহিদুল হক, ও সাইফুল ইসলাম। তাদের বাড়ি সোনামুড়া থানার অন্তর্গত মনারচক এলাকায়।

পরবর্তী সময় তাদের তুলে দেওয়া হয় এয়ারপোর্ট থানার পুলিশের হাতে।তাদের বিরুদ্ধে এন ডিপিএস আইনে একটি মামলা নিয়ে তদন্ত চালায় পুলিশ। রবিবার দুপুরে পুলিশ কোর্টে প্রেরণ করা হয় এয়ারপোর্ট থানা থেকে।এই বিষয়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বিস্তারিত জানান এয়ারপোর্ট থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ অফিসার বিকাশ দেববর্মা। নেশা কারবারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি জানিয়েছেন। উল্লেখ্য চা পাতার প্যাকেটে করে গাঁজা চাষের ঘটনা এই প্রথম ধরা পড়েছে। এই ঘটনার খবর ☞ ৬ এর পাতায় দেখুন

## মাদ্রাসায় শিক্ষকের নির্যাতন সহ্য করতে না পেরে পালিয়ে প্রাণ রক্ষা করল ছাত্র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** আবারও এক শিক্ষক কর্তৃক ছাত্র নিগৃহীত হবার ঘটনা প্রকাশ্যে এলো। মাদ্রাসায় অমানসিক মারধরের অভিযোগ এনে সেখান থেকে পালিয়ে এলো মাদ্রাসার এক ছাত্র। ঘটনা কৈলাসহরের গৌরনগর ব্লকের অধীনে শ্রীনাথপুর গ্রাম পঞ্চায়েতের কারখানা পাড়া এলাকায়। কৈলাসহরের দেওরাছড়া এলাকার বারো বছরের শরীফ আলী দীর্ঘ দিন ধরে কৈলাসহরের বাবুর বাজার কারখানা পাড়ার হাফিজিয়া মাদ্রাসায় পড়াশোনা করছে।

কিন্তু সেখানখার মাদ্রাসার শিক্ষক ইমদাদুর রহমান প্রায় প্রতিদিনই শারিরীক ভাবে নিগৃহীত করতো ১২ বৎসর বয়সী শরীফকে। হ্যাঁ,ঠিক এমনই অভিযোগ করে শরীফ আলী নিজেই। রোববার সকালে মাদ্রাসার শিক্ষকের অকথ্য অত্যাচার সহ্য করতে না পেরে সেখান থেকে পালিয়ে আসে শহরের দিকে। শহরে এসে কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয় ময়দানে সে চলে যায় এবং কান্নাকাটি করতে থাকে। যুবককে কান্না করতে দেখে কলেজের এন.এস.এস ইউনিটের ছাত্র-ছাত্রীদের সন্দেহ হয়। তারপর যুবকটিকে জিজ্ঞেস করলে তার নামও ঠিকানা যুবকটি একেকবার একেক ঠিকানা বলছিল। যুবকটির কথা ☞ ৬ এর পাতায় দেখুন

## শ্যালকের ছুরির আঘাতে আহত ভগ্নিপতি, মোরগ চুরির অভিযোগে মেম্বারের স্বামীকে গণধোলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** শ্যালকের ছুরির আঘাতে আহত ভগ্নিপতি। ঘটনা বিশালগড় ঘনিয়ামারা এলাকায়।ঘটনার বিবরণে জানা যায় , মিঠুন দাস তার মায়ের উপর আক্রমণ চালায় পারিবারিক ঝামেলাকে কেন্দ্র করে। ঠিক সেই সময় ভগ্নিপতি নান্টু দাস ছুটে যান শাশুড়িকে বাঁচাতে। ঠিক সেই সময় শালক মিঠুন দাস ভগ্নিপতি নান্টু দাসের উপর ছুরি দিয়ে এলোপাথাড়ি আঘাত করতে থাকে।শালকের ছুরির আঘাতে রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন ভগ্নিপতি।

স্থানীয়রা দেখতে পেয়ে নিয়ে আসেন মহাকুমা হাসপাতালে। সেখান থেকে ছুটে আসেন বিশালগড় থানায়। অভিযুক্ত শালক মিঠুন দাসের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। ঘটনা স্থল থেকে পালিয়ে যায় শালক মিঠুন দাস। অভিযুক্ত শালক মিঠুন দাসকে আটক করতে ময়দানে নেমেছে পুলিশ।


এদিকে, মোরগ চুরির অভিযোগে মেম্বারের স্বামীকে ধোলাই দিলো জনগণ। যদিও অভিযোগ অস্বীকার করে মেম্বারের স্বামী। ঘটনার বিবরণে জানা গেছে, বেজিমারা পঞ্চায়েত এলাকায় দীর্ঘদিন ধরে মুরগ চুরির কারণে অতিষ্ট স্থানীয় বাসিন্দারা। চোরের জ্বালায় অতিষ্ঠ গ্রাম পঞ্চায়েতের উপ প্রধান খালেক মিয়াও। আজ মুরগ চুরির সময় দুই যুবককে আটক করলে বেজিমারা ☞ ৬ এর পাতায় দেখুন

## এমপিডব্লিও নিয়োগের দাবী প্রশিক্ষণপ্রাপ্ত বেকারদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** বন্ধ হয়ে আছে এমপি ডব্লিউ পদে শূন্য পদ পূরণ। রাজ্যের স্বাস্থ্যকেন্দ্র গুলিতে এম পি ডব্লিউ পদ খালি পড়ে থাকলেও নিয়োগ করা হচ্ছে না বলে অভিযোগ। শূন্যপদ পূরণের দাবিতে ক্রমাগত দাবি জানিয়ে আসছেন প্রশিক্ষণপ্রাপ্ত বেকাররা। অভিযোগ ২০১৭ সালের পর থেকে কোন নিয়োগ নেই।

২০১৭ সালের সেপ্টেম্বরে যে বিজ্ঞপ্তি নিয়োগের জন্য দেওয়া হয়েছিল, সরকার পরিবর্তনের পর তা বাতিল করা হলেও এর পরে আর কোন নিয়োগ করা হয়নি। এই অবস্থায় রবিবার অল ত্রিপুরা আনএমপ্লয়েড এম পি ডব্লিউ- র তরফে ☞ ৬ এর পাতায় দেখুন

## পরিকাঠামোর উন্নয়নে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে ঃ মুখ্যমন্ত্রী




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** গ্রামীণ এলাকার উন্নয়ন ছাড়া রাজ্য ও দেশের উন্নয়ন সম্ভব নয়। বর্তমানে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার গ্রামীণ এলাকার পরিকাঠামো উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। পরিকাঠামোর উন্নয়নে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ সুকান্ত একাডেমি অডিটোরিয়ামে অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনীয়ার্স অব ত্রিপুরার ৫ম দ্বিবার্ষিক সম্মেলন এবং রক্তদান শিবিরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ২০২৩-২৪ অর্থবর্ষে রাজ্যের বাজেটে ২৭,৬৫৪.৪০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এরমধ্যে ৫ হাজার কোটি টাকার উপর বরাদ্দ রাখা হয়েছে পরিকাঠামোর উন্নয়নে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গ দর্শনে বর্তমান কেন্দ্রীয় এবং রাজ্য সরকার মানুষের কল্যাণে কাজ করছে। এর সুফল আগামীতে দেশবাসী প্রতি ক্ষেত্রে অনুধাবন করতে পারবেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, আজ ত্রিপুরা সহ দেশের উত্তর-পূর্বাঞ্চল সড়ক ও বিমান যোগাযোগের ক্ষেত্রে অনেকটাই এগিয়ে গেছে। রেলওয়ে যোগাযোগের ক্ষেত্রেও ত্রিপুরার অনেক উন্নতি হয়েছে। রাজ্যের ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থা দেশের মধ্যে তৃতীয় শক্তিশালী ইন্টারনেট ব্যবস্থা। সমাজের এই সব শাখার উন্নয়নের অন্যতম কারিগর হচ্ছেন প্রকৌশলীগণ। মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের মত মহৎ দান আর কিছুই হতে পারেনা। এর বিকল্প আর নেই। একজন রক্তদাতার মাধ্যমে ৩ থেকে ৪ জন উপকৃত হন। ☞ ৬ এর পাতায় দেখুন

## ভাসুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ সহ স্বামী ও শাশুড়িকে নির্যাতনের মামলায় ফাঁসিয়ে দিল গৃহবধূ

**তেলিয়ামুড়া**

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৩ জুলাই।।** সভ্য আধুনিক সমাজে অর্থ-সম্পত্তির লোভের বশবর্তী হয়ে আর নিজের বেলাল্লাপনার জন্য একাংশ নারীরা কতটা নিচে নামতে পারে তার নিদর্শন আরো একবার স্থাপিত হল তেলিয়ামুড়াতে। আনুমানিক ১০-১২ বছর আগে আগরতলা রাজধানীর শ্যামলীমা দেববর্মা তেলিয়ামুড়া শহরের প্রতিষ্ঠিত ঠিকাদার সায়ন্ত দাসের সাথে ভালোবাসার সম্পর্কে আবদ্ধ হয়ে বৈবাহিক সম্পর্কে জড়িয়ে যায়। এরপর কিছুদিন ভালোভাবে কাটলেও ধীরে ধীরে ঝোলা থেকে বেরিয়ে আসতে শুরু করে লাস্যময়ী বেড়াল। তেলিয়ামুড়ার বনেদি এবং প্রতিষ্ঠিত শ্বশুরবাড়ি ছেড়ে আগরতলার ভলকান ক্লাব সন্নিহিত ফ্ল্যাটে চলে যায় শ্যামলীমা।

এর মধ্যে দু দুটি সন্তানের মা হলেও শ্যামলীমা এবং সায়ন্তের সম্পর্ক ক্রমান্বয়ে অবনতির দিকে যেতে থাকে, একটা সময় শ্যামলীমা আর সায়ন্তের মধ্যে প্রায় কোন যোগাযোগই রইল না। সায়ন্তদের নিজস্ব ফ্ল্যাটেই শ্যামলিমা তার মা বাবা এবং দুই সন্তানকে নিয়ে থাকতে শুরু করে। শ্যামলীমা এবং তার বাপ মায়ের দাবি অনুযায়ী সায়ন্ত প্রতিমাসে ৪৫ হাজার টাকা করে গুনে গুনে দিতে থাকে ভরণপোষণ হিসেবে। অভিযোগ এই টাকাসহ প্রতিপত্তিসালী বাড়ির সম্পত্তি দেখে মোহের বশবর্তী হয়ে একটা সময়ে ধরাকে সরা জ্ঞান করতেও দ্বিধাবোধ করতে শুরু করে শ্যামলীমা।

পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে পৌঁছায় যেখানে প্রতিষ্ঠিত ঠিকেদার সায়ন্ত নিজের সারাদিনের ব্যস্ততার পড়ে প্রতিদিন আগরতলায় নিজের ঔরসজাত সন্তানদের কাছে ছুটে গেলেও শ্যামলীমা তার কাছে বা তার সাথে থাকতে পছন্দ করত না, এর ফলে প্রতিদিন রাতেই আবার সায়ন্তকে তেলিয়ামুড়ায় ফিরে আসতে হত। ইদানিং পরিস্থিতি অন্যদিকে রূপ নেয়। হঠাৎ করে গত বুধবার শ্যামলীমা কাউকে কিছু না বলে নিজের শশুর বাড়িতে আসে এবং মিনিট দশেক অবস্থান করে নিজের ঘর থেকে বেশ কিছু স্বর্ণালংকার সহ কাপড়-চোপড় এবং কিছু কাগজপত্র নিয়ে আবার আগরতলায় ফিরে যায়। ☞ ৬ এর পাতায় দেখুন

## আর কে পুর থানায় ডেপুটেশন হিন্দু জাগরণ মঞ্চের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** মাদক বিক্রেতা ও সেবনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে আর কে পুর থানায় ডেপুটেশন প্রদান করল হিন্দু জাগরণ মঞ্চ।মন্দির নগরী উদয়পুরে ড্রাগসের বাড়বাড়ন্তে উদ্বেগ প্রকাশ করেছে সংগঠনটি। এদিন সংশ্লিষ্ট বিষয়ে আর কে পুর থানার ওসি বাবুল দাসের সাথে দেখা করে সংগঠনের পক্ষ থেকে এক ডেপুটেশন প্রদান করা হয়।

এই প্রসঙ্গে হিন্দু জাগরণ মঞ্চের উদয়পুর নগর সভাপতি প্রীতম দত্ত জানান ,জাতি ধর্ম নির্বিশেষে পুলিশ সংশ্লিষ্টদের বিরুদ্ধে ☞ ৬ এর পাতায় দেখুন




## নেশার টাকার ব্যাবস্থা করতে স্বর্ণালংকার চুরি বামুটিয়ায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** বামুটিয়া পুলিশ ফাঁড়ির অন্তর্গত নোয়াগাঁও এলাকায় ড্রাগসের টাকা যোগাড় করতে চুরি। ভোর বেলায় চুরি করে নিয়ে যায় স্বর্ণের আংটি এক বাড়ি থেকে একটি ড্রাগস সেবনকারী চক্র।

পরবর্তী সময় সেই চক্রের একজনকে গ্রামবাসীরা আটক করে জিজ্ঞাসাবাদ করলে সে জানায় ড্রাগসের টাকা যোগাড় করতে একটি চক্র মিলে এই চুরি সংগঠিত করে।সে কালীবাজার পূর্ব পাড়ার নিদান দাসের বড় ছেলে বাপন দাসের থেকে ড্রাগস ক্রয় করে সেবন করে।নিদান দাস,বাপন দাস ,এবং তার পরিবার অবৈধ কাজের জন্য গোটা এলাকায় পরিচিত কিন্তু তাদের বিরোদ্ধে কোনো ব্যাবস্থা গ্রহণ করতে পারছেন না পুলিশ। পুলিশের ☞ ৬ এর পাতায় দেখুন

## টিসিএ’র দখলদারী নিয়ে নোংরা রাজনীতি হচ্ছে ঃ পিসিসি সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন দখলদারি নিয়ে যে নোংরা জঘন্য রাজনীতি শুরু হয়েছে, তার নিন্দা জানানোর ভাষা নেই। রবিবার প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ কথা বললেন ত্রিপুরা রাজ্য অলিম্পিক এসোসিয়েশনের সহ সভাপতি তথা প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। তিনি বলেন, ত্রিপুরা রাজ্যের একটি বড় ক্রীড়া সংগঠন হলো ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন।




বিস্তর টাকা নয় ছয় হয়েছে বলে সংগঠনের দুই গোষ্ঠী একে অপরকে চোর বলে আখ্যায়িত করছে। এই সংগঠন দিন দুপুরে প্রকাশ্যে পিস্তল উঁচিয়ে লড়াই করছে। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের এই কাণ্ড আবারো স্পষ্ট করে দিয়েছে রাজ্যে আইনের শাসন নেই। সরকার শুধু খেলাধুলার প্রসারের কথা বলছে। প্রতিশ্রুতি দিয়েছিল খেলাধুলা দিয়ে রাজ্যের যুবক যুবতীদের জীবনধারণের ব্যবস্থা করবে, এবং খেলাধুলাকে কাজে লাগিয়ে নেশা মুক্ত ত্রিপুরা গড়ার চেষ্টা করবে। কিন্তু ক্রীড়াবিদদের লাঞ্ছিত হতে হচ্ছে। থানায় গিয়ে আশ্রয় নিতে হচ্ছে তাদের। এটা সারা দেশের কাছে লজ্জা বলে জানান আশিস কুমার সাহা। তিনি আয়োজিত সাংবাদিক সম্মেলনে আরো বলেন টিসিএ -র এই ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্ত হওয়া উচিত। ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ■ বর্ষ-৬৯ ■ সংখ্যা ২৮০ ■ ২৪ জুলাই ২০২৩ ইং ■ ৭ শ্রাবণ ■ সোমবার ■১৪৩০ বঙ্গাব্দ

## বিজয় রথে সওয়ার ভারতীয় মুদ্রা

বিশ্বের অন্যতম শক্তিধর অর্থনীতির দেশ হিসেবে দ্রুত উত্থান ঘটিয়াছে ভারতের। বিশ্ব ব্যাঙ্কের অনুমান মোতাবেক, ভারত এই আর্থিক বছরে চার ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিণত হইতে পারে। তবে ভারতের এই উত্থান কোনও ভাবেই অপ্রত্যাশিত নয়, দীর্ঘদিন ধরিয়াই একটি উদয়ীমান অর্থনীতির দেশ হিসেবে ভারতের নাম উপরের তালিকায় রহিয়াছে। অন্যদিকে, বর্তমানে গোটা বিশ্বে ভারতের মর্যাদা ও গ্রহণযোগ্যতা বাড়িতেছে।ভারতীয় রুপির গ্রহণযোগ্যতা ক্রমেই বিভিন্ন দেশে বাড়িতেছে। বর্তমানে। বিশ্বের ২০ টিরও বেশি দেশ বাণিজ্য ক্ষেত্রে "রুপি" ব্যবহার করিতে সম্মত হইয়াছে। এমনকি কিছু দেশ তাহাদের স্থানীয় লেনদেনেও রুপির ব্যবহার করিতে শুরু করিয়াছে। সম্প্রতি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিদেশ সফরের সময় ফ্রান্স এবং সংযুক্ত আরব আমিরশাহী দেশীয় পেমেন্ট সিস্টেম ইউপিআই চালু করিতে সম্মত হইয়াছে। কিছু দেশ যেমন শুধুমাত্র আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে রুপি ব্যবহার করিবে, তেমনই অন্যদিকে বেশ কয়েকটি দেশ স্থানীয় লেনদেনেও রুপি ব্যবহার করিতে সম্মত হইয়াছে। বাংলাদেশে আবার দ্বি-পাক্ষিক বাণিজ্যের ক্ষেত্রে রুপি ব্যবহারে সম্মত

হইয়াছে।স্থানীয় লেনদেনে রুপি ব্যবহার করা যাইতেছে। এমন তালিকায় নাম রহিয়াছে নেপালের। নেপালে ভারতীয় রুপি বহু আগে থেকেই ব্যবহৃত

হইয়া আসিতেছে। এইবার সেই তালিকায় যোগ

হইয়াছে শ্রীলঙ্কার নামও। শ্রীলঙ্কা স্থানীয় লেনদেনের জন্য ডলার, ইউরো এবং ইয়েনের মতোই ভারতীয় মুদ্রা গ্রহণ করিবার বিষয়ে ভাবনা চিন্তা করিতেছে। ভারতীয় হিসেবে বহু পর্যটক শ্রীলঙ্কায় যান। তাঁহাদের কাছে এটি সুবিধাজনক হিসাবে প্রমাণিত হইতে চলিয়াছে। শ্রীলঙ্কা সরকার এই বিষয়ে গ্রিন সিগন্যাল দিলেই ভারতীয় পর্যটক এবং ব্যবসায়ীদের ঘন ঘন মুদ্রা পরিবর্তন করিতে হইবে না। একই সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক আরও শক্তিশালী হইবে ও লাভজনক হিসাবে প্রতিপন্ন হইবে।'অন্যদিকে, বাণিজ্যিক ভাবে বিভিন্ন দেশে রুপি ব্যবহারের ফলে গুরুত্ব বাড়িবে ভারতীয় রুপির। ফলে ভারতীয় অর্থনীতি যে আরও চাঙ্গা হইবে তাহা বলাই বাহুল্য।

বর্তমানে বিশ্বের কোন কোন দেশ রুপির ব্যবহারে সম্মত ?শ্রীলঙ্কা, বাংলাদেশ ছাড়াও বাণিজ্যের ক্ষেত্রে রুপি ব্যবহার অনুমতি দিয়াছে বোতসোয়ানা, ফিজি, জার্মানি, গুয়েনা, ইসরায়েল, কেনিয়া, মালয়েশিয়া, মায়ানমার, নিউজিল্যান্ড, ওমান, রাশিয়া, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, তাঞ্জানিয়া, উগান্ডা ও ব্রিটেন। ভারতের জন্য এটি অথিব গর্বের বিষয়। ভারতবাসীর হিসাবে আমরা প্রত্যেকেই উল্লসিত। ভারতবর্ষ যে একদিন উন্নয়নের শিখরে পৌছবে তাহা ইতিমধ্যেই প্রমাণিত হইয়াছে। এই উন্নয়নের ধারা অব্যাহত রাখিতে হইবে।

## বিহারের নালন্দায় নলকূপে পড়ে গেল ছোট্ট শিশু, বাইরে বের করার আপ্রাণ চেষ্টায় প্রশাসন

নালন্দা, ২৩ জুলাই (হি.স.): বিহারের নালন্দা জেলায় গভীর নলকুলে পড়ে গেল ছোট্ট একটি শিশু। রবিবার নালন্দা জেলার কুল গ্রামে ছোট্ট একটি শিশু নলকূপের ভিতরে পড়ে যায়, শোনা যাচ্ছে খেলা করার সময় শিশুটি নলকূপের ভিতরে পড়ে যায়। শিশুটিকে বাইরে বের আপ্রাণ চেষ্টায় রয়েছে প্রশাসন।

সার্কেল অফিসার (সিলবা) শম্ভু মন্ডল বলেছেন, আমরা খবর পেয়েছি একটি শিশু নলকূপের ভিতরে পড়ে গিয়েছে। শিশুটিকে উদ্ধার করার জন্য আমরা আপ্রাণ চেষ্টা চালাচ্ছি। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী ও অন্যান্য উদ্ধারকারী দলকে ডাকা হয়েছে। শিশুটি বেঁচে আছে, আমরা তাঁর কথা শুনতে পাচ্ছি।'

## আম্পায়ারের সিদ্ধান্তের প্রতিবাদ করে শাস্তির মুখে হরমনপ্রীত

মুম্বাই, ২৩ জুলাই(হি.স.): ভারত-বাংলাদেশ মহিলা ক্রিকেট দলের তৃতীয় এক দিনের ম্যাচে হরমনপ্রীত আউট হয়ে যাওয়ার পর রাগে ব্যাট দিয়ে উইকেট ভেঙে ছিলেন এবং মাঠ ছেড়ে বেরিয়ে যাওয়ার সময় আম্পায়ারের উদ্দেশ্যে কিছু বলতেও দেখা যায় হরমনপ্রীতকে। কিন্তু ভারত অধিনায়কের এই আচরণ ভালোভাবে নেয় আইসিসি।

যে কারণে আম্পায়ারের সিদ্ধান্তের বিরোধিতা করে বড়সড় শাস্তির মুখে পড়তে চলেছেন হরমনপ্রীত কৌর।

## কোরিয়া ওপেনে বাজিমাত করলেন সাত্বিক-চিরাগ জুটি, জিতলেন সোনা

নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): ব্যাডমিন্টন দুনিয়ায় আলো ছড়াচ্ছেন সাত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেট্টি। এই ভারতীয় শাটলার ""'সা-চি""' জুটি চলতি বছরে চারটি টুর্নামেন্টের ফাইনালে উঠে ৪টিতেই চ্যাম্পিয়ন হয়েছেন।

আজ কোরিয়া ওপেনের ফাইনালে প্রথম গেমে হেরেও বাজিমাত করলেন ভারতের এই 'সা-চি' জুটি। কোরিয়া ওপেন পুরুষদের ডাবলসের ফাইনালে ভারতীয় তারকা শাটলার সাত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেট্টির বিরুদ্ধে নেমেছিলেন ইন্দোনেশিয়ার ফজর আলফিয়ান ও মহম্মদ রিয়ান আর্দিয়ান্তো। ফাইনালে ইন্দোনেশিয়ার এই জুটির কাছে প্রথম গেমে হেরেও ঘুরে দাঁড়ায় ভারতের এই তারকা শাটলার জুটি। শেষ অবধি তিন গেমের লড়াইয়ে ইন্দোনেশিয়ার জুটিকে হারিয়ে সোনা জেতেন সাত্বিক-চিরাগ জুটি।

## প্রাতর্ভমণে গিয়ে ছিঁচকে চোরের হাতে মোবাইল ফোন খোয়ালেন ডিআইজি বিবেকরাজ

গুয়াহাটি, ২৩ জুলাই (হি.স.) : প্রাতর্ভমণে গিয়ে ছিঁচকে চোরের হাতে মোবাইল ফোন খোয়ালেন খোদ ডিআইজি (আইন-শৃঙ্খলা) বিবেকরাজ সিং। ঘটনা আজ রবিবার ভোরসকালে গুয়াহাটির উলুবাড়ি এলাকায় সংগঠিত হয়েছে।

প্রতিদিনের মতো আজ সকালেও রাজ্য পুলিশের সদর দফতর সংলগ্ন উলুবাড়ির রাজপথে প্রাতর্ভমণে বেরিয়েছিলেন ডিআইজি (আইন-শৃঙ্খলা) বিবেকরাজ সিং। সে সময় টর্যাকস্যুট পরে সাদা পোশাকেই ছিলেন তিনি। রাস্তায় করছিলেন জগিং। কিন্তু আচমকা দুরন্ত এক মোটর বাইকার বিবেকরাজের হাত থেকে ছিনতাই করে তাঁর মোবাইল ফোনের দামি হ্যান্ডসেট।

অকস্মাৎ ছিনতাইবজের খপ্পরে পড়ে হতভম্ব হয়ে যান রাজ্য পুলিশের শীর্ষ কর্তা আইন-শৃঙ্খলা রক্ষায় দায়িত্বপ্রাপ্ত খোদ ডিআইজি। ঘটনা সম্পর্কে ভুক্তভোগী ডিআইজি-র কাছে বিস্তারিত জানা য়ায়নি। তবে ঘটনার সত্যতা স্বীকার করেছেন পুলিশের অন্য এক কর্তা।

# রোহিঙ্গা সমস্যা দিন দিন জটিল থেকে জটিলতর হচ্ছে

**হাসান মো. শামসুদ্দীন**

রোহিঙ্গা সমস্যা দিন দিন জটিল থেকে জটিলতর হচ্ছে, প্রতিবছর প্রায় ৩৫ হাজার নতুন শিশুর জন্মের কারণে রোহিঙ্গাদের সংখ্যা বছর বছর বেড়ে চলেছে। কক্সবাজারের ক্যাম্পগুলো অপরাধীদের অভয়ারণ্যে পরিণত হওয়ার পাশাপাশি মাদক, মানব ও অস্ত্র পাচারের কারণে নানা ধরনের নিরাপত্তা হুমকির সৃষ্টি করছে। এ সমস্যা বাংলাদেশ সৃষ্টি করেনি, তবে এটা ক্রমেই আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যায় পরিণত হচ্ছে, যা নিয়ন্ত্রণ সহজ হবে না।

রোহিঙ্গা সংকটে বাংলাদেশের যে কোনো উদ্যোগে পাশে থেকে সমর্থন ও সহায়তা প্রদানের বিষয়ে সৌদি আরব, ইরান, প্যালেস্টাইন, তুরস্ক, কাতার, কুয়েত ও চীন তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। জিসিসি প্লাস ফোরামের সভায় বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের খাদ্যসহ বিভিন্ন সহায়তা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। রোহিঙ্গাদের জন্য ভাসানচরে সম্প্রসারিত সাময়িক আবাসন তৈরিতে বাংলাদেশ এই বন্ধুপ্রতিম দেশগুলোর সহযোগিতা প্রত্যাশা করে। জুনে অনুষ্ঠিত নরওয়ের পররাষ্ট্র মন্ত্রণালয় ও জেনেভাভিত্তিক সেন্টার ফর হিউম্যানিটারিয়ান ডায়ালগ আয়োজিত 'অসলো ফোরাম' সম্মেলনে বাংলাদেশ রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবাসন এবং মিয়ানমারে সশস্ত্র সংঘাতের অবসানের জন্য আসিয়ানসহ আঞ্চলিক দেশগুলোর সক্রিয় ভূমিকা আশা করেছে। ১০০টিরও বেশি আন্তর্জাতিক সংস্থা ও বিশেষজ্ঞরা এ সম্মেলনে অংশ নেন। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য বিভিন্ন দেশ, জাতিসংঘ ও দাতা সংস্থাগুলো ত্রাণ সহায়তা দিয়ে যাচ্ছে। জাপান রোহিঙ্গা ও স্থানীয়দের খাদ্য সহায়তার জন্য বিশ্ব খাদ্য কর্মসূচিকে (ডব্লিউএফপি) ৪ দশমিক ৪ মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে। মিয়ানমারে রোহিঙ্গাদের প্রত্যাবাসনসহ একটি টেকসই সমাধানের লক্ষ্যে জাপান কাজ চালিয়ে যাবে এবং রোহিঙ্গা ও স্থানীয়দের জন্য উন্নত জীবনযাপনের পরিস্থিতি উন্নয়নে ডব্লিউএফপিসহ আন্তর্জাতিক সংস্থাগুলোর সঙ্গে সহযোগিতা করবে। ২০১৭ সালের আগস্টে মিয়ানমারে জরুরি অবস্থার শুরু থেকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য জাপানের সহায়তা অব্যাহত রয়েছে। জাপান ডব্লিউএফপি ও জাতিসংঘের অন্যান্য সংস্থার পাশাপাশি বাংলাদেশে কাজ করা এনজিওগুলোতে ২০০ মিলিয়ন ডলারেরও বেশি সহায়তা দিয়েছে। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি এবং জাপান এক্সটারনাল ট্রেড অর্গানাইজেশন উভয়েরই মিয়ানমারে সরকারি উন্নয়ন প্রকল্প রয়েছে। জাপান বে অফ বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ বেল্টের বিশেষ অর্থনৈতিক অঞ্চল, জ্বালানি খাত এবং যোগাযোগ খাতে আর্থিক প্রতিশ্রুতি বাড়াচ্ছে। সেই সঙ্গে মিয়ানমারে বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং জলবিদ্যুৎ কেন্দ্র পুনর্বাসন প্রকল্পেও উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে। জাপান মিয়ানমারের রাজনীতিতেও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। জাপান সরকার মিয়ানমারকে ২০ মিলিয়ন ডলারেরও বেশি সাহায্য ও উন্নয়ন তহবিল দিয়েছে। দীর্ঘস্থায়ী রোহিঙ্গা সংকট জাপানের জন্য একটি হুমকি এবং এ সংকট সমাধানে জাপান প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।



মিয়ানমারের ওপর চীনের অর্থনৈতিক ও রাজনৈতিক প্রভাব অনেক বেশি। মিয়ানমারে অবকাঠামো এবং জ্বালানি খাতে চীনের ব্যাপক বিনিয়োগ আছে। তাছাড়া চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের গুরুত্বপূর্ণ অংশীদার মিয়ানমার। চীন রাখাইনে গভীর সমুদ্রবন্দর ও অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠাসহ কয়েকশ কোটি ডলার বিনিয়োগ করেছে। রাখাইনের চকপিউ বিশেষ অর্থনৈতিক অঞ্চলের তিনটি বৃহৎ প্রকল্পে চীনের স্বার্থ জড়িত। এর মধ্যে গুরুত্বপূর্ণ প্রকল্প হচ্ছে চকপিউ গভীর সমুদ্রবন্দর। এ বন্দরটি চীনের বেল্ট অ্যান্ড রোড উদ্যোগের জন্য কৌশলগভাবে গুরুত্বপূর্ণ। মধ্যপ্রাচ্য থেকে আমদানি করা তেল বঙ্গোপসাগর হয়ে চকপিউ বন্দরে আসে। রাখাইনের উপকূল থেকে চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ইউনান প্রদেশ পর্যন্ত ৭৭১ কিলোমিটার দীর্ঘ পাইপলাইনের ৫১ শতাংশ মালিকানা চীনের এবং মিয়ানমারের ৪৯ শতাংশ। এ পাইপলাইন দিয়ে ২২ মিলিয়ন টন তেল ও ১২ বিলিয়ন ঘনমিটার প্রাকৃতিক গ্যাস পরিবহণ করা যাবে। বর্তমানে এ পাইপলাইন দিয়ে ১৩ মিলিয়ন টন তেল পরিবহণ করা হচ্ছে। চীনের সহযোগিতায় চকপিউতে ২৩০ কোটি ডলার ব্যয়ে ১০০ হেক্টর এলাকাজুড়ে শিল্পাঞ্চলে কৃষি, ইকোট্যুরিজম এবং শিল্প-কারখানা স্থাপনের কাজ চলমান রয়েছে। এ প্রকল্পগুলো মিয়ানমারের জন্য কর্মসংস্থান তৈরি করবে এবং রাখাইনের অবকাঠামোগত উন্নতিতে অবদান রাখবে। চীন-মিয়ানমার অর্থনৈতিক করিডোর বাস্তবায়নে ভারত মহাসাগর পর্যন্ত রেলসংযোগ, রাখাইনে গভীর সমুদ্রবন্দর নির্মাণ, সীমান্তে বিশেষ অর্থনৈতিক অঞ্চল ও ইয়াঙ্গুনে নতুন নগর প্রকল্পের কাজ বাস্তবায়ন করছে। মিয়ানমারে সামরিক সরকার ক্ষমতা নেওয়ার পরবর্তী এক বছরে দেশটি ৩৮০ কোটি ডলারের বিদেশি বিনিয়োগ অনুমোদন করেছে। এর মধ্যে ২৫০ কোটি ডলার ব্যয় করে একটি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস প্লান্ট করবে চীন। চীনের বিআরআই প্রকল্পগুলো সফলভাবে বাস্তবায়নের জন্য সীমান্ত অঞ্চলে স্থিতিশীলতা প্রয়োজন।

প্রভাবশালী রাষ্ট্রগুলো মিয়ানমারের প্রাকৃতিক সম্পদ এবং কৌশলগত গুরুত্বের কারণে দেশটির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে পারছে না। চীন, জাপান, রাশিয়া ও ভারতের সঙ্গে মিয়ানমারের সম্পর্ক বেশ ভালো। মিয়ানমার দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনৈতিক জোট আসিয়ানের সদস্য এবং আসিয়ানভুক্ত দেশগুলোর সঙ্গেও মিয়ানমারের ভালো সম্পর্ক রয়েছে। অনেক বিশ্লেষক মনে করেন, রোহিঙ্গা সমস্যার সমাধানে আসিয়ান জোট মিয়ানমারের বিরুদ্ধে ব্যবসায়িক কারণে শক্ত কোনো পদক্ষেপ নিচ্ছে না। আসিয়ান এ অঞ্চলের সবচেয়ে কার্যকর অর্থনৈতিক জোট, আসিয়ানের গুরুত্বপূর্ণ সদস্যরাষ্ট্র সিঙ্গাপুর মিয়ানমারে শীর্ষ বিনিয়োগকারী। তাদের বিনিয়োগের পরিমাণ প্রায় ২৪০০ কোটি ডলার। অর্থাৎ মিয়ানমারে বিদেশি বিনিয়োগের প্রায় এক-চতুর্থাংশ সিঙ্গাপুরের বিনিয়োগ। সামরিক অভ্যুত্থানের পর মিয়ানমারের সেনাবাহিনী এবং তাদের কর্মকর্তাদের ওপর আমেরিকা ও ইউরোপের দেশগুলো কিছু নিষেধাজ্ঞা দিলেও পরিস্থিতির তেমন কোনো অগ্রগতি হয়নি। এসবের পেছনে দীর্ঘমেয়াদি বাণিজ্যিক স্বার্থ আছে বলে অনেকে মনে করে, পশ্চিমা দেশগুলো মিয়ানমারকে পুরোপুরি ছেড়ে দিতে চায় না। চীন, থাইল্যান্ড ও সিঙ্গাপুরের পর মিয়ানমারের চতুর্থ ব্যবসায়ী-অংশীদার ইউরোপীয় ইউনিয়ন। উভয় পক্ষের মধ্যে বছরে ২৫০ কোটি ডলারের বেশি বাণিজ্য হয়। মিয়ানমারের সবচেয়ে বড় আয়ের উৎস তেল ও গ্যাস খাত এবং রাজস্ব আয়ের অর্ধেক আসে এ খাত থেকে। মিয়ানমারের বিক্ষোভকারীরা দেশটির তেল-গ্যাস ফান্ডের ওপর নিষেধাজ্ঞা দেওয়ার দাবি তুললেও সেদেশে থাকা পশ্চিমা কোম্পানিগুলো এর বিরুদ্ধে অবস্থান নেয়। এসব আঞ্চলিক ও আন্তর্জাতিক রাজনীতি এবং বাণিজ্যিক স্বার্থের কারণে রোহিঙ্গা সংকটের সমাধান প্রলম্বিত হচ্ছে।

রাখাইনের পরিস্থিতি উন্নত হলে সেখানে কর্মসংস্থানের সৃষ্টি হবে, হিংসা ও বিদ্বেষ কমে আসবে এবং রোহিঙ্গাদের গ্রহণযোগ্যতা বাড়বে। জাতিগত শত্রুতা কমাতে আলোচনার মাধ্যমে রাখাইনে রোহিঙ্গাদের জন্য গ্রহণযোগ্য ক্ষেত্র প্রস্তুত করতে হবে। শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে এ দুই জাতির মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে হবে, যা বহু যুগ ধরে চলে আসছিল। রাখাইনের রাজনীতিকরা বহু বছর ধরে মিয়ানমারের সামরিক বাহিনীর মোকাবিলা করে আসছেন; তারা শিক্ষিত, বুদ্ধিমান ও বাস্তববাদী। তাদের সঙ্গে সুসম্পর্ক স্থাপনের মাধ্যমে নিয়মিত আলোচনা চালিয়ে যেতে হবে। যে ধরনের জাতিগত ঘৃণা ছড়ানোর ফলে এ সমস্যার সৃষ্টি হয়েছিল, তা বন্ধে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। মিয়ানমার সরকার, রাখাইনের জনগণ ও রাজনৈতিক দলগুলো রোহিঙ্গাদের বোঝা মনে না করে রাখাইনের উন্নয়নের সহশক্তি হিসাবে গ্রহণ করলে এ সমস্যা রাজনৈতিক ও সামাজিকভাবে মোকাবিলা করা সম্ভব হবে। এ ধরনের পরিস্থিতি সমাধানে সক্ষম ও অভিজ্ঞতাসম্পন্ন দেশ ও মানবিক সংস্থাগুলোকে এ কাজে এগিয়ে আসতে হবে।

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মিয়ানমারের পরিস্থিতি সম্পর্কে ইতিবাচক ধারণা প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় প্রেষণা দিয়ে মিয়ানমারে ফিরে যেতে প্রস্তুত করতে হবে। রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়ায় এখন ত্রাণ সহায়তা, জরুরি পরিস্থিতি মোকাবিলায় কার্যকর ব্যবস্থা, দীর্ঘমেয়াদি রূপরেখা প্রণয়ন অত্যাবশ্যক। এর পাশাপাশি মিয়ানমারের পরিস্থিতি উন্নয়ন, রোহিঙ্গাদের প্রেষণা প্রদান, রোহিঙ্গারা ফিরে যাওয়ার পর রাখাইনের স্থানীয় জনগণের সঙ্গে সম্পর্ক উন্নয়ন ও গ্রহণযোগ্যতা বাড়ানো এবং তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও আত্মবিশ্বাস বাড়াতে পদক্ষেপ নেওয়ার সময় এসেছে। ক্রমাগত ত্রাণ সহায়তা হ্রাস, বৈশ্বিক অন্যান্য সংকটের কারণে রোহিঙ্গাদের থেকে মনোযোগ সরে গেলে বাংলাদেশের জন্য জটিল পরিস্থিতি সৃষ্টি হবে, যা কাম্য নয়। অভিবাসী রোহিঙ্গা নেতাদের এবং রোহিঙ্গাদের স্বার্থ দেখভাল করা সংস্থাগুলোকে আরও সোচ্চার হতে হবে। তাদের ভূমিকা এখন পর্যন্ত তেমন জোরালোভাবে আন্তর্জাতিক পরিমণ্ডলে পরিচিতি পায়নি। বাংলাদেশ রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবিকতা দেখিয়েছে, বিশ্বের অন্যান্য দেশ ও মানবিক সংস্থাকে এখন তাদের মিয়ানমারে প্রত্যাবাসনের জন্য সক্রিয় উদ্যোগ নিতে হবে। বাংলাদেশের চলমান কূটনৈতিক উদ্যোগের কারণে রোহিঙ্গা সমস্যার সঙ্গে এখন বিশ্বের বিভিন্ন দাতাগোষ্ঠী ও শক্তিধর দেশগুলো জড়িত। আমেরিকা, জাপান, কানাডা, ইইউ'র পাশাপাশি চীনের ভূমিকাও সারা বিশ্বে সুবিদিত। চীন এশিয়া ভূখণ্ডে নতুন কূটনৈতিক সাফল্যের পথে হাঁটছে। এর ধারাবাহিকতায় চীন রোহিঙ্গা প্রত্যাবাসন উপযোগী পরিবেশ সৃষ্টি করে প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু করতে ভূমিকা রাখলে বিশ্ব পরিমণ্ডলে চীনের সফলতা জাজ্বল্যমান হবে। রাজনীতি, অর্থনীতি, সামরিক ও কৌশলগত বিষয়ে চীনের ভূমিকা স্বীকৃতি পাবে।

প্রত্যাবাসন সংক্রান্ত চুক্তিকে কার্যকর এবং প্রক্রিয়া দ্রুত ও সহজ করার জন্য প্রয়োজনে তা পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে সমন্বয় করা যেতে পারে। দীর্ঘ ছয় বছরে এ চুক্তির অগ্রগতির বিষয়টি বিবেচনায় নিয়ে এটাকে বাস্তবমুখী ও বাস্তবায়নযোগ্য করতে হবে। জাতিসংঘ, আন্তর্জাতিক সম্প্রদায় ও দাতা সংস্থাগুলোকে রোহিঙ্গা সমস্যা সমাধানের জন্য মিয়ানমার ও বাংলাদেশে একইসঙ্গে কাজ করতে হবে। সংকট সমাধান না হওয়া পর্যন্ত বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের সাহায্য ও ত্রাণ চলমান রাখতে হবে। কক্সবাজারের ক্যাম্পগুলোর ওপর থেকে চাপ কমাতে হবে। ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তর ও আবাসনে দাতাগোষ্ঠীকে সহায়তার হাত বাড়াতে হবে। কক্সবাজারের নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সহায়তা করতে হবে। রোহিঙ্গাদের আত্মনির্ভরশীল করতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। রোহিঙ্গাদের শিক্ষা নিশ্চিত করে রাখাইনে তাদের ভবিষ্যৎ বিনির্মাণে সেখানে বিনিয়োগকারী দেশগুলোর সঙ্গে সমন্বয়পূর্বক তাদের এ প্রশিক্ষণ কাজে লাগানোর সুযোগ করে দিতে হবে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে সৃষ্ট উদ্বাস্তু সমস্যা পুরো ইউরোপ মিলে মোকাবিলা করছে, আর মিয়ানমার সৃষ্ট এ রোহিঙ্গা সমস্যা বাংলাদেশকে একা মোকাবিলা করতে হচ্ছে। বাংলাদেশের একার পক্ষে এই বৈশ্বিক সমস্যার সমাধান ও অনির্দিষ্টকাল ধরে এ বোঝা বহন করা সম্ভব নয়। একটা জনবহুল ও উন্নয়নশীল দেশ হিসাবে বাংলাদেশকে এ সমস্যা থেকে উত্তরণে সহযোগিতা করার জন্য জাতিসংঘ, বিশ্ব সম্প্রদায় ও দাতা সংস্থাগুলোকে সম্মিলিতভাবে প্রয়োজনীয় সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা নিতে হবে।

# দাবদাহে গোটা বিশ্ব খাদ্য নিরাপত্তার ঝুঁকিতে

**বিশেষ প্রতিবেদন।।** জলবায়ু পরিবর্তনের কারণে বিরূপ আবহাওয়ার কবলে পড়ছে পৃথিবী। দাবদাহের জেরে তাপমাত্রার পারদ ভাঙছে আগের সব রেকর্ড। এমন প্রতিকূল পরিস্থিতিতে খাদ্য উৎপাদন হুমকির মুখে পড়ার ঝুঁকিতে রয়েছে বলে জানিয়েছেন গবেষকেরা। তাঁরা সতর্কবার্তা দিয়েছেন, দাবদাহের কারণে মহাসাগরগুলোও 'নীরব ক্ষতির' মুখে পড়ছে। চোখের আড়ালেই এটা ঘটছে।

চলমান তাপপ্রবাহে নাকাল ইউরোপের জনজীবন। একই অবস্থা যুক্তরাষ্ট্র, কানাডা ও চীনে। চলতি মাসের শুরুতে ইতিহাসের সবচেয়ে উষ্ণ দিন রেকর্ড করা হয়েছে। চলতি বছর সবচেয়ে উষ্ণ বছর হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এসবের জেরে শুধু মানুষই নয়, বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় পৃথিবীর স্থল ও জলভাগও হুমকির মুখে পড়েছে।

বিষয়টি নিয়ে শঙ্কায় রয়েছেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব লিডসের অধ্যাপক জন মারশাম। তিনি বলেন, 'বিশ্বের বিভিন্ন অঞ্চলে খাদ্যশস্যের উৎপাদন ব্যাপক হারে কমে যাওয়ার ঝুঁকি দিন দিন বাড়ছে। খাবারের জোগান ও দামের ওপর এর প্রভাব পড়তে পারে। এই প্রভাব হয়তো আমরা এখন দেখতে পাচ্ছি না। তবে সামনের দশকগুলোয় এটা আমার ভয়ের কারণগুলোর একটি হতে পারে।'

এর আগেও দাবদাহের প্রভাব দেখেছে বিশ্ব। ২০১৮ সালে ইউরোপে তাপপ্রবাহের কারণে ফসলের ব্যাপক ক্ষতি হয়। মধ্য ও উত্তর ইউরোপে ফসলের উৎপাদন ৫০ শতাংশ পর্যন্ত কমে যায়। আর ২০২২ সালে যুক্তরাজ্যে রেকর্ড তাপমাত্রার কারণে চরম ক্ষতির মুখে পড়ে ফল ও সবজির উৎপাদন।

বিজ্ঞানীদের আশঙ্কা, ২০৪০ সাল নাগাদ এমন তাপপ্রবাহের সংখ্যা ১২ গুণ বাড়বে। জলবায়ু পরিবর্তনের কারণে সাগরেও তাপমাত্রা বাড়ছে। এতে সাগরে থাকা মানুষের খাদ্যের উৎসগুলোও হুমকির মুখে পড়ছে। বলা চলে কানাডার প্রশান্ত মহাসাগরের উপকূলজুড়ে ২০২১ সালের



তাপমাত্রা বৃদ্ধির কথা। এর জেরে সেবার সাগরের প্রায় ১০০ কোটি প্রাণীর মৃত্যু হয়েছিল। এ নিয়ে যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ব্রিস্টলের অধ্যাপক ড্যানিয়েল স্মিড বলেন, 'মানুষ সাধারণত সাগরে তাপপ্রবাহের বিষয়ে অতটা চিন্তা করে না। তবে চোখের আড়ালে মহাসাগরগুলো নীরবে মারা যাচ্ছে, এটাই আমাকে মূলত শঙ্কিত করে।'

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# শ্রাবণের ধারাপাতে স্বস্তির আমেজ মহানগরীতে, এখনও জোরালো বৃষ্টি দেখল না দক্ষিণবঙ্গ



কলকাতা, ২৩ জুলাই (হি.স.): বর্ষার বৃষ্টিতে ভিজেই চলেছে কলকাতা এবং সংলগ্ন জেলাগুলি। কখনও টিপটিপ করে বৃষ্টি, আবার কখনও ঝমঝমিয়ে শ্রাবণের বর্ষণ চলছে বিভিন্ন জেলাতেও। আবার রোদও উঠছে মাঝেমধ্যেই। এই পরিস্থিতিতে আপাতত বৃষ্টির পূর্বাভাসই জারি করল আলিপুর আবহাওয়া দফতর। কলকাতা, হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনায় বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে।

গত কয়েক দিন ধরেই কলকাতা-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জেলায় বর্ষার বৃষ্টি চলছে। তবে এখনও পর্যন্ত সে ভাবে জোরালো বর্ষণ দেখেনি কলকাতা।

আবার, বৃষ্টি হলেও গত কয়েক দিনে শহরে অস্বস্তি বজায় ছিল। অবশেষে দক্ষিণবঙ্গের আবহাওয়ার বদল ঘটেছে। মাঝে মধ্যেই কালো মেঘে ঢাকছে শহরের আকাশ। নামছে শ্রাবণের ধারাপাতে। রবিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

## ঐতিহাসিক টেস্টে ধৈর্যের-পরীক্ষা দেখাচ্ছে ওয়েস্ট ইন্ডিজ!

কুইন্সপার্কওভাল, ২৩ জুলাই (হি.স.): তৃতীয় দিনে কুইন্স পার্ক ওভালে ওয়েস্ট ইন্ডিজ ব্যাটাররা ধৈর্যের পরীক্ষা দেখাল। আর এই ধৈর্যের পরীক্ষায় কঠিন কাজটি করে দেখালেন ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক ক্রেগ ব্রেথওয়েট। ভারতের ৪৩৮ রানের জবাবে ওয়েস্ট ইন্ডিজ ৫ উইকেটে ২২৯ রান তুলেছে। এখনো ২০৯ রানে পিছিয়ে। রানের গতি খুবই কম। কিন্তু রানের এই গতি রোহিতদের অস্বস্তি বাড়াচ্ছে। ভারতকে দিনের প্রথম সাফল্য দেন অভিষেককারী বাংলার মুকেশ কুমার। আর এক অভিষেককারি ওয়েস্ট ইন্ডিজের কার্ক ম্যাকেঞ্জিকে তিনি ফেরান। তবে ভারতীয় বোলিংকে চাপে ফেলা ব্রেথওয়েটকে ফেরান অশ্বিন। ২৩৫ বলে ৭৫ রান করেন ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক।

ওয়েস্ট ইন্ডিজের আর এক নির্ভরযোগ্য ব্যাটার জেরমাইন ব্ল্যাকউড ও দূর্দান্ত ডিফেন্স করেছেন। তাঁকে ফেরান রবীন্দ্র জাডেজা। এর জন্য কৃতিত্ব অবশ্যই পাবেন অজিঙ্ক রাহানে। এই আউটের পিছনে ছিল স্লিপে তার চোখ ধাঁধানো ক্যাচ। ৯২ বলে ২০ রান করেন ব্ল্যাকউড। কিপার ব্যাটার জোসুয়া ডিসিলভাকে বোল্ড করেন মহম্মদ সিরাজ। একশো ওভারের পর দ্বিতীয় নতুন বল নেন অধিনায়ক রোহিত শর্মা। নতুন বলে ভরসা দেন মুকেশ। কিন্তু কাজ হয় নি।

দিনের শেষেও ভারতীয় শিবিরে অস্বস্তি বাড়িয়েছে কেরিয়ারের দ্বিতীয় টেস্ট খেলতে নামা অ্যালিক আথানেজ ও অভিজ্ঞ জেসন হোল্ডার জুটি। ইতিমধ্যেই এই দুই জুটি দারুন ডিফেন্স করছেন। আথানেজ ১১১টি ডেলিভারি সামলে দিয়ে ৩৭ রানে ক্রিজে রয়েছেন। আর জেসন হোল্ডার ৩৯ বলে ১১ রানে ক্রিজে রয়েছেন। অবশ্য তৃতীয় দিন সমস্যা তৈরি করেছে বৃষ্টি। ঐতিহাসিক টেস্টে বাকি দু-দিন যদি বৃষ্টি তাড়া করে এবং ওয়েস্ট ইন্ডিজ ব্যাটাররা ধৈর্যের পরীক্ষা দেখায় তাহলে এই ঐতিহাসিক টেস্ট হয়তো ড্রয়ের দিকেই এগোবে।

# ইসলামপুরে আঁটোসাঁটো নিরাপত্তা; বন্ধ দোকানপাট, বিজেপি কর্মীর মৃত্যুতে থমথমে পরিস্থিতি



ইসলামপুর, ২৩ জুলাই (হি.স.): পশ্চিমবঙ্গে হিংসাত্মক ঘটনা থামছেই না, বরং বেড়েই চলেছে। এবার উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরে নিজের দোকানেই কুপিয়ে খুন করা হয়েছে এক যুবককে। ওই যুবক বিজেপি কর্মী বলে দাবি করেছেন বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ। নিহতের নাম অসীম সাহা। ওই যুবককে খুনের প্রতিবাদে রবিবার ইসলামপুরে ১২ ঘন্টার বনধ পালন করছে বিজেপি যুব মোর্চা। এই বনধকে ঘিরে সকাল থেকেই ইসলামপুর শহরে আঁটোসাঁটো করা হয়েছে নিরাপত্তা, শহরের নানা প্রান্তে টহল দিয়েছে নিরাপত্তা বাহিনী। রবিবার সকাল থেকেই ইসলামপুর শহরে দোকানপাট বন্ধ। রবিবারের সকালে বাজারও বসেনি। বিজেপির দাবি, অসীম যুব মোর্চার শহর মণ্ডলের সম্পাদক। বছর সাতাশের যুবক কাজ করতেন মামা রতন সাহার কাপড়ের দোকানে।

অভিযোগ, বেতন বাকি রাখার অপবাদ দিয়ে ব্যবসায়ীকে টাকার জন্য চাপ দিচ্ছিলেন দোকানের পুরনো কর্মচারী। সম্প্রতি তাঁর বন্ধুও বকেয়া আদায়ের নামে তোলা দাবি করে। গতকাল সকালে ব্যবসায়ীর দোকানে হামলা চালায় সাহিল। বাধা দেওয়ায় ব্যবসায়ীর ভাগ্নে অসীম ও তাঁর বন্ধুকে এলোপাথাড়ি কোপায় ওই যুবক। রাতে গুরুতর জখম ব্যবসায়ীর ভাগ্নের মৃত্যু হয় শিলিগুড়ির নার্সিংহোমে। অভিযুক্তরা এখনও অধরা।

## প্রথম টেস্ট উইকেট প্রাপ্তি, সতীর্থদের শুভেচ্ছায় ভাসলেন মুকেশ

পোর্ট অফ স্পেন, ২৩ জুলাই (হি.স.): ক্রিকেটারদের স্বপ্ন অন্তত একটা টেস্ট খেলার। সে স্বপ্ন সফল হয়েছে। এখন স্বপ্ন হল, ভালো খেলে উইকেট নেওয়া। সে স্বপ্নও সফল হল। প্রথম দিন ৪ ওভার বল করার সুযোগ পেয়েছিলেন। পিচ থেকে কোনও সাহায্য পাননি। ব্যাটিং সহায়ক পিচ। ব্যাটার ভুল না করলে উইকেট পাওয়া কঠিন। তৃতীয় দিনও ধারাবাহিক ভাবে নিখুঁত লাইন লেন্থে বল করে গেলেন মুকেশ কুমার। তবে খুব বেশিক্ষণ অপেক্ষা করতে হয়নি। দিনের প্রথম স্পেলের তৃতীয় ওভারেই স্বপ্নপূরণ হল বাংলার মুকেশ কুমারের।

অফস্টাম্পের অনেকটা বাইরের বল। কাট করতে চেয়েছিলেন ওয়েস্ট ইন্ডিজের অভিষেককারী ব্যাটার কার্ক ম্যাকেঞ্জি ধরা দিলেন কিপার ঈশান কিষাণের দস্তানায়। অদ্ভুত কান্ডটি ঘটে গেল। অভিষেককারি বোলার আউট করলেন অভিষেককারি ব্যাটারকে। শুরু হল সেলিব্রেশন। তাঁর সাফল্যে প্রথমেই দৌড়ে এলেন বিরাট কোহলি। তরুণ পেসারের মাথায় হাত রাখলেন বিরাট। একে একে বাকি সতীর্থরাও তাঁর প্রথম উইকেটের সেলিব্রেশনে সামিল হলেন। মুকেশ উইকেট নেওয়ার পরও আবেগে ভেসে যাননি। বরং আরও নিখুঁত হওয়ার চেষ্টা করেছেন। উইকেট সোজা বোলিংয়ে ব্যাটসম্যানকে বিব্রত করেছেন। তাঁর ঝুলিতে আরও উইকেট যোগ হয় কিনা, তারই অপেক্ষা।

# প্রতিকূল আবহাওয়াতেও চলছে সন্ধান; চতুর্থদিনে পড়ল উদ্ধারকাজ

রায়গড়, ২৩ জুলাই (হি.স.): মহারাষ্ট্রের রায়গড়ে ভূমিধস কবলিত এলাকায় রবিবার চতুর্থ দিনে পড়ল তল্লাশি ও উদ্ধারকাজ। প্রবল বৃষ্টি ও প্রতিকূল আবহাওয়ার মধ্যেও তল্লাশি অভিযান চালিয়ে যাচ্ছেন জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (এনডিআরএফ) ও অন্যান্য উদ্ধারকারী দলের সদস্যরা। পুলিশ ও প্রশাসন সূত্রের খবর, এখনও কমপক্ষে ৮০ জন নিখোঁজ রয়েছেন। তবে, প্রবল বৃষ্টি ও প্রতিকূল আবহাওয়ার কারণে সেখান থেকে জীবিত আর কারও উদ্ধারের সম্ভাবনা প্রায় নেই বললেই চলে।

মহারাষ্ট্রের রায়গড় জেলার ইরশালবাদী নামের ছোট্ট গ্রামটির জনজীবনে বুধবার রাত থেকে কার্যত নেমে এসেছিল হাহাকার। ধসে চাপা পড়ে গ্রামের ৪৮টি বাড়ির মধ্যে ১৭টি। লাগাতার বৃষ্টিতে বিপর্যয় আরও বেড়েছে। বুধবার শেষ রাতে হঠাৎ ভূমিধসে প্রায় নিশ্চিহ্ন হয়ে যাওয়া ইরশালবাদী গ্রামে প্রায় সঙ্গে সঙ্গেই উদ্ধারকাজ শুরু হয়। যে জায়গায় ধস নেমেছিল, সেখান থেকে এখনও পর্যন্ত ২৭টি মৃতদেহ উদ্ধার হয়েছে।

আবহাওয়া খারাপ থাকায় শনিবার স্থানীয় প্রশাসনের সঙ্গে আলোচনার ভিত্তিতে তল্লাশি স্থগিত রাখা হয়। রবিবার সকাল থেকে পুনরায় শুরু হয়েছে উদ্ধারকাজ।

# বৃষ্টিতে ব্যাপক ক্ষয়ক্ষতি উত্তরকাশিতে; ৫০টি বাড়ি ক্ষতিগ্রস্ত, ৪০টি গ্রামে বিদ্যুৎ নেই

উত্তরকাশি, ২৩ জুলাই (হি.স.): বৃষ্টি দুর্যোগে ব্যাপক পরিমাণে ক্ষয়ক্ষতি হয়েছে উত্তরাখণ্ডের উত্তরকাশি জেলায়। ভারী বৃষ্টিতে উত্তরকাশি জেলার পুরোলা, বারকোট ও দুন্দায় ৫০টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ৪০টি গ্রামে বিদ্যুৎ নেই, ক্ষতিগ্রস্ত হয়েছে বহু রাস্তা। রবিবার সকালে উত্তরকাশির জেলাশাসক অভিষেক রোহিলা বলেছেন, ভারী বৃষ্টির কারণে উত্তরকাসি জেলার পুরলা, বারকোট এবং দুন্ডায় ৫০টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলার ৫০টি সড়ক বন্ধ রয়েছে। প্রায় ৪০টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এবং ৪০০টির বেশি কৃষি জমির ড্রেন ভেসে গিয়েছে।

উত্তরকাশির এসপি অর্পণ যদুবংশী বলেছেন, আরাকোট বাজারের কাছে প্রবল ভূমিধসের কারণে আরাকোট-হিমাচল প্রদেশ সড়ক অবরুদ্ধ হয়ে পড়েছে। বৃষ্টির সতর্কতার পরিপ্রেক্ষিতে যাত্রীদের আপাতত তাঁদের গঙ্গোত্রী-যমুনোত্রী যাত্রা স্থগিত করা উচিত বলে মন্তব্য করেছেন তিনি।

# স্বাধীনতা সংগ্রামে আজাদ ও তিলকের অবদান সর্বদা দেশবাসীকে অনুপ্রাণিত করবে : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): স্বাধীনতা সংগ্রামী চন্দ্র শেখর আজাদ এবং বাল গঙ্গাধর তিলককে তাঁদের জন্মবার্ষিকীতে সশ্রদ্ধ চিত্তে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার সকালে এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী জানান, স্বাধীনতা সংগ্রামে আজাদ ও তিলকের অবদান সর্বদা দেশবাসীকে অনুপ্রাণিত করবে। তিনি টুইটে লেখেন, 'দেশের মহান পুত্র, চন্দ্রশেখর আজাদকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধার্ঘ্য। মাতৃভূমিকে রক্ষা করার জন্য তাঁর আত্মত্যাগের গল্প সর্বদা দেশের মানুষকে অনুপ্রাণিত করবে।'

হিন্দিতে আরেকটি টুইটে প্রধানমন্ত্রী জানান, 'দেশের অমর যোদ্ধা লোকমান্য তিলককে, যিনি ''পূর্ণ স্বরাজ''-এর দাবিতে বিদেশি শাসনের ভিত কাঁপিয়ে দিয়েছিলেন, তাঁর জন্মবার্ষিকীতে প্রণাম।

স্বাধীনতা আন্দোলনে তাঁর সাহস, সংগ্রাম এবং উৎসর্গের গল্প দেশের মানুষকে সবসময় অনুপ্রাণিত করবে।'

## হিন্দন নদীর জলস্তর বৃদ্ধিতে নয়ডার কিছু অংশে বন্যা পরিস্থিতি, চিন্তায় প্রশাসন

নয়ডা ও কানপুর, ২৩ জুলাই (হি.স.): হিন্দন নদীর জলস্তর বৃদ্ধির কারণে উত্তর প্রদেশের নয়ডার কিছু অংশে বন্যার মতো পরিস্থিতি তৈরি হয়েছে। ইতিমধ্যেই নদী সংলগ্ন বাড়িগুলি প্লাবিত হয়েছে। নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে সেখানকার মানুষজনকে। শুধুমাত্র হিন্দন নদী নয়, উত্তর প্রদেশের কানপুরে জলস্তর বাড়ছে গঙ্গা নদীরও। স্বাভাবিকেই চিন্তার মধ্যে রয়েছে প্রশাসন। অতিরিক্ত পুলিশ কমিশনার সুরেশরাও কুলকার্নি বলেছেন, নয়ডার হিন্দন নদীর জলস্তর বেড়ে যাওয়ায় আশেপাশের বাড়িঘর প্লাবিত হয়েছে। নিচু এলাকার কিছু বাড়িতে জল ঢুকেছে...সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে মানুষজনকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এই মুহূর্তে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং আমরা জলস্তর পর্যবেক্ষণ করছি এবং এ বিষয়ে সচেতনতা ছড়িয়ে দিচ্ছি। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, 'প্রায় ৫-৬ দিন ধরে এলাকায় জল জমে রয়েছে। ঘরে ঘরে জল ঢুকছে। কিছু মানুষ এখনও এখানে রয়েছে, কেউ কেউ অন্যত্র চলে গিয়েছেন। এদিকে, রবিবার সকালে দেখা যায় উত্তর প্রদেশের কানপুরে জলস্তর বাড়ছে গঙ্গা নদীরও।

# প্রবল বৃষ্টিতে জলের তলায় জুনাগড় ও আহমেদাবাদ, ভারী বর্ষণের সতর্কতা গুজরাটে



আহমেদাবাদ, ২৩ জুলাই (হি.স.): বর্ষায় বিধ্বস্ত উত্তর এবং পশ্চিম ভারত। গুজরাটেও একনাগাড়ে বৃষ্টি হয়েই চলেছে। বৃষ্টির জেরে দেখা দিয়েছে হড়পা বানও। বর্ষার জলে ডুবে অন্তত তিন জনের মৃত্যু হয়েছে। ভারী বৃষ্টিপাতের পর রবিবার সকালে দেখা যায় গুজরাটের জুনাগড়, আহমেদাবাদে শুধু জল আর জল, কোথাও কোথাও বাড়িতেই ঢুকে গিয়েছে জল। রাস্তায় জল জমে যাওয়ায় শ্লথ গতিতে চলাচল করছে যানবাহন। স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।

দক্ষিণ গুজরাট এবং সৌরাষ্ট্র এলাকায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি হয়েছে। ফলে সংলগ্ন নদী এবং বাঁধের জল বেড়ে গিয়েছে। বিপদসীমার কাছাকাছি পৌঁছে গিয়েছে একাধিক নদী। নিচু এলাকাগুলি সেই জলে ভেসে গিয়েছে। প্লাবিত শহরাঞ্চলের অধিকাংশ রাস্তাঘাটও। বৃষ্টিতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে নভসারি এবং জুনাগড়। হড়পা বানের স্রোতে জুনাগড় শহরে দাঁড়িয়ে থাকা গাড়ি থেকে শুরু করে গবাদি পশু, চোখের নিমেষে ভেসে গিয়েছে সব।

## বীরভূমের সাঁইথিয়ায় খুন বৃদ্ধা, নিথর দেহ উদ্ধারের পর তদন্তে পুলিশ

বীরভূম, ২৩ জুলাই (হি.স.): বীরভূম জেলার সাঁইথিয়ায় খুন হলেন এক বৃদ্ধা। রবিবার বাড়ির ভিতর থেকে বিবস্ত্র অবস্থায় ৬২ বছরের ওই বৃদ্ধার দেহ উদ্ধার করেছে পুলিশ। মৃতার মুখে গামছা বাঁধা ছিল বলে জানিয়েছে পুলিশ। ওই বৃদ্ধা বাড়িতে একাই থাকতেন বলে জানা গিয়েছে।

গ্রামবাসীরা জানিয়েছেন, শনিবার রাতে বাড়ি সংলগ্ন এক প্রতিবেশীর বাড়িতে ছিলেন তিনি। সেই বাড়িতেও তিনি একাই ছিলেন বলে জানা গিয়েছে। সেখানেই বিবস্ত্র অবস্থায় দেহটি পড়ে থাকতে দেখেন গ্রামবাসীরা। গ্রামবাসীদের কাছ থেকে খবর পেয়েই ঘটনাস্থলে গিয়ে দেহটি উদ্ধার করে পুলিশ। ময়নাতদন্তের জন্য বৃদ্ধার দেহ নিয়ে যাওয়া হয়েছে হাসপাতালে।

# ভারতে ৪০-এ পৌঁছল দৈনিক সংক্রমণ; আরোগ্যের হার ঊর্ধ্বমুখীই, করোনায় ফের মৃত্যু-শূন্য



নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ৫০-এর নীচেই রয়েছে, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৪০ জন। শনিবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১, ৪৬৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৫।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬১,৮৮৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। মোট আক্রান্তের সংখ্যা ৪,৪৯,৯৫,২৬৪। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৪৩৭ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৫০,৩৮৭ জন।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২২ জুলাই সারা দিনে ভারতে ৪১,১২৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

# মধ্যপ্রদেশের নরসিংহপুরে লাইনচ্যুত মালগাড়ি, ১০ ঘন্টা পর স্বাভাবিক রেল পরিষেবা

জব্বলপুর, ২৩ জুলাই (হি.স.): মধ্যপ্রদেশের নরসিংহপুর জেলায় লাইনচ্যুত হয়ে গেল একটি মালগাড়ি। এই ঘটনায় কেউ হতাহত হননি, তবে প্রায় ১০ ঘন্টা রেল পরিষেবা বিঘ্নিত হয়েছে। প্রায় ১০ ঘন্টা পর রবিবার স্বাভাবিক হয়েছে রেল পরিষেবা। পশ্চিম-মধ্য রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক রাহুল শ্রীবাস্তব বলেছেন, শনিবার রাত ১১.৩০ মিনিট নাগাদ নরসিংহপুর ও কারেলি স্টেশনের মাঝে লাইনচ্যুত হয়ে যায় একটি মালগাড়ি। এই ঘটনায় কেউ হতাহত হননি।

এই রেল দুঘটনায় কেউ হতাহত না হলেও, জব্বলপুর-ইতারসি আপ লাইনে রেল পরিষেবা বিঘ্নিত হয়েছে। প্রায় ১০ ঘন্টা বিঘ্নিত হয় রেল পরিষেবা, ১০ ঘন্টা পর রেল পরিষেবা স্বাভাবিক হয়েছে। কী কারণে এই দুর্ঘটনাটি ঘটেছে, তা জানতে তদন্তের নির্দেশ দিয়েছে রেল।

## বিধানসভা নির্বাচনকে মাথায় রেখেই রাজস্থানে ন্যূনতম আয়ের বিল আনা হয়েছে : মায়াবতী

লখনউ, ২৩ জুলাই (হি.স.): রাজস্থানের অশোক গেহলট সরকারকে তীব্র আক্রমণ করেছেন বহুজন সমাজ পার্টির প্রধান মায়াবতী। রবিবার কটাক্ষ করে মায়াবতী বলেছেন, রাজস্থান সরকার দ্বারা পাস হওয়া ন্যূনতম গ্যারান্টিযুক্ত আয় বিল বিধানসভা নির্বাচনের আগে নিজস্ব 'রাজনৈতিক স্বার্থে' আনা হয়েছে।

গত শুক্রবার রাজস্থানের জন্য একটি কল্যাণ প্যাকেজের অংশ হিসাবে সমস্ত প্রাপ্তবয়স্ক নাগরিকদের ন্যূনতম গ্যারান্টিযুক্ত আয় প্রদানের জন্য একটি বিল পাস করেছে রাজস্থান বিধানসভা। এই বিলের সমালোচনা করে রবিবার মায়াবতী বলেছেন, 'গেহলট সরকার গোটা মেয়াদ জুড়ে ''''কুম্ভকর্ণ''''-এর মতো ঘুমিয়েছিল এবং অভ্যন্তরীণ রাজনৈতিক উত্থান-পতনে জড়িয়ে পড়েছিল, অন্যথায় জনকল্যাণ, দারিদ্র্য, বেকারত্ব, পশ্চাদপদতা সম্পর্কিত অনেক কাজ সরকার জনস্বার্থে আরও আগে শুরু করতে পারত।' মায়াবতী জোর দিয়ে বলেন, বিধানসভা নির্বাচনকে মাথায় রেখেই রাজস্থানে ন্যূনতম আয়ের বিল আনা হয়েছে।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## চিনাবাদাম না ভেজানো কাঠবাদাম, কার পুষ্টিগুণ বেশি?

বাড়িতে বাদাম ভাজা রাখার উপায় নেই। ঘুরতে-ফিরতে মুখে পুরে নেওয়ার অভ্যাস রয়েছে অনেকেরই। আবার যেমন, শনিবার অনেক দফতরেই "হাফ ছুটি"। অফিস থেকে বেরিয়ে দুপুর-বিকেল নাগাদ ১০ টাকার বাদাম ভাজা খেতে খেতে নন্দন চত্বরে ঢুঁ মারতে ভালবাসেন অনেকেই। রাস্তার এগরোল, চাউমিন, মোমো না খেয়ে সস্তায় পুষ্টিকর খাবার বলতে শুকনো খোলায় ভাজা বাদাম অনেকেরই প্রিয়।

খোলা ছাড়ানো ২৫০ গ্রাম বাদাম ভাজার দাম মাত্র ৬০ টাকা।

আবার স্বাস্থ্য সচেতন যাঁরা, তাঁদের কাছে কাঠবাদামের গ্রহণযোগ্যতা বেশি। সকালে উঠে নিয়মিত ভেজানো কাঠবাদাম খেলে রক্তে "খারাপ" কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে থাকে। হাড়ের জোর বাড়িয়ে তুলতেও সাহায্য করে এই বাদাম। তবে সকলের পক্ষে এই বাদাম কেনা সম্ভব নয়। বাজারে বিভিন্ন মানের কাঠবাদাম পাওয়া যায়। কোনওটি মিষ্টি, কোনওটি আবার সামান্য কষা। এই মানের উপর নির্ভর করে দাম। খোলা বাজারে বা অনলাইনে প্রায় ৭০০ থেকে ১২০০ টাকা কেজি দরে পাওয়া যায় কাঠবাদাম। তবে পুষ্টিগুণের দিক থেকে সবচেয়ে ভাল ক্যালিফোর্নিয়ার কাঠবাদাম। অবশ্য কাশ্মীরের দেশি মামরা বাদামও কিন্তু যথেষ্ট উপকারী। বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, এই বাদাম ১০০ শতাংশ কোলেস্টেরল মুক্ত। কিন্তু পুষ্টিগুণের দিক থেকে কোন বাদামটি ভাল, জানেন?

১) প্রোটিন

দু'ধরনের বাদামেই যথেষ্ট পরিমাণে উদ্ভিজ্জ প্রোটিন মজুত রয়েছে। পুষ্টিবিদেরা বলছেন, ১০০ গ্রাম চিনাবাদামে প্রোটিনের পরিমাণ ২৫ গ্রাম। অন্য দিকে, ওই একই পরিমাণ কাঠবাদাম থেকে প্রোটিন পাওয়া যায় ২১ গ্রামের মতো।

২) ভিটামিন

চিনাবাদামে "নায়াসিন", "ফোলেট" এবং "থায়ামিন"-এর মতো "বি ভিটামিন"-এর পরিমাণ অনেক বেশি। যা আমাদের স্নায়বিক কাজকর্ম সচল রাখতে সাহায্য করে। পাশাপাশি, কাঠবাদামে রয়েছে ভিটামিন ই। যা ত্বক, চুল ভাল রাখার পাশাপাশি প্রতিরোধ ব্যবস্থাও উন্নত করতে সাহায্য করে।

৩) ফ্যাট

দু'ধরনের বাদামেই মোনোআনস্যাচুরেটেড এবং পলিআনস্যাচুরেটেড ফ্যাট রয়েছে যথেষ্ট পরিমাণে। যা হার্ট ভাল রাখতে সাহায্য করে।

৪) খনিজ

ম্যাগনেশিয়াম, পটাশিয়ামের মতো খনিজ দুই রকম বাদামেই রয়েছে। এই খনিজগুলি উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। দেহের পেশির গঠন এবং কর্মকাণ্ডের জন্যও দায়ী খনিজ।

৫) অ্যান্টি-অক্সিড্যান্ট

কালো আঙুরের মধ্যে "রেসভিরেট্রল" নামক যে অ্যান্টি-অক্সিড্যান্ট রয়েছে, সেই একই যৌগ রয়েছে চিনাবাদামে। কালো আঙুরের দাম, চিনাবাদামের তুলনায় অনেকটাই বেশি। অন্য দিকে, কাঠবাদামে রয়েছে ফ্ল্যাভোনয়েড, যা হার্টের স্বাস্থ্য ভাল রাখে। "অক্সিডেটিভ স্ট্রেস"ও নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে।



## পা বলে দেবে শরীরে কোলেস্টেরলের উপস্থিতি

আমরা সাধারণত ক্রমবর্ধমান ওজন এবং পেটের চর্বি সহ উচ্চ কোলেস্টেরল সনাক্ত করি, তবে এটি অন্যান্য অনেক উপায়েও সনাক্ত করা যেতে পারে। এটি এক ধরনের চর্বি যা উতপাদনে লিভার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

শরীরে উতপন্ন খারাপ কোলেস্টেরল ডায়াবেটিস এবং হার্ট অ্যাটাকের মতো সমস্যা তৈরি করে। জেনে অবাক হবেন যে উচ্চ কোলেস্টেরলের লক্ষণ পায়েও দেখা যায়, তাই কিছু লক্ষণ একেবারেই উপেক্ষা করা উচিত নয়।

পায়ে উচ্চ কোলেস্টেরলের লক্ষণগুলি কীভাবে দেখা যায়?

ঠান্ডা পা

শীতকালে পা ঠাণ্ডা হওয়া একটি সাধারণ ব্যাপার, কিন্তু গরমের সময়ও যদি এমনটা হয়, তাহলে বুঝবেন বড় কিছু ভুল হচ্ছে। এটি শরীরে উচ্চ কোলেস্টেরলের লক্ষণ হতে পারে। এই পরিস্থিতিতে, অবিলম্বে একটি চেকআপ করা উচিত।

পায়ের ত্বকের রঙের পরিবর্তন

উচ্চ কোলেস্টেরলের কারণে পায়ে রক্ত সরবরাহও ক্ষতিগ্রস্ত হয়, যার প্রভাব পায়ে স্পষ্ট দেখা যায়। রক্তের অভাবে পায়ের চামড়া ও নখের রং পরিবর্তন হতে থাকে কারণ রক্তের মাধ্যমে অক্সিজেন ও পুষ্টি সরবরাহে বাধা সৃষ্টি হয়।

পায়ে ক্র্যাম্প

রাতে ঘুমানোর সময় অনেকের পায়ে ব্যথা হয়, যা উচ্চ কোলেস্টেরলের একটি সাধারণ লক্ষণ। এর মানে হল আপনার শরীরের নীচের অংশের স্নায়ুগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে। পা ছাড়াও তর্জনী, গোড়ালি বা পায়ের আঙ্গুলেও ক্র্যাম্প থাকে যা আমাদের ঘুমের উপরও প্রভাব ফেলে।

পায়ে ব্যথা উচ্চ কোলেস্টেরলের কারণে পায়ে রক্ত সরবরাহে বাধা সৃষ্টি হলে এবং সেখানে অক্সিজেন ঠিকমতো না পৌঁছালে প্রচণ্ড ব্যথা হতে পারে। পায়ে ভারী এবং ক্লান্তি অনুভূতি আছে। এমন অবস্থায় সাধারণ হাঁটাও সহজ নয়।





## ফুল ফুটল মহাকাশে




মহাকাশে প্রথম ফুল ফুটল। আন্তর্জাতিক স্পেস স্টেশনে গাঢ় কমলা রঙের জিনিয়া ফুল ফুটল। ১৩ জুন এই ছবি প্রকাশ্যে আনে নাসা। ১৯৭০ থেকে মহাকাশে উদ্ভিদ গবেষণা করছে নাসা। ১৯৫০এ কেজেল লিন্ডগ্রেন স্পেস স্টেশনে কৃষির দায়িত্ব নেন। ১৬ জানুয়ারি, ২০১৬ প্রথম জিনিয়া ফোটে মহাকাশে। সেই ছবি প্রকাশ করেনি নাসা। তারা গাছের ওপরে মাইক্রোগ্র্যাভিটির প্রভাব নিয়ে আরও গবেষণা চালান। তার সাত বছর পর মহাকাশে ফোটা ফুলের ছবি দিল নাসা।

ইতিমধ্যে মহাশূন্যে টমেটো ও লেটুস ফলিয়েছে নভোশ্চররা।

তবে কি এবার সবজি চাষ হবে? মঙ্গল বা চাঁদে মহাকাশচারীদের দীর্ঘদিন থাকতে হলে খাদ্যের জোগান দেবে এই মহাকাশের কৃষি। এর আগেও অতীতে চিন মহাশূন্যে চাঁদের কক্ষপথে ধান চাষ করার চেষ্টা করে। কিন্তু সেই গবেষণায় তারা ব্যর্থ হয়।

## ১০ বছর বয়সেই ৫০টি দেশ ঘুরে ফেলেছে খুদে







বিশ্বভ্রমণের স্বপ্ন অনেকেই দেখেন, তবে সেই স্বপ্নপূরণ হয় ক'জনের? আর্থিক ভাবে পেরে ওঠেন না কেউ কেউ, অনেকে আবার দৈনন্দিন ব্যস্ততা থেকে সময় বার করে দেশ-বিদেশে ভ্রমণ করতে পারেন না। তবে দশ বছরের খুদে অদিতি ত্রিপাঠি কিন্তু ইতিমধ্যেই ৫০টি দেশ ভ্রমণ করে ফেলেছে। লন্ডনের গ্রিনউইচের বাসিন্দা অদিতি আদতে প্রবাসী ভারতীয়।তার বয়সি আর পাঁচ জন খুদে যখন নিজেদের ডায়েরিতে বিদেশভ্রমণের তালিকা তৈরি করে, অদিতির তখন বিদেশবিভুঁইয়ে ব্যস্ত।

তবে বিদেশভ্রমণের জন্য কিন্তু সে এক দিনও স্কুল কামাই করেনি। ভাবছেন তো সেটা কী করে সম্ভব হল? ঘুরতে যাওয়ার জন্য অদিতির পড়াশোনার কোনও ক্ষতি হোক সেটা মোটেই চান না অদিতির বাবা-মা, দীপক আর অভিলাষা। তাই জন্য স্কুলের লম্বা ছুটির দিনগুলি যেমন শীতকালীন ছুটি, গ্রীষ্মকালীন ছুটি এবং শনি-রবিবারের সঙ্গে যদি কোনও ছুটির দিন পরে যায়, সেই দিনগুলিতে ঘুরতে যাওয়ার পরিকল্পনা বানিয়ে ফেলেন অদিতির বাবা-মা। শুক্রবার স্কুল ছুটির পর প্লেনে চড়েন তাঁরা, আবার যে দিন স্কুল খোলে সরাসরি বিমানবন্দর থেকে স্কুলে চলে যায় অদিতি। তিন বছর বয়সে নার্সারি স্কুলে পড়ার সময় থেকেই অদিতি দেশ-বিদেশে ঘুরছে। কোভিড শুরু হওয়ার আগে এক বছরে অদিতির পরিবার একসঙ্গে মোট ১২টি দেশে ভ্রমণ করেছিল। নেপাল, ভারত আর তাইল্যান্ডের বিভিন্ন রকম সংস্কৃতি মুগ্ধ করছে অদিতিকে। ইতিমধ্যেই এশিয়া আর ইউরোপের বেশির ভাগ দেশ ঘুরে ফেলেছে অদিতি। বিদেশ ভ্রমণের জন্য পয়সা জোগাড় করতে রোজকার জীবন খুবই আড়ম্বরহীন ভাবে কাটান অদিতির বাবা-মা। অদিতির বাবা-মার "ওয়ার্ক ফ্রম হোম" কাজ, অর্থাতবাড়িতেই বসেই অফিসের কাজ করতে পারেন তাঁরা। তাই বিশ্বের যে কোনও প্রান্ত থেকেই কাজ করতে অসুবিধা হয় না তাঁদের। মেয়ের সঙ্গে দেশ-বিদেশে ঘোরা, সেখানকার খাবার চেখে দেখা তাঁদের নেশা বলা যায়।

## জিম করতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু হল ফিটনেস ইনফ্লুয়েন্সার

জিম করতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু হল ফিটনেস ইনফ্লুয়েন্সার জাস্টিন ভিকির। ১৫ জুলাই ইন্দোনেশিয়ার বালিতে একটি জিমে ভারী ওজন তুলতে গিয়েই প্রাণ গেল জাস্টিনের। ২১০ কেজির ওজন নিয়ে স্কোয়াট প্রেস করতে গিয়ে ৩৩ বছর বয়সি যুবকের শরীরে অস্বস্তি শুরু হয়। সেই ভার নিয়ে আর সোজা হয়ে দাঁড়াতে পারছিলেন না জাস্টিন, কোনও রকমে ঘাড়ের পিছন দিকে ওজন ফেলে দিয়ে ভারসাম্য হারিয়ে ফেলেন তিনি।

পিছনেই দাঁড়িয়েছিলেন জাস্টিনের স্পটার (জিমে ওজন তোলার সময়ে যিনি দেখাশোনার দায়িত্বে থাকেন)। স্পটারের গায়েই বেসামাল হয়ে পড়ে যান জাস্টিন। ভারী ওজন তোলার কারণে ঘাড়ে চোট লাগে তাঁর। চাপের কারণে হৃদ্যন্ত্র ও ফুসফুস সংলগ্ন স্নায়ুও ক্ষতিগ্রস্ত হয়। অচেতন অবস্থায় জাস্টিনকে হাসপাতালে ভর্তি করা হয়। অস্ত্রোপচার চলাকালীন মৃত্যু হয় সমাজমাধ্যম প্রভাবীর। জাস্টিনের মৃত্যুতে শোকস্তব্ধ তাঁর অনুরাগীরা।

সমাজমাধ্যমে ফিটনেস নিয়ে নানা রকম ভিডিয়ো বানাতেন জাস্টিন। তাঁর অনুরাগীর সংখ্যাও বেশ ভালই। সমাজমাধ্যমে ভিডিয়ো বানানো ছাড়াও জিমে প্রশিক্ষক হিসাবে কাজ করতেন তিনি।

জিমে গেলে মাঝেমধ্যে চোট-আঘাত লাগতে পারে, তবে সেই চোট-আঘাতকে উপেক্ষা না করে চিকিৎসকের পরামর্শ নেওয়া ভীষণ জরুরি। না হলে বড় বিপদ হতে পারে। ভারী ওজন তোলার সময়ে আরও বেশি সতর্ক থাকতে হবে, নিজে যতই দক্ষ হোন না কেন, ওজন তোলার সময়ে অব্যশই এক জন সহকারীর সাহায্য নিন।

## হজমজনিত সমস্যায় ভোগেন

বলিপাড়ায় কান পাতলে শরীরসচেতন নায়িকা হিসাবে যাঁর নামে শোনা যায়, তিনি শিল্পা শেট্টি। ৪৫ পার করেও তিনি চেহারায় বয়সের ছাপ পড়তে দেননি। ছিপছিপে, মেদহীন চেহারার শিল্পা তাই অনেকের অনুপ্রেরণা। শিল্পা সমাজমাধ্যমে বেশ সক্রিয়, তাই নায়িকার ইনস্টাগ্রাম ঘাঁটলে জানা যায় যোগাসনের প্রতি তাঁর ভালবাসার কথা।

বয়স ধরে রাখতে তিনি চোখবন্ধ করে ভরসা রাখেন শরীরচর্চার উপর। সেই সঙ্গে কড়া ডায়েট তো আছেই। তবে নায়িকা মনে করেন, ওজন নিয়ন্ত্রণে রাখা সুস্থ থাকার একমাত্র পথ নয়। নানা রোগবালাইয়ের সঙ্গে লড়াই করার জন্য চাই প্রতিরোধ ক্ষমতা। সেই ক্ষমতা বাড়িয়ে তুলতে শিল্পা এক বিশেষ পানীয়ের খোঁজ দিয়েছেন।

ঘরোয়া টোটকায় বরাবরই ভরসা রাখেন শিল্পা। শরীরচর্চা আর ডায়েট করার পাশাপাশি ওজন কমানোর ক্ষেত্রে হজমক্ষমতা শক্তিশালী হওয়া জরুরি। হজম ঠিকঠাক না হলে শত চেষ্টা করেও রোগা হওয়া সম্ভব নয়। তাই সে দিকেও শিল্পার কড়া নজর। হজমশক্তি এবং প্রতিরোধ ক্ষমতা উন্নত করতে শিল্পা নিয়ম করে খান সেই বিশেষ পানীয়। শিল্পার মতো ফিট থাকতে চাইলে আপনিও বাড়িতে বানিয়ে নিতে পারেন এই পানীয়। কিন্তু কী ভাবে?

লেবু, আদার টুকরো, হলুদ গুঁড়ো, ১ চামচ মধু, দারচিনি এবং অল্প নুন এগুলি দিয়েই তৈরি করে নিতে পারেন সেই পানীয়। দু'কাপ জলের সঙ্গে গোল করে কাটা লেবু, আদা, হলুদ, মধু, এবং এক চিমটে নুন মিশিয়ে ফুটিয়ে নিন। খালি পেটে নিয়ম করে এই পানীয় খেতে পারেন। দারুণ উপকার মিলবে। মধু এবং হলুদের রয়েছে অ্যান্টিঅক্সিড্যান্ট উপাদান। সেই সঙ্গে আদা এবং লেবু প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তোলে। সংক্রমণের ঝুঁকি কমাতে শিল্পা নিজেও তাই এই পানীয় খান।

## বর্ষায় টবের গাছের যত্ন নেবেন কী ভাবে?

বাহারি গাছ ছোট ছোট টবে পুঁতে বাড়ির বারান্দা সাজিয়েছেন। বৃষ্টি পড়লেই টব দিয়ে ঘেরা বারান্দায় এসে সময় কাটান। সাধের বারান্দা সাজিয়েছেন যে টবগুলি, বর্ষায় সেগুলির চাই বিশেষ যত্ন। বর্ষাকালে টবের যত্ন না নিলে মরে যেতে পারে গাছ। বর্ষায় কী ভাবে নেবেন টবের গাছগুলির যত্ন?

আগাছা পরিষ্কার করুন

বর্ষায় টবের মধ্যে প্রচুর আগাছা জন্ম নেয়। সেই আগাছা থেকে পোকামাকড়ে ঝুঁকি থাকে। তাই টব প্রতি দিন পরিষ্কার করুন। বৃষ্টির জল পেয়ে আগাছা বেড়ে যায়। এই আগাছা মাটির খাদ্যরস শুষে নিয়ে গাছের ক্ষতি করে। তাই বর্ষাকালে নির্দিষ্ট সময় অন্তর আগাছা পরিষ্কার করুন। জমে থাকা জল ফেলুন নিয়ম করে বর্ষাকাল মানেই ঘন ঘন বৃষ্টি। বৃষ্টির জল টবে জমা হতে থাকে। এর ফলে মশার জন্ম হয়। আবার কিছু গাছ রয়েছে যেগুলি বেশি জল সহ্য করতে পারে না। তাই সে দিকে একটু বেশি নজর দেওয়া জরুরি। বৃষ্টি হলেই টবে জমে থাকা জলটি ফেলে দিয়ে পরিষ্কার করুন। টবে অতিরিক্ত জল কখনও জমতে দেবেন না।

রোদে দিন

বর্ষার আকাশে রোদের দেখা পাওয়া মুশকিল। কিন্তু এমন আবহাওয়া যখনই রোদ উঠবে টবগুলি খোলা আকাশের নীচে রাখুন। স্যাঁতস্যাঁতে আবহাওয়া টবের গাছ নেতিয়ে পড়ে। পোকামাকড় ধরার আশঙ্কাও অনেক বেশি থাকে। তাই সুযোগ হলেই রোদে রাখুন টবগুলি। গাছে জল দিন বুঝে বর্ষায় আলাদা করে গাছে জল দেওয়ার দরকার পড়ে না। তাই বর্ষার সময় গাছে বেশি জল দেওয়া উচিত নয়। বিশেষ করে টবের মাটি ভিজে থাকলে আলাদা করে কখনও জল দেবেন না। কারণ জলের পরিমাণ বেশি হলেই গাছ মরে যায়।

মাটির উপর টব নয়

অনেক বাড়িতেই মাটির উপর টব রাখা হয়। তবে বর্ষাকালে তার দরকার পড়ে না। বর্ষায় বৃষ্টির জন্য মাটিতে পিঁপড়ে বা পোকামাকড় বেশি হয়। পরবর্তী কালে টবে বা গাছের গোড়ায় স্থায়ী বাসা বানিয়ে গাছের ক্ষতি করে। তাই বর্ষায় টবের নীচ থেকে মাটি সরিয়ে নিন।



## ইলিশ মাছের নানা পদ



রেস্তরাঁয় তেমন কোনও খাবার খেলে বাড়িতে সেই পদটি অন্তত এক বার হলেও রান্না করার শখ অনেকেরই আছে। ইলিশ ভাপা, ঝাল, বেগুন দিয়ে ঝোল, এমন কত পদই তো খেয়েছেন। কিন্তু ইলিশ মাছ দিয়ে "ফিউশন" কোনও পদ রান্না করার কথা কখনও মাথাতেও আসেনি। কয়েক দিন আগেই শহরেরই এক রেস্তরাঁ থেকে "স্মোক ইলিশ" খেয়েছেন।

সপ্তাহান্তে সেই পদটিই রান্না করতে চান। কিন্তু কী ভাবে করবেন? রইল সেই রেসিপি।

উপকরণ

ইলিশ মাছ: ৪ টুকরো

হলুদ গুঁড়ো: ১ চা চামচ

দই: ৩ টেবিল চামচ

কালো জিরে: আধ চা চামচ

সর্ষের তেল: ৪ টেবিল চামচ

নুন: স্বাদ অনুযায়ী কাঠকয়লা: ২ টুকরো

ঘি: ১ টেবিল চামচ

প্রণালী ১) কড়াইতে তেল গরম হলে কালো জিরে ফোড়ন দিন। ২) এর মধ্যে দিয়ে দিন সামান্য হলুদ গুঁড়ো এবং নুন। জল দিয়ে ফুটতে দিন। ৩) ফুটে উঠলে নুন, হলুদ মাখানো মাছগুলি দিয়ে দিন। উপর থেকে কয়েকটি কাঁচা লঙ্কা ছড়িয়ে দিন। চাপা দিয়ে কিছু ক্ষণ রান্না করুন। ৪) আঁচ কম করে উপর থেকে ফেটানো দই দিয়ে দিন। ৫) এ বার ছোট একটি বাটিতে জ্বলন্ত কাঠকয়লা দিয়ে তার মধ্যে উপর থেকে ঘি দিয়ে, ওই বাটি কড়াইয়ের মধ্যে বসিয়ে দিন। ৬) মিনিট পাঁচেক পর কাঠকয়লার বাটি তুলে গরম গরম পরিবেশন করুন "স্মোক ইলিশ"।

## চায়না খাবারে স্বাদ বাড়াতে কোন টোটকা মেনে চলবেন?

চায়না টাউনের রেস্তরাঁ হোক বা নামী-দামি হোটেল কিংবা পাড়ার মোড়ের ছোট্ট দোকান সেখানে ফ্রায়েড রাইস আর চিলি চিকেন পেলে বেশির ভাগ বাঙালিরই আর কিছু লাগে না। আট থেকে আশি, চিনা পদে না হয় না কারও। তবে রেস্তরাঁর খাবার রোজ রোজ খাওয়া মোটেও ভাল নয়। অনেকেই তাই বাড়িতেই চিনা পদ নিয়ে নানা রকম পরীক্ষা-নিরীক্ষা করেন।

তবে রেস্তরাঁর সেই স্বাদ আর আসে কই। অনেকেই বলেন আজিনামোটো দেওয়া হয় বলেই চিনা খাবারে স্বাদ আসে। কথাটি যদিও ভুল নয়, তবে শরীরের ক্ষতি না করেও কিন্তু চিনা খাবার সুস্বাদু করে বানানো যায়। জেনে নিন এমন পাঁচ টোটকা, যা মেনে চললে রেস্তরাঁর মতো চিনা খাবার বাড়িতেই তৈরি করে নিতে পারেন।

১) বেশির ভাগ চিনা রান্নাতেই সয়া সসব্যবহার করা হয়। এই সসপ্রচণ্ড অ্যাসিডিক প্রকৃতির হয় ও এতে নুনের মাত্রা ভাল পরিমাণে থাকে। তাই চিনা খাবার তৈরিতে সয়া সসব্যবহার করার সময়ে দু'-চার দানা চিনি দিয়ে দিলে রান্নার স্বাদ কয়েক গুণ বেড়ে যায়।

২) ধীমে আঁচে চাইনিজ খাবার করলে তার স্বাদ ভাল হবে না। এই সব পদ রান্না করার সময়ে কড়াই ভাল করে তাঁতিয়ে নিতে হবে। নুডলস সেদ্ধ করার সময়ে বিশেষত রাইস নুডলস তৈরি করার সময়ে গলে গেলে তা খেতে মোটেও ভাল লাগে না। ৩) চিনা খাবারে রঙিন সব্জি বেশি ব্যবহার করা হয়। চাইনিজ ক্যাবেজ, পকচয়, রঙিন বেলপেপার, এই সব সব্জি খুব বেশি ভেজে নিলে স্বাদ খারাপ হয়ে যায়। চিনা খাবার বানানোর সময় সব্জিগুলি খুব বেশি ক্ষণ ভাজবেন না।

৪) আপনি চাইলে সাদা তেলে চিনা খাবার বানাতেই পারেন। তবে রেস্তরাঁগুলিতে কিন্তু চিলি ফিশ, মাঞ্চুরিয়ানের গ্রেভি বানানোর সময়ে তিল তেলের ব্যবহার করা হয়, এতে স্বাদ বেড়ে যায় কয়েক গুণ।

৫) নুডলস সেদ্ধ করার সময়ে বিশেষত রাইস নুডলস তৈরি করার সময়ে বেশ সমস্যা হয় অনেকের। গলে গেলে তা খেতে মোটেও ভাল লাগে না। এ ক্ষেত্রে ফুটন্ত জলে নুন আর সামন্য তেল দিয়ে নুডলস সেদ্ধ করে নিয়ে ঠান্ডা জলে ভাল করে ধুয়ে জল ঝরিয়ে নিন। তবেই খেতে ভাল লাগবে আর একে অপরের গায়ে নুডলসগুলি লেগেও থাকে না।



# ভারত-বাংলাদেশ রেলওয়ে যোগাযোগের উন্নয়ন হচ্ছে



মনির হোসেন,ঢাকা,জুলাই ২৩।। ভারতের রেলওয়ে ব্যবস্থায় ইন্টারসেকশন পয়েন্ট যেগুলো ছিল তার পাঁচটি পুনঃ প্রতিষ্ঠিত হয়েছে। ভারতের সঙ্গে বাংলাদেশের রেল যোগাযোগ ব্যবস্থা ডাবল লাইনে রূপান্তর করা হয়েছে। দুই দেশের যোগাযোগের উন্নয়ন ঘটানো হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশের রেলপথ মন্ত্রী নূরুল ইসলাম সুজন।

রবিবার ঢাকার রেলভবনের সভা কক্ষে এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ সব কথা বলেন। এ সময় বাংলাদেশ রেলওয়ে এবং কেইসি ইন্টারন্যাশনাল লিমিটেড, ভারতের মধ্যে ঢাকা-টঙ্গী সেকশনে তৃতীয় ও চতুর্থ ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণের জন্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। বাংলাদেশ রেলওয়ের পক্ষে নাজনীন আরা কেয়া, প্রকল্প পরিচালক এবং কেইসি ইন্টারন্যাশনাল লিমিটেড পক্ষে শুভ্রজিত জানা চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা।

বাংলাদেশের রেলপথ মন্ত্রী বলেন, স্বাধীনতা যুদ্ধে ভারত যেভাবে আমাদের পাশে ছিল, বাংলাদেশ-ভারতের সে সম্পর্ক রক্তের বাধনে লেখা থাকবে। স্বাধীনতা যুদ্ধে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে রেল যোগাযোগ ব্যবস্থা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভারতের সহযোগিতায় হার্ডিঞ্জ ব্রিজ, তিস্তা ব্রিজ ও ভৈরব ব্রিজের মাধ্যমে রেল যোগাযোগ ব্যবস্থা চালু করেছিলেন।

এ চুক্তির মাধ্যমে ডব্লিউডি-২ ডিজাইন, সরবরাহ, ইনস্টলেশন এবং সাতটি স্টেশনে কম্পিউটারভিত্তিক ইন্টারলক সিগন্যালিং সিস্টেমের পরীক্ষা-কমিশন করা হবে। যার মধ্যে নির্বাচিত লেভেল ক্রসিংগুলির ইন্টারলকিং এবং অপটিক্যাল ফাইবারভিত্তিক টেলিকমিউনিক সিস্টেমের কাজ ও আন্তঃসংযোগভিত্তিক টেলিযোগাযোগ সিস্টেমের জন্য সিগন্যালিং সিস্টেম স্থাপন করা হবে। ঢাকা থেকে চট্টগ্রাম ডাবল লাইন করা হয়েছে। আখাউড়া থেকে আগরতলা, খুলনা থেকে মোংলা, ঢাকা থেকে পদ্মা ব্রিজ হয়ে ভাঙ্গা এবং ঢাকা থেকে কক্সবাজার রেল যোগাযোগ ব্যবস্থা প্রধানমন্ত্রী অচিরেই উদ্বোধন করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন মন্ত্রী। তিনি আরও বলেন, ১৯৭৫ সালের পরে স্বাধীনতা বিরোধীরা কোনো উন্নয়ন করেনি। এমনকি প্রতিবেশী দেশ হিসেবে ভারতের সাথে বৈরি সম্পর্ক ছিল। সম্পর্কের উন্নয়নের কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। দীর্ঘ আন্দোলন সংগ্রামের পর শেখ হাসিনা সরকার গঠনের পর সম্পর্কের উন্নয়ন হয়েছে। ছিটমহল সমস্যা, গঙ্গা চুক্তি, পার্বত্য শান্তিচুক্তিসহ দ্বিপাক্ষিক সমস্যাগুলোর শান্তিপূর্ণ সমাধান হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। এছাড়াও ভারতের সঙ্গে আমাদের রেল যোগাযোগ ব্যবস্থা ডাবল লাইনে রূপান্তর করা হয়েছে।

## শিমলায় ভূমিধসে মৃত্যু দু’’জনের

শিমলা, ২৩ জুলাই (হি.স.): হিমাচল প্রদেশের শিমলায় ভূমিধস ও বন্যায় বিগত ২৪ ঘন্টার মধ্যে প্রাণ হারালেন দু’’জন। এছাড়াও ৩ জনের কোনও খোঁজ পাওয়া যায়নি, ওই ৩ জনের বেঁচে থাকার সম্ভাবনা অনেকটাই ক্ষীণ। এই নিয়ে হিমাচল প্রদেশে চলতি বছর বৃষ্টিজনিত কারণে মোট ১৫৪ জনের মৃত্যু হয়েছে।

প্রশাসন সূত্রের খবর, শিমলার কাছে কোটখাইতে ভূমিধসের পরে এক বয়স্ক নেপালি দম্পতির মৃত্যু হয়েছে, ভূমিধসের কবলে পড়ে তাঁরা কাঁচাবাড়ি। তাতেই দু’’জনের মৃত্যু হয়। খালতু নল্লার (কোটখাই) রাস্তার পাশের বাজারের একটি অংশ ডুবে গিয়েছে এবং বেশ কয়েকটি দোকান-সহ একটি ভবন ধসে পড়েছে। এছাড়াও শিমলার রোহরুর বিশ্বানি গ্রামে এক দম্পতি এবং তাঁদের নাতি মারা যাওয়ার আশঙ্কা করা হচ্ছে, তাঁদের বাড়ি জলের তোড়ে ভেসে যায়। এই ৩ জনের রবিবার সকাল পর্যন্ত কোনও খোঁজ পাওয়া যায়নি।

## খারাপ বিষয় নিয়ে আলোচনার তুলনায় ভারতে ভালো জিনিস নিয়ে কথা হচ্ছে ৪০ গুণ বেশি : মোহন ভাগবত



মুম্বই, ২৩ জুলাই (হি.স.): খারাপ বিষয় নিয়ে আলোচনার তুলনায় ভারতে এখন ভালো জিনিস নিয়ে কথা হচ্ছে ৪০ গুণ বেশি। বললেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)-র সরসঙ্ঘচালক ডাঃ মোহন ভাগবত। তিনি বলেছেন, ’অনেক সময় নেতিবাচক আলোচনা শোনা যায়। কিন্তু যখন আমরা সমগ্র দেশে যাই এবং দেখি, তখন আমরা জানতে পারি ভারতে যত খারাপ ঘটনা ঘটছে তার চেয়ে ৪০ গুণ বেশি ভালো জিনিস নিয়ে আলোচনা হচ্ছে।’

রবিবার মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিসের উপস্থিতিতে উত্তর মুম্বইয়ের কান্দিভালি শহরতলিতে শ্রীমতি ধনকুভরবেন বাবুভাই ঢাকান হাসপাতাল (সুবর্ণ হাসপাতাল) উদ্বোধনের পর আরএসএস-এর সরসঙ্ঘচালক ডাঃ মোহন ভাগবত একথা বলেন। তিনি জোর দিয়ে বলেন, খারাপ বিষয় নিয়ে আলোচনার তুলনায় ভারতে ভালো জিনিস নিয়ে কথা হচ্ছে ৪০ গুণ বেশি।

## উদ্বোধনের প্রতীক্ষায় পুনর্নির্মিত আইটিপিও কমপ্লেক্স

নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): উদ্বোধনের প্রতীক্ষায় পুনর্নির্মিত আইটিপিও কমপ্লেক্স, আগামী ২৬ জুলাই পুনর্নির্মিত আইটিপিও কমপ্লেক্স-এর শুভ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চলতি বছরের সেপ্টেম্বর মাসে এখানেই অনুষ্ঠিত হবে ভারতের সভাপতিত্বে জি-২০ গোষ্ঠীর বৈঠক।

এই স্থানটি প্রগতি ময়দান কমপ্লেক্স নামেও পরিচিত, প্রায় ১২৩ একর এলাকাজুড়ে বিস্তৃত স্থানটি। এটি ভারতের বৃহত্তম মিটিং, ইনসেনটিভ, সম্মেলন এবং প্রদর্শনী গন্তব্য। জি-২০ গোষ্ঠীর বৈঠকের জন্য নতুন করে সাজিয়ে তোলা হয়েছে আইটিপিও কমপ্লেক্সটি।

## মণিপুরি মেইতেইদের মিজোরাম ছাড়তে নয়, সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছিল, ভোল বদল প্রাক্তন জঙ্গি গোষ্ঠী পামরা-র

আইজল, ২৩ জুলাই (হি.স.) : মণিপুরের মেইতেইদের মিজোরাম ছাড়তে বলা হয়নি। কেবল সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছিল। ভোল বদল করে বিবৃতি জারি করেছে প্রাক্তন জঙ্গি গোষ্ঠী ‘পিস অ্যাকর্ড এমএনএফ রিটার্নিস অ্যাসোসিয়েশন’ (পিএএমআরএ বা পামরা)।

মণিপুরে নগ্ন-ভিডিওকাণ্ডের পর গত ২১ জুলাই নিরাপত্তার খাতিরে মেইতেইদের মিজোরাম ছেড়ে চলে যেতে ফতোয়া জারি করেছিল ‘পিস অ্যাকর্ড এমএনএফ রিটার্নিস অ্যাসোসিয়েশন’। ওই ফতোয়ার পরিপ্রেক্ষিতে ২২ জুলাই আইজলে বসবাসকারী মেইতেইদের এয়ারলিফ করে প্রতিবেশী অসমের শিলচর এবং ইমফলে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিল মণিপুর সরকার। এছাড়া ফতোয়াকে কেন্দ্র করে উভয় রাজ্যের মুখ্যমন্ত্রী যথাক্রমে বীরেন সিং এবং জোরামথাঙ্গার মধ্যে মিজোরামে বসবাসরত মেইতেইদের নিরাপত্তা সম্পর্কে বেশ কয়েকবার ফোনে বার্তালাপ হয়েছে। ইত্যবসরে মিজোরাম পুলিশ প্রশাসনও রাজ্যের আইজল শহরে মেইতেইদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় কড়া ব্যবস্থা নিয়েছে। ইতিমধ্যে মিজোরামের গৃহবিভাগের সঙ্গে কয়েকবার বৈঠকে বসেন অল মিজোরাম মণিপুরি অ্যাসোসিয়েশনের প্রতিনিধিরা। সব বৈঠকেই মিজোরামে তাঁদের সম্পূর্ণ নিরাপত্তা প্রদানের আশ্বাস দিয়েছেন গৃহবিভাগের কমিশনার পু এইচ লালেংমাওইয়া (আইএএস)। সর্বশেষ বৈঠকে হোম কমিশনার অল মিজোরাম মণিপুরি অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের নিরাপত্তার বিষয়ে আশ্বস্ত করে ‘পামরা’ কর্তৃক জারিকৃত বিবৃতিটির দুর্ভাগ্যজনক ভুল ব্যাখ্যা করা হয়েছে বলে জানিয়ে এজন্য তাঁদের সহকর্মী মেইতেই সরকারি কর্মচারী এবং ছাত্রদের মিজোরাম ছেড়ে না যাওয়ার জন্য রাজি করিয়েছেন।

এদিকে ‘পামরা’-র জারিকৃত ফতোয়ার পরিপ্রেক্ষিতে গতকাল বিকেলে গৃহবিভাগের কমিশনার পু এইচ লালেংমাওইয়া তাঁর সরকারি চেম্বারে ‘পিস অ্যাকর্ড এমএনএফ রিটার্নিস অ্যাসোসিয়েশন’-এর এক প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকের পর গতরাতেই এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে মেইতেইদের মিজোরাম ছেড়ে যাওয়ার নির্দেশ সংবলিত বক্তব্যের কিছু অংশ ব্যাখ্যা করা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে ‘পিস অ্যাকর্ড এমএনএফ রিটার্নিস অ্যাসোসিয়েশন’-এর প্রতিনিধিরা স্পষ্ট করেছেন, তাঁদের জারিকৃত বিবৃতিটি ছিল একটি উপদেশ বা পরামর্শমূলক। এতে মিজোরামে বসবাসকারী মেইতেইদের মণিপুরে চলমান জাতিগত সংঘাতের বিষয়ে জনসাধারণের অনুভূতির পরিপ্রেক্ষিতে সতর্কতা অবলম্বন করার অনুরোধ করা হয়েছিল। এই বিজ্ঞপ্তিতে মেইতেইদের মিজোরাম ছেড়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়নি। বিজ্ঞপ্তিতে তাঁরা বলেছেন, মিজোরামে মণিপুরিদের নিরাপত্তা দিতে রাজ্য (মিজোরাম) সরকারের গৃহীত পদক্ষেপ এবং ব্যবস্থায় তাঁরা সন্তুষ্ট। প্রতিনিধিরা দুঃখ প্রকাশ করে বলেছেন, তাঁদের বিবৃতির ভুল ব্যাখ্যা করা হয়েছে। রাজ্যে শান্তি বজায় রাখার আহ্বান জানিয়ে ‘পিস অ্যাকর্ড এমএনএফ রিটার্নিস অ্যাসোসিয়েশন’-এর প্রতিনিধিরা বলেছেন, তাদের জারিকৃত বিবৃতিকে আর অনুসরণ না করার সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা।

## করিমগঞ্জে শিশু সুরক্ষায় প্রচার ভ্যানের যাত্রা

করিমগঞ্জ (অসম), ২৩ জুলাই (হি.স.) : ‘সুরক্ষিত শৈশব সোনালী অসম’-এর অধীনে শিশু সুরক্ষায় ৯০ দিবসীয় কার্যসূচির আওতায় প্রচার ভ্যানের যাত্রা চলছে। শিশু শ্রমিক, বাল্যবিবাহ, শিশু পাচার, বেআইনি দত্তক ইত্যাদি বিষয়ে শিশু সুরক্ষায় গণ-সচেতনতা গড়ে তুলতে প্রচার ভ্যানের মাধ্যমে ভ্রাম্যমান সচেতনতা চালানো হচ্ছে। আজ রবিবার করিমগঞ্জ শহরে এই প্রচার ভ্যানযোগে সচেতনতার বার্তা চালানো হয়েছে। এর সাথে বদরপুর বিধানসভা এলাকায়ও প্রচার ভ্যানের সচেতনতা বার্তা প্রচার অব্যাহত রয়েছে। শিশু সুরক্ষার সচেতনতায় লিখিত ও অডিও বার্তা সহযোগে করিমগঞ্জ জেলা জুড়ে প্রচারাভিযানের এই ভ্যান সম্প্রতি ভারপ্রাপ্ত জেলা শিশু সুরক্ষা আধিকারিক প্রিয়াঙ্কা ইয়ামনাম তাঁর কার্যালয় থেকে পতাকা নেড়ে যাত্রার সূচনা করেছেন। এতে শিশু সুরক্ষা আধিকারিক দেবযানী দাস সহ বিভাগের অন্যান্য কর্মীরা উপস্থিত ছিলেন।

করিমগঞ্জ থেকে যাত্রা শুরু করে পাথারকান্দি রাজস্ব চক্রের রাঙ্গামাটি পর্যন্ত প্রচার অভিযান চালানো হয়। প্রচার ভ্যানের মাধ্যমে রাতাবাড়ি বিধানসভা এলাকায় প্রচার অভিযান চালানো হয়েছে। এতে শিশুকে শ্রমিক হিসেবে নিয়োগ করা আইনত দণ্ডনীয় অপরাধ, বাল্যবিবাহ আইনত দণ্ডনীয় অপরাধ, শিশু পাচার ঘৃণ্যতম অপরাধ, বেআইনিভাবে শিশুর দত্তক না নেওয়ার আহ্বান ইত্যাদির সচেতনতা মূলক প্রচার চলছে।

শিশু সুরক্ষার এই গম্ভীর সমস্যাগুলি সম্পর্কে কোনও ধরনের অভিযোগ নজরে আসলে তৎক্ষণাৎ জেলা শিশু সুরক্ষা আধিকারিক, শিশু কল্যাণ সমিতি বা নিকটবর্তী পুলিশ স্টেশন অথবা ১০৯৮ টোল ফ্রি নম্বর ও ৯৯৫৪৬৯২৯০৮ বা ৭০০২১৪৭৪৭১ নম্বরে ফোন করে জানাতে আহ্বান জানানো হয়েছে।

## ভারী বৃষ্টিতে জলমগ্ন আহমেদাবাদ বিমানবন্দর চত্বর, সমস্যায় যাত্রীরা, সতর্ক করল কর্তৃপক্ষ



আহমেদাবাদ, ২৩ জুলাই (হি.স.): গত কয়েক দিন ধরে একটানা বৃষ্টি হচ্ছে আহমেদাবাদ-সহ গুজরাটের নানা প্রান্তে। অবিশ্রান্ত বৃষ্টির জেরে এবার আহমেদাবাদ বিমানবন্দর চত্বরে জমেছে জল। টার্মিনাল থেকে বিমানের রানওয়ে, সবেতেই দাঁড়িয়ে রয়েছে জল। সেই হাঁটুজল ভেঙে চলাচল করছেন যাত্রীরা। বিমান ধরার ক্ষেত্রে সমস্যায় পড়ছেন।

বিমানবন্দর কর্তৃপক্ষ যাত্রীদের বিমান ধরার ক্ষেত্রে সতর্ক করেছেন। তাঁরা টুইটারের মাধ্যমে লিখেছেন, “ভারী বৃষ্টির কারণে বিমানবন্দরে জল জমেছে। যাত্রীদের অনুরোধ করব, বিমান ধরার আগে তার বিষয়ে খোঁজ নিতে। বিমানবন্দরে পার্কিং না করার পরামর্শও দেওয়া হচ্ছে।” বিমানবন্দরে জল জমার কারণে যাত্রীদের বিমান ধরতে সমস্যা হচ্ছে। বিমান চলাচলেও বিঘ্ন দেখা দিয়েছে।

## মালদাকাণ্ডের প্রতিবাদ বিজেপির

মালদা, ২৩ জুলাই (হি.স.): মালদায় একই পরিবারের দুই মহিলাকে চুরির অভিযোগে বিবস্ত্র করে মারধরের ঘটনার প্রতিবাদে বিজেপি সাংসদ খগেন মুর্মুর নেতৃত্বে রাতভর চলল এসপি অফিস ঘেরাও। বিক্ষোভ-অবস্থান তুলতে গেলে পুলিশের সঙ্গে বচসা বেঁধে যায়। বিজেপি সাংসদ খগেন মুর্মুর নেতৃত্বে চলছে ঘেরাও কর্মসূচি। ঘটনায় নির্যাতিতা দুই মহিলাকেই গ্রেফতার করেছে পুলিশ।

অভিযুক্ত আরও ৩ জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতরা সবাই বিজেপির সমর্থক বলে দাবি করেছেন এসপি। এরপরই গতকাল দুপুর থেকে এসপি অফিস ঘেরাও কর্মসূচি শুরু করেছে বিজেপি। শনিবার থেকে এসপি অফিসের সামনে শুরু হয় বিক্ষোভ-কর্মসূচি, যা সারারাত চলে।

## মালদায় নারী নির্যাতনের প্রতিবাদে বালুরঘাট থানা ঘেরাও বিজেপির

বালুরঘাট, ২৩ জুলাই (হি. স.) : মালদার বামনগোলায় দুই মহিলাকে বিবস্ত্র করে মারধরের ঘটনারর ঘটনার প্রতিবাদে বালুরঘাট থানা ঘেরাও করে বিক্ষোভ বিজেপির। রবিবার দুপুরে জেলা বিজেপি কার্যালয় থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি থানার সামনে এসে শেষ হয়। যেখানে উপস্থিত ছিলেন বিজেপির প্রক্তান জেলা সভাপতি শুভেন্দু সরকার, বর্ষিয়ান বিজেপি নেতা রঞ্জন মন্ডল, জেলা বিজেপির সহ সভাপতি পূর্ণিমা মহন্ত সহ অন্যান্য বিজেপি নেতৃত্বরা।বিজেপি কর্মীদের দাবি, মণিপুরের ঘটনায় মুখ্যমন্ত্রী প্রতিনিধিদল পাঠাচ্ছেন, তার প্রতিবাদ করছেন। অথচ তারই রাজ্যের মালদার মণিপুরের থেকেও ভয়ংকর ঘটনা ঘটছে। নিরীহ দুই মহিলাকে বিবস্ত্র করে মারধর করছে জনগণ এবং তাও পুলিশের সামনে তাতেও পুলিশ মন্ত্রী নিরব কেন? এখানে কেন কোনও প্রতিনিধি পাঠাচ্ছেন না মুখ্যমন্ত্রী।এদিকে বিজেপির বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে কোনও রকম অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে তার জন্য বিশাল পুলিশ মোতায়েন করা হয়। বিক্ষোভের পাশাপাশি দীর্ঘক্ষণ ধরে থানার সামনে অবস্থান চালান বিজেপির নেতৃত্বরা। বিজেপি কর্মীরা পুলিশি ব্যারিকেড ভেঙে ভেতরে যাওয়ার চেষ্টাও করে। যদি পুলিশ তাদের আটকে দেয়। শুধুমাত্র বালুরঘাট নয় বিজেপির তরফে জেলার প্রতিটি থানার সামনে এই বিক্ষোভ কর্মসূচি চলছে। মালদার ঘটনায় যারা অভিযুক্ত তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তোলা হয়েছে।

## খড়গপুর স্টেশনে ট্রেন থেকে উদ্ধার ২৩ কেজি গাঁজা, গ্রেফতার ২

খড়গপুর, ২৩ জুলাই (হি.স.): এবার চলন্ত ট্রেন থেকে উদ্ধার হল গাঁজা।

সমলেশ্বরী হাওড়া এক্সপ্রেসের হল এই মাদক উদ্ধারের ঘটনায় গ্রেফতার দু’জন। পশ্চিম মেদিনীপুর খড়গপুর স্টেশনের ৭-৮ নম্বর প্ল্যাটফর্মের ঘটনা।

পুলিশ সূত্রে খবর, ধৃতদের নাম রজক শেখ ও হাফিজুল ইসলাম। খড়গপুর জিআরপি জানিয়েছে, ওডিশা থেকে নোরলা থেকে হাওড়ার উদ্দেশ্যে যাচ্ছিল দুই যাত্রী রজক শেখ ও হাফিজুল ইসলাম। গোপন সূত্রে পুলিশ আগেই খবর পেয়েছিল তাঁদের কাছে মাদক দ্রব্য রয়েছে। সেই মোতাবেক ট্রেনে তল্লাশি চালান আধিকারিকরা। প্রায় ২৩ কেজি গাঁজা উদ্ধার হয় ওই দুজনের কাছ থেকে।

রেল পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের বাড়ি মুর্শিদাবাদে। দুজনকে গ্রেফতার করে নিয়ে যাওয়া হয়েছে খড়গপুরের জিআরপিতে। সেখানে তাদের থেকে জিজ্ঞাসা চালাচ্ছে খড়গপুরের জিআরপি।-

## গোবরডাঙ্গায় ধৃত দুই বিজেপি নেতা

হাবরা, ২৩ জুলাই (হি.স.): উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গায় ৪০ রাউন্ড গুলি-সহ দুই বিজেপি নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। গোবরডাঙার প্রতাপনগর এলাকার ঘটনা। রবিবার সকালে পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম বাসুদেব চক্রবর্তী এবং বিক্রম ঠাকুর। তাঁরা অশোকনগরের সেনডাঙার বাসিন্দা।

পুলিশের দাবি, শনিবার রাতে একটি বাইকে চড়ে গোবরডাঙ্গা থানার প্রতাপনগর এলাকায় যান দুই বিজেপি নেতা বাসুদেব এবং বিক্রম। তাঁদের কাছে বুলেট রয়েছে, এই খবর গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায় মছলন্দপুর ফাঁড়ির পুলিশ।

পুলিশ ওই দু’জনকে আটক করে। এর পর তল্লাশিতে অভিযুক্তদের কাছ থেকে উদ্ধার হয় ৪০ রাউন্ড গুলি। সেই গুলি বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্রের। ধৃত দুই বিজেপি নেতাই দলের হয়ে প্রার্থী হয়েছিলেন পঞ্চায়েত ভোটে।

## আদ্রার তৃণমূল নেতা খুনে গ্রেফতার আরও এক শার্প শ্যুটার, ধৃতের ১৪দিনের পুলিশ হেফাজত

পুরুলিয়া, ২৩ জুলাই (হি. স.) : পুরুলিয়ার আদ্রায় তৃণমূল নেতা খুনের গ্রেফতার আরও এক। গতকাল বিহারের গোপালগঞ্জ জেলার কাটিয়া থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। ধৃতের নাম রত্নেশ্ব কুমার পান্ডে।

পুলিশের দাবি, ধৃত ব্যাক্তিই সেই দিন গুলি চালিয়েছিল। তাকে রঘুনাথপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

গতমাসের ২২তারিখ রেল শহর আদ্রায় তৃণমূল কংগ্রেসের শহর সভাপতি ধনঞ্জয় চৌবে খুন হন। এই নিয়ে এই ঘটনায় মোট ৪ জনকে গ্রেফতার করা হল। এর আগে এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে বিহারের জামুই এলাকার থেকে আরজু মালিক নামে এক দুষ্কৃতীকে ও অন্য দুইজনকে আদ্রা শহর লাগোয়া এলাকা থেকে গ্রেফতার করা হয়। তাদের মধ্যে কংগ্রেসের এক পঞ্চায়েত নির্বাচনের প্রার্থী রয়েছে। পুলিশের তদন্তে প্রাথমিক অনুমান, রেলের সিন্ডিকেট সংক্রান্ত সংক্রান্ত ঝামেলার জেরেই যে এই খুন।পুরুলিয়া জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বলেন, বিহার থেকে যাকে গ্রেফতার করা হয়েছে তার সঙ্গে স্কেচ মিলে যাচ্ছে। সিসিটিভি ফুটেজে যে ছবি দেখা যায় তাও মিলেছে। মোটরবাইকে ও ছিল। আমরা পুলিশ হেফাজতে নিয়েছি। বিশদে জানার চেষ্টা চলছে। তদন্তের স্বার্থে আমরা এর বেশি কিছু বলছি না। অস্ত্র আগেই উদ্ধার হয়েছে। খুনের মোটিফ আমরা খতিয়ে দেখছি।

## দেশ গঠনে মানবসম্পদ একটি গুরুত্বপূর্ণ উপাদান : উপ-রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ সমাবর্তন অনুষ্ঠান উপলক্ষ্যে রবিবার উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় বহু পড়ুয়াকে ডিগ্রি প্রদান করেন। সেখানে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, দেশ গঠনে মানবসম্পদ একটি গুরুত্বপূর্ণ উপাদান। উপ-রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, শিক্ষাকে সর্বস্তরে ছড়িয়ে দেওয়া সমাজের কল্যাণের জন্য। দেশ গড়তে মহিলাদের ক্ষমতায়ন জরুরি।

উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় আরও বলেছেন, ’গণতন্ত্র হলো সংলাপ, আলোচনা এবং বিতর্কের মাধ্যমে জনগণের কল্যাণ নিশ্চিত করা। নিশ্চয়ই, গণতন্ত্র বিঘ্নিত হতে পারে না। গণতন্ত্রের মন্দিরকে কলঙ্কিত করার কৌশলগত উপায় হিসাবে বিঘ্ন ও অশান্তিকে হাতিয়ার করা হয়েছে, যা জনগণের ন্যায়বিচার নিশ্চিত করার জন্য কার্যকর নয়। দেশের জনগণকে এ জন্য একটি বড় মূল্য দিতে হচ্ছে... একটি নির্দিষ্ট দিনে সংসদে ব্যাঘাত ঘটলে প্রশ্নোত্তর হতে পারে না। প্রশ্নোত্তর হল প্রশাসনে জবাবদিহিতা এবং স্বচ্ছতা তৈরি করার একটি প্রক্রিয়া। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানও। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, ভারত সেইসব দেশের জন্য সারা বিশ্বের কাছে সেতুর ন্যায় কাজ করবে, যে দেশগুলির কাছে জামিয়া মিলিয়ার মতো শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

# গুজরাটে বন্যা নিয়ে ভূপেন্দ্রর সঙ্গে কথা অমিত শাহের, কথা বললেন সাক্সেনার সঙ্গেও

নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): ভারী বৃষ্টিপাতের জেরে ক্রমেই বন্যা পরিস্থিতি তৈরি হচ্ছে গুজরাটে, আহমেদাবাদ ও জুনাগড়-সহ গুজরাটের নানা জেলায় অত্যন্ত খারাপ পরিস্থিতি। এমতাবস্থায় গুজরাটের বন্যা পরিস্থিতি নিয়ে সে রাজ্যের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের সঙ্গে কথা বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

রবিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের সঙ্গে সাম্প্রতিক ভারী বৃষ্টিপাতের কারণে রাজ্যের বিভিন্ন অংশে বন্যার মতো পরিস্থিতি সম্পর্কে কথা বলেছেন। টুইট করে তিনি জানান, মানুষজনকে সাহায্য করার জন্য যথেষ্ট সংখ্যক এসডিআরএফ এবং এনডিআরএফ টিম উপলব্ধ রয়েছে।

বন্যার মতো পরিস্থিতি দিল্লিতেও। রাজধানীতে যমুনার জলস্তর ওঠানামা করছে। রবিবার বিকেলে যমুনার জলস্তর বেড়ে ২০৬.২৬ মিটারে পৌঁছে যায়। দিল্লির সামগ্রিক পরিস্থিতি নিয়ে উপ-রাজ্যপাল ভি কে সাক্সেনার সঙ্গে কথা বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

# ইমফল পৌঁছলেন দিল্লির মহিলা কমিশন-প্রধান স্বাতী মালিওয়াল, দেখা করবেন নির্যাতিতাদের সঙ্গে

ইমফল, ২৩ জুলাই (হি.স.) : ইমফল এসে পৌঁছেছেন দিল্লির মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল। এখানে তিনি সহিংসতার বলি নির্যাতিতা যুবতী ও মহিলাদের সঙ্গে দেখা করবেন।

আজ রবিবার সকালে ইমফল বিমানবন্দরে অবতরণ করে দিল্লির মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল মণিপুর সরকারের বিরুদ্ধে একরাশ অভিযোগ তুলেছেন। তিনি বলেন, মণিপুর সরকার তাঁকে রাজ্যে আসতে অনুমতি দেয়নি। এছাড়া যৌন সহিংসতার শিকার মহিলাদের সাথে যোগাযোগ করারও অনুমতি দিতে চায়নি সরকার। মালিওয়াল বলেন, মণিপুরে সংগঠিত জাতিগত সহিংসতা গোটা দেশকে কাঁপিয়ে দিয়েছে। এরই পরিপ্রেক্ষিতে তিনি ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়িয়ে তাঁদের সহায়তা প্রদান করার ইচ্ছা ব্যক্ত করেছেন।

স্বাতী মালিওয়াল বলেন, দুঃখজনক ভিডিও দেখে সংঘর্ষ-বিধ্বস্ত মণিপুরে এসে পীড়িতদের সঙ্গে দেখা করার ইচ্ছা প্রকাশ করে গত ২১ জুলাই মণিপুর সরকারের সাথে তিনি যোগাযোগ করেছিলেন। কিন্তু এ মহূর্তে আইন-শৃঙ্খলাজনিত কারণে তাঁকে মণিপুরে আসার অনুমতি দেওয়া যাবে না বলে রাজ্য সরকার জানিয়েছিল। এর পর তিনি আবার যোগাযোগ করার পর আজ ২৩ জুলাই মণিপুর আসতে অনুমতি দিয়েছিল সরকার। আজ তিনি ইমফলে কয়েকটি মহিলা সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে দেখা করে তাঁদের বক্তব্য শুনবেন। আগামীকালও বিবদমান উভয় গোষ্ঠীর প্রতিনিধিদের সঙ্গে পৃথক পৃথক বৈঠক করার কথা তাঁর, জানিয়েছেন দিল্লির মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল।

## ঝাড়খণ্ডে ভাল্লুকের আক্রমণে মহিলার মৃত্যু

রাঁচি, ২৩ জুলাই (হি.স.): ঝাড়খণ্ডের রাহে ব্লকের কাপিডিহ গ্রামে ভালুকের আক্রমণে মৃত্যু হল এক বৃদ্ধার মহিলার। স্বজনরা জানান, শনিবার বিকেলে বুধী দেবী (৭৩) ছাগল চরাতে জঙ্গলে গিয়েছিলেন। সন্ধ্যা পর্যন্ত বুধী দেবী না ফেরায় স্বজনরা খোঁজাখুঁজি শুরু করেন। গভীর রাতে পিডিহ জঙ্গলে মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। মহিলার গলা দিয়ে রক্ত ঝরছিল। সারা শরীরে ভাল্লুকের নখের চিহ্ন পাওয়া গেছে। স্বজনরা ঘটনাটি রাহে থানাকে জানায়।ঘটনার খবর পেয়ে ওপি ইনচার্জ পুলিশ বাহিনী সহ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শেষে মৃতদেহটি ময়নাতদন্তের জন্য রিমস মর্গে প্রেরণ করেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# দলীয় কর্মসূচিতে গিয়ে আহত যুবনেত্রীকে দেখতে বাতাসিতে বিজেপি নেতা ইন্দ্রনীল খাঁ

খড়িবাড়ি, ২৩ জুলাই (হি.স.): বিজেপির খড়িবাড়ি বিডিও অফিস ঘেরাও কর্মসূচিতে পুলিশের সঙ্গে ধস্তাধস্তির সময় হাতে চোট পান বিজেপির যুব মোর্চার শিলিগুড়ি সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদিকা তথা খড়িবাড়ি পঞ্চায়েত সমিতির সদস্যা মনীষা সরকার। চিকিৎসার পর তাঁর হাত প্লাস্টার করা হয়। খবর পেয়ে রবিবার বিজেপি নেত্রী মনীষা সরকারের শারীরিক অবস্থার খোঁজ নিতে তাঁর বাতাসির বাড়িতে আসেন ভারতীয় যুব মোর্চার প্রদেশ সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ।

এদিন মনীষা সরকারের বাড়িতে এসে সংগঠনের প্রদেশ সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ বলেন, 'বিজেপি তথা যুব মোর্চার কর্মীরা পশ্চিমবঙ্গে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য বারবার লড়াই করছে। কিন্তু রাজনৈতিকভাবে যখন তারা পারছে না তখন কখনও তৃণমূল নিগ্রহ করছে আবার কখনও তৃণমূল পরিচালিত পুলিশ এসে নিগ্রহ করছে। ফলস্বরূপ মনীষার ওপর আক্রমণ হয়েছে।' পুলিশের ভূমিকার সমালোচনা করে আইনি পদক্ষেপ করার হুঁশিয়ারি দেন তিনি।

প্রসঙ্গত, গত শুক্রবার ছিল বিজেপির বিডিও অফিস ঘেরাও কর্মসূচি। রাজ্যজুড়ে সমস্ত বিডিও অফিসে ১৪৪ ধারা জারি করে প্রশাসন। পুলিশের তরফে সেদিন খড়িবাড়ি বিডিও অফিসের মূল গেট বন্ধ করে দেওয়া হয়। মোতায়েন ছিল বিশাল পুলিশবাহিনী। বিজেপির একটি মিছিল এসে গেটে ধাক্কাধাক্কি শুরু করে। গেট খুলে বিডিও অফিসে ঢোকার সময় এক পুলিশকর্মীর ধাক্কায় লোহার গেটে মনীষাদেবী বাঁ হাতে চোট পান। পরে তাঁকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গেলে তাঁর হাত প্লাস্টার করা হয়।

# মালদার ঘটনায় বিধানসভায় বিক্ষোভ বিজেপি বিধায়কদের

মালদা, ২৩ জুলাই (হি.স.): মালদায় দুই মহিলাকে বিবস্ত্র করে মারধরের ঘটনার প্রতিবাদে বিধানসভায় বিক্ষোভ বিজেপি পরিষদীয় দলের। বিক্ষোভে শামিল একাধিক বিধায়ক। রবিবার দুপুর ১ টা নাগাদ, বিধানসভার অভ্যন্তরে বি আর আম্বেদকরের মূর্তির সামনে বিক্ষোভে দেখান বিধায়কেরা।

এদিনের বিক্ষোভে বিজেপির দাবি মালদায় দুই মহিলাকে বিবস্ত্র করে মারধরের ঘটনার কথা জানার পরেও কেন নিষ্ক্রিয় ছিল পুলিশ? কেনই বা চুপ রাজ্যের মুখ্যমন্ত্রী? এসব নিয়েই মুলত ছিল বিক্ষোভ। এছাড়াও মালদার পুলিশ সুপারের অপসারণ ও দোষী অফিসারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার দাবিও জানান বিজেপি বিধায়করা। দিল্লিতে জরুরি বৈঠকে যোগ দিতে শুভেন্দু অধিকারী সুকান্ত মজুমদাররা রওয়ানা হয়েছেন। আগামীকাল বৈঠক সেরে কলকাতায় ফেরার পর পরশু অর্থাৎ মঙ্গলবার বিধানসভা অধিবেশন চলাকালীন ফের বিক্ষোভ সংগঠিত করবেন তারা। এদিনের বিক্ষোভ সমাবেশে উপস্থিত ছিলেন বিধায়ক শঙ্কর ঘোষ, বিশাল লামা, চন্দনা বাউরি, সত্যেন রায়, নিখিল রঞ্জন দে সহ অন্যান্যরা।

# নির্বিঘ্নেই চলছে অমরনাথ যাত্রা, পবিত্র গুহামন্দিরের উদ্দেশে রওনা তীর্থযাত্রীদের আরেকটি দল

শ্রীনগর, ২৩ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরে অমরনাথ যাত্রায় ২১ দিনে ৩ লক্ষ ১৭ হাজারের বেশি তীর্থযাত্রী পবিত্র গুহামন্দির দর্শন করেছেন, যা একই সময়ে আগের বছরের তুলনায় অনেক বেশি। আগামী মাসে এই সংখ্যা ৫ লক্ষ ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে। রবিবার পর্যন্ত ৩ হাজার ৬০০ পুন্যার্থীর ২১-তম দলটি আজ ভোরে জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস থেকে অমরনাথজির গুহা মন্দিরের উদ্দেশে রওনা হয়েছেন। বালতাল ও পহেলগাঁও পথে তাঁরা মন্দির পৌঁছবেন। গত পয়লা জুলাই অমরনাথযাত্রা শুরু হওয়ার পর থেকে এপর্যন্ত মোট ৩ লক্ষ ১৭ হাজার ১২৫ জন পুন্যার্থী অমরনাথ গুহায় তুষারলিঙ্গ দর্শন করেছেন। ৩১শে আগস্ট শেষ হবে বার্ষিক এই তীর্থযাত্রা।

# রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে হোজাইয়ের বিধায়কের অশালীন ব্যবহারে উদ্বিগ্ন হারাণ, নিন্দা

শিলচর (অসম), ২৩ জুলাই (হি.স.) : হোজাইয়ে অবস্থিত রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড় অমলেন্দু চক্রবর্তীর সঙ্গে হোজাইয়ের বিধায়ক রামকৃষ্ণ ঘোষ যে অশালীন ব্যবহার করেছেন, তার গভীর নিন্দা ও উদ্বেগ প্রকাশ করেছে সামাজিক সংগঠন ড় এপিজে আবদুল কালাম মেমোরিয়াল ডেভেলপমেন্ট ফোরাম।

ড় এপিজে আবদুল কালাম মেমোরিয়াল ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বরিষ্ঠ সাংবাদিক হারাণ দে এক বিবৃতিতে গতকাল শনিবার রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় সংঘটিত ওই ঘটনার নিন্দা জানিয়ে বিধায়ক রামকৃষ্ণ ঘোষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

বিবৃতিতে হারাণ দে বলেন, একজন জনপ্রতিনিধির কর্তৃক এ ধরনের দায়িত্বজ্ঞানহীন আচরণ মেনে নেওয়া যায় না। এছাড়া উপাচার্য ড় চক্রবর্তীর মতো একজন সজ্জন ও প্রবীণ শিক্ষাবিদের সঙ্গে এ ধরণের আচরণ রাজ্যের শিক্ষা ক্ষেত্রে কুপ্রভাব ফেলতে পারে বে্লে উদ্বেগ প্রকাশ করেছেন হারাণবাবু।

# মদ বিক্রির প্রতিবাদের মাশুল, দুর্গাপুরে বাম যুবকর্মীর বাড়িতে হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

দুর্গাপুর, ২৩ জুলাই (হি. স.) মদের নেশায় বুঁদ হয়ে সর্বসান্ত হচ্ছে এলাকাবাসী। নেশায় আসক্ত হচ্ছ যুবসমাজ। তাই অবৈধভাবে মদ বিক্রির প্রতিবাদ করেছিল। আর ওই মদ বিক্রির প্রতিবাদের মাশুল সিপিএম নেতার বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। রবিবার ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়াল দুর্গাপুর ৪ নম্বর ওয়ার্ডের নতুন পল্লী এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে দুর্গাপুর থানার পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়। দলীয়কর্মীর ওপর হামলার প্রতিবাদে সরব সিপিএম নেতৃত্ব।

ঘটনায় জানা গেছে, দীর্ঘদিন ধরে ওই এলাকায় একজন অসাধু ব্যাবসায়ী অবৈধভাবে মদ বিক্রি করে। ফলে এলাকার বহু যুবক মদের নেশায় আসক্ত হয়ে পড়ছে। মদের নেশায় সর্বসান্ত হচ্ছে বহু পরিবার। মদ্যপ অবস্থায় বাড়ি ফিরে পরিবারে অশান্তি সৃষ্টি করছে। ফলে সুষ্ঠ সামাজিক পরিবপশ নষ্ট হচ্ছে। আর তার জেরে ক্ষোভে ফেটে পড়ে মহিলারা। প্রতিবাদ সরব এলাকার মহিলারা অবৈধ ওই মদের ঠেক বন্ধ করতে এগিয়ে আসে। বাসিন্দাদের অভিযোগ, বহুবার প্রশাসনকে জানিয়েও কোন কাজ হয়নি।' কোনও সুরাহা না হওয়ায় মহিলাদের পাশে দাঁড়ায় স্থানীয় সিপিএমের যুব''র অঞ্চল কমিটির সম্পাদক মোহন পাসওয়ান। মহিলাদের সঙ্গে এলাকায় অবৈধভাবে মদ বিক্রির প্রতিবাদ করে মোহন পাসওয়ান। আর তাতেই ঘটে বিপত্তি। রবিবার সকালে দু''জন বাইকে করে এসে তাঁর বাড়িতে ভাঙচুর চালাই বলে অভিযোগ।

মোহন পাসওয়ানের মা শান্তি দেবী পাসওয়ান বলেন, 'মদ বিক্রির প্রতিবাদ করাই আমাদের বাড়িতে ভাঙচুর চালাই তৃণমূলে আশ্রিত দুষ্কৃতীরা। আমরা থানায় তাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছি।

# প্রয়াত সিপিআইএম নেতা তথা প্রাক্তন বিধায়ক রামেন্দ্র দে-র স্মৃতিচারণ সভা করিমগঞ্জে

করিমগঞ্জ (অসম), ২৩ জুলাই (হি.স.) : প্রয়াত সিপিআইএম নেতা তথা প্রাক্তন বিধায়ক রামেন্দ্র দে-র স্মৃতিচারণ সভা অনুষ্ঠিত হয়েছে করিমগঞ্জে। সিপিআই (এম)-এর করিমগঞ্জ জেলা কমিটির উদ্যোগে করিমগঞ্জ বিএড কলেজে অনুষ্ঠিত সভায় পৌরোহিত্য করেন দলের অসম রাজ্য কমিটির সম্পাদকমণ্ডলীর সদস্য নির্মল দে।

উপস্থিত ছিলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের জেলা সভাপতি রজত চক্রবর্তী, প্রাক্তন জেলা কংগ্রেস সভাপতি সতু রায়, উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, প্রাক্তন বিধায়ক তথা করিমগঞ্জ কলেজের প্রাক্তন অধ্যাপক ড় সুখেন্দুশেখর দত্ত, সিপিআই (এম)-এর কাছাড় জেলা কমিটির সম্পাদক দুলাল মিত্র, দলের হাইলাকান্দি জেলা কমিটির সম্পাদক অধীর নাথ, এসইউসিআই (কমিউনিষ্ট) নেতা পরিমল চক্রবর্তী প্রমুখ।

স্মৃতিচারণ সভার শুরুতে প্রয়াত নেতা রামেন্দ্র দে-র প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানান উপস্থিত ব্যক্তিবর্গ। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন প্রিয়াঙ্কা দাসচৌধুরী। শোক প্রস্তাব পাঠ করেন সভার সভাপতি নির্মল দে। রামেন্দ্র দে-র কমিউনিস্ট জীবন ও বিধায়ক জীবনের বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা করেন সিপিআই (এম) করিমগঞ্জ জেলা সম্পাদক পরিতোষ দাশগুপ্ত, জেলা কংগ্রেস সভাপতি রজত চক্রবর্তী, উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, পাথারকান্দির প্রাক্তন বিধায়ক অধ্যাপক সুখেন্দুশেখর দত্ত, এসইউসিআই (কমিউনিষ্ট) নেতা পরিমল চক্রবর্তী, সিপিআই(এম) কাছাড় জেলা সম্পাদক দুলাল মিত্র, হাইলাকান্দি জেলা সম্পাদক অধীর নাথ, সাংবাদিক রাহুল চক্রবর্তী, শ্রীগৌরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক মাশুক আহমেদ, প্রাক্তন শিক্ষকনেতা সুবীরবরণ রায়, গৌতম চৌধুরী, কর্মচারী আন্দোলনের নেতা সুপ্রিয় দেব, প্রয়াত নেতার আত্মীয় শিখ দে প্রমুখ।

বক্তারা রামেন্দ্র দে-র রাজনৈতিক জীবন, তাঁর সরল, নিরহঙ্কার ব্যক্তিজীবনের বিভিন্ন দিকগুলির কথা উল্লেখ করেন। বদরপুরের উন্নয়নে তাঁর অবদান, বিধানসভার ভিতরে লড়াই, বদরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে রামেন্দ্র দে-র অবদান ইত্যাদির পাশাপাশি তাঁর সুক্ষ্ম পরিশীলিত রসবোধের কথাও ওঠে আসে আজকের স্মৃতিচারণ সভায়। তাঁর বিজ্ঞানমনস্কতার পরিচয় চিকিৎসা বিজ্ঞানের স্বার্থে মরণোত্তর দেহদান। রামেন্দ্র দে মৃত্যু বরণ করেও নিজেকে সমাজের কাজে উৎসর্গ করেছেন বলে একবাক্যে বলেছেন বক্তারা।

সিপিআই (এম) করিমগঞ্জ জেলা কমিটির পক্ষে সবাইকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান সভার সভাপতি নির্মল দে।

# ইসলামপুরে ব্যবসায়ী খুনে গ্রেফতার অভিযুক্ত

ইসলামপুর, ২৩ জুলাই (হি.স.): উত্তর দিনাজপুরের নিজের দোকানে ব্যবসায়ীকে খুনের ঘটনায় গ্রেফতার এক ব্যক্তি। শনিবার ইসলামপুর শহরের বাজারে ধারালো চাকুর আঘাতে প্রাণ হারিয়েছেন অসীম সাহা (৩০) নামের ওই ব্যবসায়ী। নিহত অসীম বিজেপির ইসলামপুর শহর মণ্ডলীর সম্পাদক। এই ঘটনায় রবিবার একজনকে গ্রেফতার করে ইসলামপুর থানার পুলিশ।

ইসলামপুরের পুলিশ সুপার জসপ্রীত সিং বলেছেন, 'এই ঘটনায় একজনকে গ্রেফতার করা হয়েছে। কী কারণে এই খুনের ঘটনা ঘটল তা জানতে আমরা তদন্ত শুরু করেছি।'

এদিকে, এই যুবককে খুনের প্রতিবাদে রবিবার ইসলামপুরে ১২ ঘন্টার বনধ পালন করছে বিজেপি যুব মোর্চা। এই বনধকে ঘিরে সকাল থেকেই ইসলামপুর শহরে আঁটোসাঁটো করা হয়েছে নিরাপত্তা, শহরের নানা প্রান্তে টহল দিয়েছে নিরাপত্তা বাহিনী। রবিবার সকাল থেকেই ইসলামপুর শহরে দোকানপাট বন্ধ। রবিবারের সকালে বাজারও বসেনি। বিজেপির দাবি, অসীম যুব মোর্চার শহর মণ্ডলের সম্পাদক। বছর সাতাশের যুবক কাজ করতেন মামা রতন সাহার কাপড়ের দোকানে।

অভিযোগ, বেতন বাকি রাখার অপবাদ দিয়ে ব্যবসায়ীকে টাকার জন্য চাপ দিচ্ছিলেন দোকানের পুরনো কর্মচারী। সম্প্রতি তাঁর বন্ধুও বকেয়া আদায়ের নামে তোলা দাবি করে। গতকাল সকালে ব্যবসায়ীর দোকানে হামলা চালায় সাহিল। বাধা দেওয়ায় ব্যবসায়ীর ভাগ্নে অসীম ও তাঁর বন্ধুকে এলোপাথাড়ি কোপায় ওই যুবক। রাতে গুরুতর জখম ব্যবসায়ীর ভাগ্নের মৃত্যু হয় শিলিগুড়ির নার্সিংহোমে। অভিযুক্তরা এখনও অধরা।

## ভ্রমণ সেরে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় জখম ২ জয়ী তৃণমূল প্রার্থী, ভর্তি হাসপাতালে

বেলডাঙা, ২৩ জুলাই (হি.স.): ভ্রমণ সেরে বাড়ি ফেরার পথে দুর্ঘটনার কবলে পড়েন দুই জয়ী তৃণমূল প্রার্থী। আহত অবস্থায় তাঁদের উদ্ধার করে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে নদিয়া মায়াপুরে।

জানা গিয়েছে, বেলডাঙা ব্লকের মাড্ডা গ্রাম পঞ্চায়েতের ছয়জন জয়ী তৃণমূল প্রার্থী তাঁদের পরিবার নিয়ে মায়াপুরে ঘুরতে গিয়েছিলেন। শনিবার রাতে গাড়ি করে তাঁরা বেলডাঙার বাড়ি ফিরছিলেন। মায়াপুরে রাস্তার মধ্যেই হঠাৎ করে একটি শেয়াল চলে আসে। সেই শেয়ালটিকে বাঁচাতে গিয়েই একটি গাড়ি উল্টে যায়। ওই গাড়িতেই চার তৃণমূল প্রার্থী ছিলেন। তাঁদের মধ্যে জয়ী দুই প্রার্থী আহত হন। একজনের মুখ ফেটে গিয়েছে, পায়ে আঘাত লেগেছে। আরেক জনের কোমরে এবং পায়ে গুরুতর আঘাত লেগেছে। ঘটনার তদন্ত শুরু করেছে বেলডাঙা থানার পুলিশ।-

## আজ ধর্না

● প্রথম পাতার পর

নৈতিক স্খলনের ঘটনা ঠেকাতে ব্যর্থ বলে অভিযোগ করছে।

বিরোধী ঐক্য আগামীকাল প্রকাশে আসবে। যেখানে সোনিয়া গান্ধী, শারদ পাওয়ার, ডেরেক ও ব্রায়েন, মল্লিকার্জুন খাড়্গের মতো বরিষ্ঠ নেতা এবং ২৬টি বিরোধী দলের অনেক সিনিয়র নেতা ধর্নায় উপস্থিত থাকবেন।

## গণধোলাই

● প্রথম পাতার পর

গ্রামের ৪ নং ওয়ার্ডের মেম্বারের স্বামী ইসলাম মিয়ার নাম বলে সেই দুই চোর।

তাদের দাবি ইসমাইল তাঁদেরকে চুরির জন্য পাঠায়। সেই মোতাবেক গ্রামের মানুষ ইসমাইলকে পেয়ে গণ ধোলাই দেয়। পরে পুলিশ উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। বর্তমানে তার অবস্থা আশংকাজনক। ঘটনার জেরে উত্তেজনা সৃষ্টি হয় এলাকায়। ঘটনার তদন্তক্রমে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

রাজ্যে এখন রক্তদান উৎসবে পরিণত হয়েছে। সরকারের আবেদনে সাড়া দিয়ে বিভিন্ন সংস্থা, ক্লাব ও সংগঠন রক্তদানে এগিয়ে এসেছে। গত বছরে সমগ্র রাজ্যে প্রায় ৪২ হাজার ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সমাজসেবী রাজীব ভট্টাচার্য, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ড. সন্দিপ আর রাঠোর। স্বাগত বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনীয়ার্স অব ত্রিপুরার সাধারণ সম্পাদক সোনারঞ্জন দেববর্মা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনীয়ার্স অব ত্রিপুরার সভাপতি মিহির কান্তি গোপ। উপস্থিত ছিলেন গ্রামোন্নয়ন দপ্তরের মুখ্য বাস্তুকার স্বপন কুমার দাস প্রমুখ। উল্লেখ্য, অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনীয়ার্স অব ত্রিপুরার পক্ষ থেকে আজ মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ১ লক্ষ টাকার চেক প্রদান করা হয়। অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী রক্তদাতাদের মতবিনিময় করেন ও তাদের উৎসাহিত করেন।

# আসানসোলে সপিং মলে ভয়াবহ আগুন, এলাকায় চাঞ্চল্য

দুর্গাপুর, ২৩ জুলাই (হি.স.): ছুটির দিনে আসানসোলের একটি কমার্শিয়াল মার্কেটে শপিং মলে ভয়াবহ আগুন। আগুনে পুড়ে ছাই বেশ কয়েকটি দোকান। আগুন নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৩টি ইঞ্জিন। স্থানীয় সূত্রে খবর, রবিবার সকাল ৮টা নাগাদ এই অগ্নিকাণ্ড ঘটে। এদিকে জনবহুল বাজারে আগুন লাগার খবর চাউর হতেই আতঙ্ক ছড়িয়ে পড়ে ব্যবসায়ী ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে।

সূত্রের খবর, রবিবার সকাল ৮টা নাগাদ আসানসোলের ভাঙা পাঁচিল এলাকায় একটি শপিং মল থেকে আচমকা ধোঁয়া বেরোতে দেখেন স্থানীয় লোকজন। সেই সময় অবশ্য ওই শপিং মল বন্ধ ছিল। কিছু ক্ষণের মধ্যেই দেখা যায় দাউদাউ করে জ্বলছে আগুন। স্থানীয় বাসিন্দারা খবর দেন দমকলে। খবর পেয়ে পৌঁছয় দমকল। এর পর একে একে বেশ কয়েকটি দমকলের ইঞ্জিন পৌঁছয় ওই এলাকায়। শুধু আসানসোল নয়, দুর্গাপুর থেকেও আনা হয় ইঞ্জিন। শুরু হয় আগুন আয়ত্তে আনার কাজ। খবর দেওয়া হয় ওই শপিং মলের কর্মীদেরও। কয়েক ঘণ্টার চেষ্টায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এদিকে অগ্নিকাণ্ডের খবরে আতঙ্ক ছড়ায় ওই এলাকায়। কারণ, ওই শপিং মলের আশপাশে জনবসতি রয়েছে। ফলে আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কাও তৈরি হয়। তবে কী ভাবে আগুন লাগল তা খতিয়ে দেখছেন দমকলকর্মীরা।

## পিসিসি সভাপতি

● প্রথম পাতার পর

বহু রাঘব বোয়ালের নাম উঠে আসবে। মুখ্যমন্ত্রীর প্রশ্রয়ে এগুলি সংঘটিত হচ্ছে। এতে শহরবাসী আতঙ্কিত হয়ে উঠেছে। সুশাসনের নামে চলছে দুঃ শাসন ও কুশাসন। বিজেপি দলে আজ একটা বড় অংশ সমাজদ্রোহীদের জন্য হয়ে গেছে। যারা মানুষের কাছ থেকে প্রতিদিন তোলাবাজি এবং দালালি করে চলেছে। তারা মুখে যাই বলুক না কেন বাস্তবায়ন হচ্ছে না। বর্তমান শাসক দলের যারা আদর্শগত ভাবে বিজেপি করতেন তারা অন্ধকারে চলে গেছে বলে জানান শ্রী সাহা।

## যুবক

● প্রথম পাতার পর

ছড়িয়ে পড়তেই নানা মহলে কৌতুহলের সৃষ্টি হয়েছে। সরকার এবং নিরাপত্তা কর্মীরা গাঁজা পাচারকারীদের বিরুদ্ধে যতই কঠোর ব্যবস্থা গ্রহণ করুক না কেন পাচারকারীরাও নতুন নতুন কৌশল অবলম্বন করে তাদের পাছার বাণিজ্য অব্যাহত রেখেছে। বিষয়টি খুবই উদ্বেগ ও উৎকণ্ঠার।

## বেকারদের

● প্রথম পাতার পর

আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করা হয়। সংগঠনের তরফে পরিতোষ দাস জানান, রাজ্য সরকার কোন উদ্যোগ গ্রহণ করছে না নিয়োগের। তিনি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখেন রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজানোর জন্য এম পি ডব্লিউ যাতে নয়গ করেন। রাজ্যের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপস্বাস্থ্য কেন্দ্র গুলিতে এ এন এম- এম পি ডব্লিউ নিয়োগ করা হয়।

## বামুটিয়ায়

● প্রথম পাতার পর

এই ভূমিকা নিয়ে দেখা দিয়েছে এলাকা জুড়ে প্রশ্ন। সুত্র মারফত জানা যায় এই নিদান দাস,তার ছেলে বাপন দাস সহ গোটা পরিবার বর্তমানে যুব সমাজ ধ্বংসকারী ড্রাগস এর ব্যাবসা চালিয়ে যাচ্ছে আবাদে।ম্যানেজ করছেন পুলিশও বিশাল অঙ্কের বিনিময়ে। এমত অবস্থায় গোটা এলাকায় দিন দিন চুরি, ছিনতাই এর ঘটনা বেড়েই চলছে, কিন্তু পুলিশের কোনো ভূমিকা নেই। এই চুরি কাণ্ডের ঘটনায়ও দায়ী ড্রাগ,নিদান দাসের পরিবারের ড্রাগস এর কারবার

## জাগরণ মঞ্চের

● প্রথম পাতার পর

ব্যবস্থা গ্রহণ করুক এমনটাই আশা করেন তারা। যুব সমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে সরকার এবং প্রশাসনকে কঠোর মনোভাব গ্রহণ করার জন্য দাবি জানানো হয়েছে। নেশা কারবারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করলেই এই ভয়ঙ্কর প্রবণতা বন্ধ করা সম্ভব হবে বলেও তারা অভিমত ব্যক্ত করেছেন। যারা নেশার কবলে পড়ে সর্বস্বান্ত হয়েছেন তাদেরকে নেশার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। বিভিন্ন ক্লাব স্বেচ্ছাসেবী সংস্থা সামাজিক সংস্থা সহ প্রশাসনকে একযোগে নেশার বিরুদ্ধে একদিকে যেমন সচেতনতা বৃদ্ধি করতে হবে দিকে কঠোর আইনে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সার্বিক প্রচেষ্টাতেই এই ভয়ংকর প্রবণতা থেকে যুবসমাজকে রক্ষা করা সম্ভব বলে অভিমত ব্যক্ত করেছে হিন্দু জাগরণ মঞ্চ।

## করল ছাত্র

● প্রথম পাতার পর

বার্তায় ভয়ের আঁচ করতে পেরে এন.এস.এস ইউনিটের ছাত্রছাত্রীরা কৈলাসহর সিভিল ডিফেন্স ভলান্টিয়ার ও চাইল্ড লাইনকে বিষয়টি জানায়।

চাইল্ড লাইনের কর্মীরা কলেজ স্টেডিয়ামে আসলে সে জানায় তার বাড়ি দেওরাছড়া এলাকায়। তার নাম শরীফ আলী। সে জানায় যে, বাবুর বাজার কারখানা পাড়া হাফিজিয়া মাদ্রাসায় সে পড়াশুনা করছে। সেখানে তাকে প্রায় প্রত্যেকদিন মারধোর করা হতো। তাকে মারধর করত মাদ্রাসার শিক্ষক ইমদাদুর রহমান বলে সে জানায়। বিষয়টি তার বাবা মাকে জানালে তারা তাকে জোর করে মাদ্রাসাতে যাওয়ার জন্য বলে। তাই বাধ্য হয়ে সে পালিয়ে এসেছে। ঘটনাস্থলে তার পিতা কাজল আলী আসলে চাইল্ড লাইনের কর্মকর্তারা জানায় তারা শরীফ আলীকে চাইল্ড লাইনের অফিসে নিয়ে যাবে এবং সেখানে তাকে রেখে জিজ্ঞাসাবাদ করা হবে।পরবর্তী শিক্ষকের বিরুদ্ধে মামলাও হতে পারে বলে জানান চাইল্ড লাইনের কর্মীরা।

## ভাসুরের

● প্রথম পাতার পর

হঠাৎ করে ছোট ছেলের বউ কেন বাড়িতে আসলো, আর কেনই বা চলে গেল এ নিয়ে যখন বাড়ির অন্যান্য সদস্যদের মধ্যে আলাপ আলোচনা চলছিল ঠিক এরই মাঝে শ্যামলীমা আগরতলায় গিয়ে স্বামী ,শাশুড়ি এবং ভাসুরের নামে মামলা করে বসে।শ্যামলীমার এই অল্প সময়ের বাড়িতে অবস্থানকালে যেখানে তার ভাসুর বাড়িতেই ছিলেন না, পেশাগত কাজে আগরতলায় ছিলেন উনার নামে ধর্ষণ করার চেষ্টার অভিযোগ দেওয়া হয়েছে, যে শাশুড়ির সাথে শ্যামলীমার ঐদিন দেখাই হয়নি সেই শাশুড়ি নাকি তাকে সিঁড়ির মধ্যে ফেলে মারার অভিযোগ উঠেছে এবং তার স্বামী যে কিনা বাথরুমে থাকাকালীন সময়েই তার স্ত্রী এসে আবার চলেও গিয়েছে মারধরের অভিযোগ দেওয়া হয়েছে। এইভাবে তেলিয়ামুড়ার বিতর্ক হীন একটা প্রতিষ্ঠিত পরিবারের বিরুদ্ধে শ্যামলীমার ভূমিকাকে অনেকেই নানান ভাবে সমালোচনা করছেন। যদিও আইনের ধারা মোতাবেক এবং দায়েরকৃত মামলার রকম অনুযায়ী ইতিমধ্যে অভিযুক্ত স্বামী প্রতিষ্ঠিত ঠিকাদার সায়ন্ত পুলিশের হেফাজতে। পরস্পর শোনা যাচ্ছে মামলা করে স্বামীকে জেল হাজতে পাঠিয়েও অন্য খেলায় নামতে বসেছে শ্যামলীমা এবং তার কিছু পৃষ্ঠপোষক। ইতিমধ্যে পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়ে কিছু বাড়তি পয়সা রুজি করা যায় কিনা সে ধান্দায় শ্যামলীমা অবতীর্ণ হয়েছে বলেও বিশ্বস্ত সূত্রে খবর। তেলিয়ামুড়া শহরজুড়ে কান পাতলেই সংশ্লিষ্ট পরিবারের সার্বিক বিষয় সম্পর্কে ওয়াকিবহাল হওয়া যায়। সমস্ত ঘটনাবলী এবং সার্বিক অবস্থার নিরিখে এই বিষয়টা দিনের আলোকের মতো পরিষ্কার গোটা ঘটনাকে সাজানো হয়েছে, এবং এই ঘটনা যে আদতে শ্যামলীমার মত উশৃংখল মহিলাদের পয়সা হাতানোর একটা নমুনার দৃষ্টান্ত তা আর বলার অপেক্ষা রাখে না।

# াঙ্গন

## সর্বভারতীয় স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশনে এবারও রাজ্যের সরযূ ও সুপ্রভাত নির্বাচিত




আমেদাবাদ থেকে সুপ্রভাত দেবনাথ, ২৩ জুলাই।। সর্বভারতীয় স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশনের সহ-সভাপতি পদে পুনরায় নির্বাচিত হয়েছেন ত্রিপুরার সিনিয়র ক্রীড়া সাংবাদিক সরযূ চক্রবর্তী। এক্সিকিউটিভ সদস্য হিসেবেও পুনরায় নির্বাচিত হয়েছেন রাজ্যের আরও একজন সিনিয়র ক্রীড়া সাংবাদিক সুপ্রভাত দেবনাথ। গুজরাটের আহমেদাবাদে রবিবার দুপুরে সর্বভারতীয় স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশনের দ্বি-বার্ষিক জাতীয় সম্মেলন এবং তারপর ২০২৩-২০২৫ বর্ষের জন্য ফেডারেশনের কমিটি গঠনের উদ্দেশ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়। গোপন ব্যালটে নির্বাচনোত্তর পর্বে ঘোষিত ফলাফলে এস.জে.এফ.আই-এর সভাপতি: তুষার ত্রিবেদী (গুজরাট), সহ-সভাপতি: সরযূ চক্রবর্তী (ত্রিপুরা), বিকাশ পান্ডে (ইন্দোর), পরিতোষ প্রামানিক (নাগপুর), মনুজা বীরপ্পা (ব্যঙ্গালুরু), সচিব: প্রশান্ত কেনি (মুম্বাই), যুগ্ম সচিব: রমেশ ভারিকুপ্পালা (তেলেঙ্গানা), কোষাধ্যক্ষ: পার্থ চক্রবর্তী (আসাম), কার্যকরী সদস্য: সুপ্রভাত দেবনাথ (ত্রিপুরা), সুরেশ কুমার সোয়াইন (ওড়িশা), রিপল ক্রিস্তী (গুজরাট), কে. কৃত্তিভাষন (তামিলনাড়ু), বিদ্যুৎ কলিতা (আসাম), নীলেশ দেশপান্ডে (নাগপুর), সাবী হোসেন নাকবী (দিল্লি) নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, ত্রিপুরার সরযূ চক্রবর্তী এনিয়ে ষষ্ঠ-বার ফেডারেশনের সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, সম্মেলনে সর্বভারতীয় স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশনের সিদ্ধান্তক্রমে লাইফ টাইম এচিভমেন্ট অ্যাওয়ার্ড হিসেবে এবছর পি টি ঊষা এবং (মরণোত্তর) মিলখা সিংকে প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্মেলনের প্রাক সন্ধ্যায় শনিবার গুজরাট স্পোর্টস ক্লাবে '১৯-তম এশিয়ান গেমস ২০২২' বিষয়ক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। এশিয়ান গেমসে পদক জয়ী স্প্রিন্টার জ্যোতির্ময়ী শিকদার, প্রাক্তন অলিম্পিয়ান বক্সিং রেফারি কিষান নারসি এবং প্রাক্তন শাটলার উদয় পাওয়ার, ফেডারেশনের দুই প্রাক্তন সভাপতি জি. বিশ্বনাথন ও সাবা নায়েকন প্রমুখ উপস্থিত ছিলেন।

## বি-ডিভিশন লীগ ফুটবলে কল্যাণ সমিতিকে হারিয়ে শীর্ষে নাইন বুলেটস

| নাইন বুলেটস-৫ | কল্যাণ সমিতি-১ |
|---|---|
| (কুচাং-২,শান্তজয়,লালরিন, মেলভিন) | (লাল রোয়াত) |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। খেতাবের লক্ষ্যে তালিকার শীর্ষে পৌঁছে গেলো নাইন বুলেটস। কল্যাণ সমিতি-কে পরাজিত করে। আপাতত ৫ ম্যাচ খেলে ১৩ পয়েন্ট নিয়ে এককভাবে শীর্ষে রয়েছে কর্ণেন্দু দেববর্মা-র দল। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে কার্যত একতরফা খেলে জয় ছিনিয়ে নেন রাজীব সাধন জমাতিয়া-রা। মূলত বুলেটসের ফুটবলারদের গতি এবং দক্ষতার কাছেই হার মানে কল্যাণ সমিতির ফুটবলাররা। তবে ব্যবধান যদি আরও বাড়তো তাহলে অবাক হওয়ার কিছু ছিলো না। প্রথমার্ধেই ৫-০ গোলে এগিয়ে যাওয়ার পর দ্বিতীয়ার্ধে হালকা মেজাজে ছিলেন বুলেটসের ফুটবলাররা। বল নিজেদের মধ্যেই দেওয়া নেওয়া করে দ্বিতায়ার্ধে কাটিয়ে দেন থুলুঙ্গা-রা। পাশাপাশি কোচ কর্ণেন্দু দেববর্মা নিজের দলের রিজার্ভ ব্যাঞ্চকেও দেখে নেন। ম্যাচ শুরুর ৬ মিনিটের মাথায় কুচাং জমাতিয়া-র গোলে এগিয়ে যায় নাইন বুলেটস। শুরুতেই গোল পেযে যাওয়ায় দ্বিগুন উৎসাহে আক্রমণের গতি আরও বাড়ান দলের ফুটবলাররা। আর তাতে ক্ষতবিক্ষত হয় কল্যাণ সমিতি। ১১ মিনিটে শান্তজায় রিয়াং ব্যবধান বাড়ান। ২৩ মিনিটে দলের তৃতীয় এবং নিজের দ্বিতীয় গোল করেন কুচাং জমাতিয়া। ৩১ মিনিটে লালরিন থুলুঙ্গা এবং ৩৪ মিনিটে মেলবিন সি ভানলাল কল্যাণ শিবিরের জালে শেষবার বল পাঠান। ৭৪ মিনিটে কল্যাণসমিতির পক্ষে সান্তনার গোল করেন লাল রোয়াত সাংগা। রেফারি তাপস দেবনাথ ম্যাচকে নিয়ন্ত্রণে রাখতে বিজয়ী দলের সুমন্ত প্রামানিক,শিবা দেববর্মা এবং বিজীত দলের সি লাল গোয়ানাকে হলুদ কার্ড দেখান।

## নভেম্বরে আগরতলায় রাজ্য বডি বিল্ডিং চ্যাম্পিয়নশীপ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। আগামী নভেম্বরে প্রথমবারের মতো মিস্টার ত্রিপুরা জুনিয়র এবং মিস্টার ত্রিপুরা সিনিয়র বডি বিল্ডিং চ্যাম্পিয়নশিপ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোয়েশনের উদ্যোগে আগরতলায় রাজ্য কমিটির একটি সাধারণ সভার আয়োজন করা হয়। উক্ত সভায় রাজ্য কমিটির সকল সদস্যদের মতামতের মাধ্যমে আগামী ১১ নভেম্বর ত্রিপুরার পশ্চিম জেলায় ইন্ডিয়ান বডি বিল্ডারস ফেডারেশনের অধীনে ত্রিপুরা বডি বিল্ডারস এন্ড ফিটনেস অ্যাসোয়েশন প্রথমবারের মতো মিস্টার ত্রিপুরা জুনিয়র এবং মিস্টার ত্রিপুরা সিনিয়র বডি বিল্ডিং চ্যাম্পিয়নশিপের আয়োজন করতে যাচ্ছে। তাছাড়া, পাশাপাশি থাকবে মেন ফিজিক্স চ্যাম্পিয়নশিপ তথা পুরুষদের দেহসৌষ্ঠব প্রতিযোগিতা। প্রথমবারের মতো জাতীয়স্তরের সমতূল্য স্ট্যান্ডার্ডের রাজ্যস্তরের চ্যাম্পিয়নশিপ হতে যাচ্ছে আগরতলায়। এই স্টেট চ্যাম্পিয়নশিপ থেকেই ইন্ডিয়ান বডি বিল্ডার্স ফেডারেশন আয়োজিত আসন্ন মিস্টার ইন্ডিয়া ২০২৩ এর জন্য প্রতিযোগী তথা রাজ্য দল গঠন করা হবে। ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাক্ষি সাহা এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

## জুনিয়র এশিয়া কাপে স্বর্ণ পদক অস্মিতার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। জুনিয়র এশিয়ান কাপে জুডোতে স্বর্ণ পদক দখল করলো রাজ্যের মেয়ে অস্মিতা দে। অস্মিতার এই সাফল্যে খুশি গোটা রাজ্যবাসী। ৪৮ কেজির ফাইনাল বোটে অস্মিতা মঙ্গোলিয়ার খেলোয়াড়কে হারিয়ে এই সম্মান অর্জন করে। অস্মিতার কোচ মানিক লাল দে ছাত্রীর এই সফলতায় খুবই খুশি।

## লংতরাইভ্যালি আন্ত:স্কুল ক্রিকেটে মনুঘাটকে হারিয়ে সেরা ছৈলেংটা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। বল হাতে দুরন্ত রোহিত গুপ্তা। রোহিত-এর হাত ধরেই মহকুমার সেরা হলো ছৈলেংটা সরকারি ইংলিশ মিডিয়াম স্কুল। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৭ আন্ত;:স্কুল ক্রিকেটে। রবিবার ঘাঘরাছড়া স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে ছৈলেংটা সরকারি ইংলিশ মিডিয়াম স্কুল ৮ উইকেট পরাজিত করে মনুঘাট স্কুলকে। প্রথমে ব্যাট নিয়ে মনুঘাট স্কুলের গড়া ১০৮ রানের জবাবে ছৈলেংটা সরকারি ইংলিশ মিডিয়াম স্কুল ২ উইকেট হারিয়ে জযের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের রোহিত গুপ্তা ৫ উইকেট দখল করে। সঙ্গত কারনেই ম্যাচের সেরা ক্রিকেটার বেছে নেওয়া হয় রোহিত-কে। এদিন সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে মনুঘাট স্কুল ২৫.৪ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১০৮ রান করে। দলের পক্ষে দলনায়ক সুরজ গুরুং ৩১ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৭, প্রতাপ আচার্য ৩৫ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৫, সৈকত দাস ২৬ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১২ এবং বোবার ত্রিপুরা ১০ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১০ রান করে। দল অতিরিক্ত খাতে সর্বোচ্চ পায় ৩১ রান। ছৈলেংটা সরকারি ইংলিশ মিডিয়াম স্কুলের পক্ষে রোহিত গুপ্তা ২৫ রান দিয়ে ৫ টি, তাজিম দেওয়ান ১২ রান দিয়ে ২ টি এবং অনিকেত রায় ১৭ রান দিয়ে ২ টি উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে ১৩.৩ ওভারে ২ উইকেট হারিয়ে জযের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় ছৈলেংটা সরকারি ইংলিশ মিডিয়াম স্কুল। দলের পক্ষে অর্ঘদ্বীপ চৌধুরি ৪৭ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ৩৮, সুজিত ঋষি দাস ১০ বল খেলে ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ (অপ:) এবং তুজিম দেওয়ান ২৪ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ২২ রান। মনুঘাট স্কুলের পক্ষে প্রতার আচার্য ৩২ রান দিয়ে ২ টি উইকেট দখল করে।

## সমাজদ্রোহিদের হাতে টিসিএ কর্তারা নিগৃহীত, নিন্দা ও ধিক্কার সর্বত্র

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনে ইউনাইটেড ফ্রেন্ডসের প্রতিনিধি, টিসিএ সহ-সভাপতি এবং রাজ্য গর্ব রঞ্জি দলের প্রাক্তন অধিনায়ক তিমির চন্দ সহ টিসিএ''র একাধিক পদাধিকারীর সমাজদ্রোহীর হাতে নিগৃহীত হওয়ার ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছেন ইউনাইটেড ফ্রেন্ডসের সভাপতি সুবল কুমার দে। তিনি এই কলঙ্কিত ও নজিরবিহীন ঘটনায় জরিতদের গ্রেপ্তার করে আইনানুযায়ী কঠোর সাজা দেয়ারও দাবী জানান। এর সাথে তিনি টি সি এ''র ক্ষমতা জোর করে দখল করার নামে রাজধানীর প্রাণকেন্দ্রে সমাজদ্রোহীদের অস্ত্রের ঝলকানি এবং পুলিশের সামনে প্রকাশে মারপিটের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। রাজ্যে ক্রিকেটের সার্বিক উন্নয়নে ইউনাইটেড ফ্রেন্ডস অতীতে যেভাবে টি সি এ ভবন নির্মানে স্বল্পমূল্যে জমি দিয়েছিল, সেই জমিতেই আজ বিভৎস পরিনতিতে তিনি ক্ষোভ প্রকাশ করেন। অবিলম্বে এই ক্ষমতা দখলের নোংরামি বন্ধ করতে রাজ্যের সমস্ত ক্রিকেট ক্লাব ও মহকুমার ক্রিকেট প্রেমীদের সাথে শুভবুদ্ধি সম্পন্ন নাগরিকদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। ইউনাইটেড ফ্রেন্ডসের সম্পাদক মানিক দেব এক বিবৃতিতে এখবর জানিয়েছেন।

## মর্ডান চেস একাডেমিতে প্রাইজমানি দাবা আগস্টে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। দুদিন ব্যাপী প্রাইজমানি দাবা প্রতিযোগিতা শুরু ৫ আগস্ট। মডার্ণ চেস আকাদেমির উদ্যোগে আসর হবে শিবনগর মডার্ণ ক্লাবে। মোট ৬ রাউন্ডের হবে আসর। এন্ট্রি ফি ৩০০ টাকা। আসরের সেরা দাবাড়ু ট্রফি সব প্রাইজমানি বাবদ পাবে ১ হাজার টাকা। প্রথম ৫ দাবাড়ুকে প্রাইজমানি দেওয়া হবে।

এছাড়া বয়সভিত্তিক বিভাগেও থাকবে পুরস্কার। আসরে অংশ নেওয়ার শেষ দিন ৩ আগস্ট। উদ্যোক্তা আকাদেমির পক্ষ থেকে এখবর জানানো হয়েছে।

## মহিলা ফুটবলে আজ ফুলো ঝানু - ইকফাই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।। আগামীকাল দুর্বল ইকফাই এর মুখোমুখি হবে ফুলো ঝানু ক্লাব। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত মহিলা ফুটবল লিগে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আগামীকাল সকাল ৮ টায় শুরু হবে ম্যাচটি। আপাতত ৫ ম্যাচ খেলে ফুলো ঝানু দলের পয়েন্ট ৭ এবং ইকফাই এর পয়েন্ট ৩। শক্তির বিচারে আজ ফেভারিট হিসাবেই মাঠে নামবেন দিপালী হালাম এর দল ফুলো ঝানু ক্লাব। ম্যাচ থেকে ৩ পয়েন্ট পেয়ে কিল্লার সঙ্গে তৃতীয় স্থানে থাকতে আগামীকাল মাঠে নামবেন ফুলো ঝানু ক্লাবের ফুটবলাররা। দুদলই রবিবার শেষ প্রস্তুতিসেরে নেয়। এদিকে ত্রিপুরা পুলিস দল নাম তুলে নেওয়ায় এদিন ওয়াক ওভার পায় চলমান সঙ্ঘ।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# অসমে উগ্রপন্থী-যোগ সন্দেহে আরেক মহিলা আটক, উদ্ধার আরও ১.৬৪ লক্ষ নগদ টাকা

ডিব্রুগড় (অসম), ২৩ জুলাই (হি.স.) : অসমে নিষিদ্ধ সশস্ত্র উগ্রপন্থী সংগঠন 'ইউনাইটেড লিবারেশন ফ্রন্ট অব অসম-ইনডিপেনডেন্ট' (আলফা-আই)-এর যোগসূত্রকারিণী সন্দেহে আরও এক মহিলাকে আটক করেছে ডিব্রুগড় পুলিশ। তার হেফাজত থেকে পুলিশ উদ্ধার করেছে ১.৬৪ লক্ষ নগদ টাকা।

আজ রবিবার সকালে ডিব্রুগড় জেলা পুলিশ সেনাবাহিনীকে সঙ্গে নিয়ে নিষিদ্ধ উগ্রপন্থী সংগঠনের নামে ব্যবসায়ীদের কাছ থেকে অর্থ আদায়ের অভিযোগে মহিলা আলফা-আই যোগসূত্রকারিণী সন্দেহে গ্রেফতার করেছে হেমা চুতিয়াকে।

জানা গেছে, ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় এলাকায় তার বাসা থেকে গতকাল নগদ প্রায় ৩ লক্ষ টাকা সহ পুষ্পাঞ্জলি গগৈকে আটক করেছিল যৌথবাহিনী। ঠিক একদিন পর আজ সকালে ডিব্রুগড়ে সেনা-পুলিশের দল নগদ ১,৬৪,০০০ টাকা সহ হেমা চুতিয়াকে আটক করেছে।

ডিব্রুগড় জেলার অধীন খোয়াং-এ পুলিশের পাতা জালে আটকে যান হেমা চুতিয়া। কিন্তু পুলিশের ওপর হামলা চালিয়ে পালানোর চেষ্টা করলে গুলি চালায় পুলিশ। এতে আহত হন হেমা চুতিয়া।

এখানে উল্লেখ করা যেতে পারে, সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে গতকাল বিকালে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় চত্বরে তার বাড়িতে অভিযান চালিয়ে পুলিশ সন্দেহভাজন আলফা-আই লিংকম্যান পুষ্পাঞ্জলি গগৈকে নগদ প্রায় তিন লক্ষ টাকা সহ আটক করেছিল।

তার হেফাজত থেকে পুলিশ একটি মোবাইল ফোনের হ্যান্ডসেট বাজেয়াপ্ত করেছে।

অভিযুক্ত পুষ্পাঞ্জলি গগৈ তিনসুকিয়া জেলার লাইপুলি এলাকার দিহিং গ্রামের বাসিন্দা। তিনি এমআই লাইফস্টাইল নামের এক বিপণন সংস্থার সঙ্গে জড়িত।

এদিকে আলফা (আই)-র সঙ্গে যোগসূত্র রক্ষাকারী অভিযোগে ধৃত দুই মহিলা তাদেরকে নির্দোষ বলে দাবি করেছেন। তবে নিরাপত্তা বাহিনী বা পুলিশ কেউই এ ব্যাপারে বেশি কিছু জানাতে অস্বীকার করেছে।



রাজ্যভিত্তিক যুব কনভেনশনে রবিবার বক্তব্য রাখেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।

## পশ্চিমবঙ্গে আইনের শাসন শেষ হয়ে গেছে : মনোজ রাজোরিয়া

কলকাতা, ২৩ জুলাই (হি.স.): রাজ্যে পঞ্চায়েত ভোটকে কেন্দ্র করে দলের তপশীলি জাতির কর্মীদের উপর আক্রমণের অভিযোগের প্রেক্ষিতে বিজেপির তরফে পাঁচ সদস্যের তথ্যানুসন্ধানী সংসদীয় দল গঠন করা হয়। তার তিন সদস্য সাংসদ মনোজ রাজোরিয়া, এস মুনিস্বামী ও বিনোদ কুমার সোনকার রবিবার সকালে কলকাতায় এসে পৌঁছেছেন।

বিমানবন্দরে মনোজ রাজোরিয়া সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে আইনের শাসন শেষ হয়ে গেছে। ভোট ও ভোটের পরেও বিজেপি দলের কর্মীদের অত্যাচার করা হচ্ছে, খুন করা হচ্ছে। সাধারণ মানুষও বাদ যাচ্ছে না। পুলিশ অপরাধীদের নিরাপত্তা দিচ্ছে। তপশীলি সম্প্রদায়ের এই সংসদীয় দল দু""দিনের কর্মসূচিতে রাজ্যে এসেছেন। হুগলির তারকেশ্বর ও আরামবাগে গিয়ে তারা আক্রান্ত, ঘরছাড়া দলীয় কর্মী ও প্রার্থীদের সঙ্গে কথা বলবেন।

## যে কোনও রাজ্যে মহিলাদের প্রতি নৃশংসতা হৃদয় বিদারক : অনুরাগ সিং ঠাকুর

নয়াদিল্লি, ২৩ জুলাই (হি.স.): মণিপুরে দুই মহিলাকে বিবস্ত্র করে হাঁটানোর ঘটনা দেশজুড়ে আলোড়ন ফেলে দিয়েছে! এরইমধ্যে পশ্চিমবঙ্গ, রাজস্থান ও বিহারেও মহিলাদের প্রতি অভব্যতার ঘটনা প্রকাশ্যে এসেছে। মহিলাদের প্রতি নৃশংসতার তীব্র নিন্দা করলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। তিনি বলেছেন, যে কোনও রাজ্যে মহিলাদের প্রতি নৃশংসতা হৃদয় বিদারক। রবিবার দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর বলেছেন, 'যে কোনও রাজ্যে মহিলাদের প্রতি নৃশংসতা হৃদয় বিদারক। রাজ্যকে দায়িত্ব নিতে হবে এবং মহিলাদের প্রতি অপরাধ কমাতে হবে... আমি বিরোধীদের অনুরোধ করব আলোচনা থেকে দূরে না যাওয়ার জন্য... বিরোধীদের এই ধরনের সংবেদনশীল বিষয়ে রাজনীতি করা উচিত নয়।'

## ধর্মনগর কলেজে মহিলা মোর্চার উদ্যোগে নারী তুমি নারায়ণী অনুষ্ঠান সম্পন্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ে মহিলা মোর্চার নারী তুমি নারায়নী অনুষ্ঠানটি আনুষ্ঠানিকভাবে পালিত হল। শনিবার উত্তর ত্রিপুরা জেলা মহিলা মোর্চার উদ্যোগে এই ব্যতিক্রমী অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নির্বাহকারিণী বিশেষ মহিলা ব্যক্তিত্বদের সম্মাননা প্রদানের সাক্ষী থাকলেন উত্তর ত্রিপুরাবাসী। ডাক্তার, পুলিশ অফিসার, প্রফেসর, শিক্ষিকা, শিক্ষাবিদ, সাংবাদিক, সংগীত গুরু, স্বর্ণপদক প্রাপ্ত বাচিক শিল্পী, নৃত্য শিল্পী, ভাস্কর্য শিল্পী, পোল ভোল্ট প্লেয়ার, রাজমিস্ত্রি, অন্নদাত্রী, মৎস ব্যবসায়ী, টুকটুক ড্রাইভার, তাঁতি, জুমিয়া সহ বৈচিত্র্যময় সম্ভারে নন্দিত ছিল অনুষ্ঠান হল।অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জেলা মহিলা মোর্চার সভানেত্রী রূপালী অধিকারী।

উপস্থিত ছিলেন প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী ঝর্না দেববর্মা, উত্তর ত্রিপুরা জেলা সভানেত্রী মলিনা দেবনাথ, রাজ্যের বিশিষ্ট কবি সাহিত্যিক শুভ্রা সাহা, উত্তর ত্রিপুরা জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, বিশিষ্ট স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডঃ শর্মিষ্ঠা চক্রবর্তী, এডভোকেট বনানী শর্মা, ডঃ নন্দিতা রায়, ডঃ উমা নমঃশুদ্র, শিক্ষাবিদ মহুয়া গুপ্তা, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত এন এস এস প্রোগ্রাম অফিসার সুপ্তা পুরকায়স্থ, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত পুলিশ অফিসার সঞ্চিত নাথ, রীতা দেবনাথ সহ বিশিষ্ট মহিলা ব্যক্তিত্ববর্গ।

মহিলা মোর্চার প্রদেশ সভানেত্রী ও উত্তর ত্রিপুরা জেলা মহিলা মোর্চার সভানেত্রী উনাদের আলোচনায় তুলে ধরেন যে কর্মসূত্রে বিভিন্নতায় স্ব স্ব প্রতিভার উৎকর্ষতা প্রকাশের মাঝে ভারতীয় মহিলাদের গৌরবগাঁথা, ঐতিহ্য ভারতীয় সমাজ, শিক্ষা,জ্ঞান, বিজ্ঞানে চিরন্তন।

## জন্ম থেকেই দিব্যাঙ্গনজন দশ বছরের শিশুর ভাগ্যে জুটেনি সরকারি সহায়তা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৩ জুলাই।।** অভাব অনটনের সংসারে জন্মলগ্ন থেকেই প্রতিবন্ধী উপজাতি শিশুকন্যা দশ বছরেও পাচ্ছে না সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধা সহ প্রতিবন্ধী ভাতা। ঘটনা তেলিয়ামুড়া মহকুমা মুঙ্গিয়াকামি ব্লকের অধীন ১৮ মুড়া পাহাড়ের পাদদেশে ৪৭ মাইল এলাকায়।

দশ বছর বয়সী ফলেরুং রিয়াং। ১০ বছর পূর্বে জন্ম হয়েছিল অভাব অনটনের সংসার জুমিয়া পরিবারে। ফলেরুং রিয়াং এর বয়স যখন ছিল পাঁচ মাস সেই সময় জ্বরে আক্রান্ত হয়। তার বাবা মা তাকে নিয়ে আসে মুঙ্গিয়াকামী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের দায়িত্বরত চিকিৎসক তার বাবা মাকে পরামর্শ দেন রাজধানী আগরতলায় জিবিপি হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য। কিন্তু খুবই পরিতাপের বিষয় আর্থিকভাবে দুর্বল থাকার কারণে সে সময় রোগা গ্রস্ত শিশু কন্যাকে উন্নত চিকিৎসার জন্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী জিবিপি হাসপাতালে নিয়ে যাওয়া সম্ভব হয়নি। উন্নত চিকিৎসার জন্য জিবিপি হাসপাতালে জিবিপি হাসপাতালে নিয়ে যাওয়া সম্ভব হয়নি বলে বর্তমানে প্রতিবন্ধী হয়ে দিন কাটাচ্ছে ১০ বছরের ফলেরুং রিয়াং। উন্নত চিকিৎসার জন্য শিশু কন্যাটিকে তার বাবা-মা জিবিপি হাসপাতালে না নিয়ে যাওয়ার পেছনে অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল অভাব অনটনের সংসার। কারণ বনের লতা পাতা সংগ্রহ এবং জুম চাষের উপর নির্ভর করে সংসার প্রতিপালন করে আসছে তৎকালীন সময় থেকে বর্তমানে। বর্তমানে ফলেরুং বাকএবং হাঁটাচলা শক্তি হারিয়ে সম্পূর্ণভাবে বিকলাঙ্গ। তার সারাদিন কাটে বাড়িতেই। আর্থিক অনটনে তার পড়াশোনা ও চিকিৎসা হচ্ছে না। তার বাবার যে টাকা আয় হয় তা দিয়ে পরিবারকে দুমুঠো খাবার তুলে দিতেই তাকে হিমশিম খেতে হয়। তাই প্রতিদ্বন্দ্বী শিশু কন্যার পড়াশোনা ও চিকিৎসা করানো তার পক্ষে কষ্টসাধ্য বলে তিনি জানান। তিনি আরো জানান, জুম চাষ এবং বনের লতা পাতা সংগ্রহের পরে সংসার প্রতিপালন করতে হয় তার। প্রতিদ্বন্দ্বী শিশু কন্যার চিকিৎসা ও প্রতিবন্ধী ভাতার জন্য বার কয়েক সরকারি এবং বিভিন্ন সাহায্যকারী সংস্থাদের কাছে আবেদন নিবেদন রেখেছিল। কিন্তু পরিতাপের বিষয় হল তার আবেদন নিবেদন যেন একপ্রকার বেপাত্তা।

২৯ কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মার বঞ্চিত প্রতিদ্বন্দ্বী শিশু কন্যার ভাতা এবং চিকিৎসার কতটুকু পদক্ষেপ গ্রহণ করতে সক্ষম হয় সেটাই এখন দেখার বিষয়।

## বিজেপির যুব মোর্চার উদ্যোগে জোলাইবাড়ী বাজারে ধন্যবাদ র‍্যালী

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৩ জুলাই।। বিধানসভা অধিবেশনে জনকল্যানমুখী বাজেট পেশকরায় রাজ্যসরকারকে ধন্যবাদ জানিয়ে যুব মোর্চার উদ্দ্যোগে এক ধন্যবাদরেলী সংগঠীত করাহয়। আজকের এইধন্যবাদরেলী জোলাইবাড়ী বাজারের বিভিন্নপথ অতিক্রান্তকরে জোলাইবাড়ী বাজারে এসে সমাপ্তিহয়। রেলিশেষে সকলে বাজারসভায় মিলিত হয়। যুব মোর্চার উদ্দ্যোগে আয়োজিত আজকের এইধন্যবাদ রেলি ও বাজার সভায় উপস্থিত ছিলেন যুব মোর্চার প্রদেশ কমিটির সভাপতি নবাদল বনিক, জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের মুক্তির কান্ডারী মন্ডল সভাপতি অজয় রিয়াং, জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে যুবকদের আইকন কেশব চেঁ ধুরি, জোলাইবাড়ী ব্লকের পঞ্চয়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, বিজেপির দক্ষিন জেলার সহ সভাপতি চেথই মগ , জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত সহ অন্যান্যরা। আজকের এই পথসভায় বক্তব্যরাখতেগিয়ে বক্তারা রাজ্যসরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর কথা জনসন্মুখে তুলেধরেন। তারপাশাপাশি আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি মনোনিত প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করারজন্য অঙ্গীকার বদ্ধহন।


সম্প্রতি রাজধানী আগরতলায় চুরি যাওয়া বেশ কিছু মোবাইল উদ্ধার করে রবিবার পশ্চিম আগরতলা পুলিশষ।

## তেলিয়ামুড়া স্টেশনে প্রচুর গাঁজা উদ্ধার করল জিআরপি পুলিশ, লেনদেনের ভিত্তিতে ছেড়ে দেয়া হল ধৃতদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুলাই।।** রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সার্বিকভাবে প্রশাসন যতই রাজ্যকে বর্তমান তথা ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে নেশামুক্ত রাজ্য হিসেবে গড়ার স্বপ্ন দেখুক না কেন, সর্ষের মধ্যেই যখন ভূত লুকিয়ে থাকে তখন আদতে এই নেশা মুক্ত রাজ্য কিভাবে গঠন করা সম্ভব? এই প্রশ্নটা কিন্তু দিনের পর দিন প্রাসঙ্গিক হয়ে উঠছে।এবার তেলিয়ামুড়া রেল স্টেশন চত্বর থেকে উঠে আসা এক রোমহর্ষক ঘটনা। মুখ্যমন্ত্রী থেকে শুরু করে রাজ্য প্রশাসন যতই নেশার ভয়াবহতা থেকে যুব সমাজকে মুক্ত করতে উদ্যোগী হউক না কেন, একাংশ সরকারি কর্মী তথা দালালদের কারণে যুব সমাজ উচ্ছন্নে যেতে বসেছে।

দীর্ঘদিন ধরেই খবর ভেসে বেড়াচ্ছিল রেল স্টেশনে কর্মরত রেল পুলিশ তথা জি.আর.পি পুলিশের প্রত্যক্ষ এবং পরোক্ষ মদতে বিভিন্ন রেলকে ব্যাবহার করে গাঁজা সহ বিভিন্ন প্রকার নেশা সামগ্রীর রমরমা পাচার চলছিল। শনিবার রাতের এক ঘটনার মধ্য দিয়ে সংশ্লিষ্ট তথ্য গুলোতে একপ্রকার সীলমোহর যে পড়লো বলতে দ্বিধা নেই।

ঘটনার বিবরনে জানা যায়, শনিবার দেওঘর এক্সপ্রেস করে আনা বিপুল পরিমাণে গাঁজা তেলিয়ামুড়া রেলস্টেশনে একাংশ গাঁজা পাচার কারীরা নামায়। পচা খাদ্যদ্রব্যের গন্ধে মম করে যেভাবে কাক, কুকুর সহ বিভিন্ন প্রকারের পশু পাখিরা ভিড় জমায়, ঠিক সেইভাবে গাঁজার প্যাকেট দেখে লোভ সামলাতে না পেরে সংশ্লিষ্ট রেলস্টেশন চত্বরে কর্মরত জিআরপি এবং রেল পুলিশ সম্মিলিতভাবে সেই গাঁজার প্যাকেট গুলোকে বাজেয়াপ্ত করে। এটুকু অবধি ঠিকঠাক। কিন্তু এরপর শুরু হয় অন্য খেলা অর্থাৎ চকচকে নোটের খেলা। জানা গেছে, বড় অঙ্কের টাকার বিনিময়ে সাথে সাথেই ঘটনার রফা করে নেওয়া হয় এবং সেই গাঁজা পাচারের সাথে যুক্ত এক মহিলা সহ যাদেরকে আটক করা হয়েছিল তাদেরকেও অতিথির মতো করে আপ্যায়ন শেষে ছেড়ে দেন সংশ্লিষ্ট আইনের রক্ষকরা।

একাধিক শুভ চিন্তক মহলের মধ্য দিয়ে এই ঘটনার খবর পেয়ে রাতের বেলায় সাংবাদিকরা যখন রেল স্টেশন চত্বর সহ জি.আর.পি থানায় ছুটে যায়, তখন প্রথম অবস্থায় জি.আর.পি এবং রেল পুলিশের তরফ থেকে গাঁজা বাজেয়াপ্ত করা বা আটক করার ঘটনাকে পুরোপুরি অস্বীকার করা হয়।

যদিও পরবর্তী সময়ে সাংবাদিকদের তথ্য ভিত্তিক প্রশ্ন বানে জর্জরিত হয়ে সংশ্লিষ্ট কর্তা ব্যাক্তিরা স্বীকার করতে বাধ্য হয় যে গাঁজা আটক করা হয়েছে, তবে শুধু এক প্যাকেট! তবে আশ্চর্যের বিষয় হচ্ছে সাংবাদিকরা যাতে কোনভাবেই জি.আর.পি থানার ভেতরে প্রবেশ করতে না পারে রীতিমতো বাইরের গেট তালা দিয়ে রাখা হয়।প্রশ্ন হচ্ছে এই জায়গায়, সাংবাদিকরা পেশাগত কাজের জন্য রেল পুলিশের আধিকারিকদের সাথে কথা বলার চেষ্টা করলে কি কারনে গেইট তালা দেওয়া হয়েছিল? এর পেছনে কি রয়েছে রহস্য ? বিশ্বস্ত সূত্র মারফত খবর , বড়োসড়ো অঙ্কের রফার বিনিময়ের মধ্য দিয়ে শনিবার রেল পুলিশের এবং জি.আর.পির প্রত্যক্ষ মদতে তেলিয়ামুড়া রেলস্টেশন"কে ব্যাবহার করে আরো একবার বড়সড়ো গাঁজা পাচার কার্য সফলভাবে সম্পন্ন হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে ,এভাবে যদি আইনের রক্ষক বা প্রশাসনের কর্তা ব্যাক্তিরা গাঁজা-পাচার কাজে নিজেদের নিয়োজিত করে চলেন, তাহলে আদতে কি ত্রিপুরা রাজ্যকে বর্তমান সরকারের স্বপ্নের নেশা মুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলা সম্ভব হবে? কে দেবে এই প্রশ্নের উত্তর।

## রক্তদান সহ বিভিন্ন সামাজিক কাজে ক্লাব গুলোকে এগিয়ে আসার আহ্বান বিধায়ক সুশান্ত দেবের

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৩ জুলাই।। রক্তদানের কোন বিকল্প নেই। রক্তের কোন জাত নেই,ধর্ম নেই, বর্ণ নেই।যেকোন সামাজিক কাজের মধ্যে রক্তদান ই শ্রেষ্ঠ। কেননা বিজ্ঞান এখনো রক্ত আবিষ্কার করতে পারে নি। মানুষের রক্তই একে অপরের পরিপূরক। রবিবার বিশালগড় বিধানসভার নারাউড়ার প্রগতিসংঘ এর পক্ষ থেকে বিধায়ক সুশান্ত দেব কে শুভেচ্ছা স্বরূপ সংবর্ধনা জ্ঞাপন করা হয়।এই সংবর্ধনা অনুষ্ঠানকে আরো সুন্দর ও আকর্ষণীয় করতে প্রগতিসংঘ ক্লাবের পক্ষ থেকে স্বেচ্ছায় রক্তদান শিবির ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।এই মহতী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সুশান্ত দেব ছাড়াও উপস্থিত ছিলেন বিশালগড় মহকুমা হাসপাতালের স্বাস্থ্য আধিকারিক ডাঃ জে এম দাস, এলাকার বয়োজ্যেষ্ঠ ব্যক্তিবর্গ এবং উক্ত এলাকার সাধারণ জনগণ।এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সুশান্ত দেব বলেন ক্লাব গুলোকে সামাজিক কাজে আরো এগিয়ে আসা দরকার।

বিশালগড় বিধানসভার সমস্ত ক্লাব গুলিকে আবেদন করব এভাবেই যেন সকলে সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে জনসেবায় যুক্ত থেকে শ্রেষ্ঠ বিশালগড় রূপায়ণে সহায়ক ভূমিকা পালন করে।

তাছাড়া ক্লাব গুলো যদি এলাকায় নির্ণায়ক ভূমিকা পালন করে তাহলে উক্ত এলাকায় বিভিন্ন অসামাজিক কার্যকলাপ বন্ধ করা যাবে। এলাকার সকল অংশের মানুষ নিশ্চিন্তে থাকতে পারবে।এই দিনের রক্তদান শিবিরে মোট বিশ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

তাছাড়া একশ জন সাধারণ অংশের মানুষকে স্বাস্থ্য পরিষেবা ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। রক্তদান শিবিরে উপকারিতা সম্পর্কে আলোচনা করতে গিয়ে স্বাস্থ্য আধিকারিক ডাঃ জে এম দাস বলেন বাড়িতে পূজার্চনা করেও ততটা পূর্ণ লাভ করা যায় না। যতটুকু পূর্ণ একজন মূমূর্ষ রোগীকে রক্ত দানের মাধ্যমে হয়।ডাঃ জে এম দাস বিধায়ক সুশান্ত দেবের প্রশংসা করে বলেন বিশালগড় মহকুমা হাসপাতালে প্রতি মাসের শেষ মঙ্গলবারে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করে সাধারণ রোগীদের জন্য বিশাল উপকার করেছেন। এতে হাসপাতালের বহু রোগী উপকৃত হচ্ছেন।

## জনপ্রিয় এলাকাকে স্টেশনের নামের সাথে লিংক করার অভিনব পদ্ধতি ভারতীয় রেলওয়ের

গুয়াহাটি, ২৩ জুলাই (হি.স.) : যাত্রীদের যাতে সুবিধা হয়, তার জন্য ভারতীয় রেলওয়ে স্টেশনের নামের সাথে জনপ্রিয় এলাকাকে যুক্ত করতে অভিনব পদ্ধতি গ্রহণ করেছে। এই নতুন পদ্ধতির ফলে যাত্রার আরও ভালো পরিকল্পনা পাওয়া যাবে এবং ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে টিকিট বুকিঙের সময় যাত্রীরা ব্যক্তিগতকৃত অভিজ্ঞতাও লাভ করবেন। এছাড়া এই পদ্ধতির ফলে সহজে স্টেশন অনুসন্ধান করতে পর্যটকদের সুবিধা হবে। পাশাপাশি যাত্রীদের জন্য উন্নত সংযোগ ব্যবস্থাও উপলব্ধ হবে।

এক প্রেস বিবৃতিতে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে জানান, এই পদক্ষেপের মধ্যে রেলওয়ে স্টেশনগুলিকে স্যাটেলাইট সিটির সাথে যুক্ত করা হবে যেমন, নয়ডা থেকে নিউদিল্লি। কিছু সময় দেখা যায় স্থানীয় / জনপ্রিয় নামগুলি রেলওয়ে স্টেশন থেকে পৃথক। যার ফলে যাত্রার পরিকল্পনার সময় যাত্রীদের বিভ্রান্ত হতে হয়। তাই এই সংযুক্তিকরণের ফলে বিভ্রান্তিও দূর হবে।

এই উদ্দেশ্য পূরণের জন্য প্রযুক্তির প্রয়োগে পরিবর্তন ঘটানো হয়েছে এবং ১৭৫টি জনপ্রিয় শহর / এলাকাকে ৭২৫টি স্টেশনের সাথে যুক্ত করা হয়েছে। এই পরিবর্তনগুলিকে ই-টিকিট বুকিং ওয়েবসাইটের ভ্রমণ পরিকল্পনাকারী স্টেশন অনুসন্ধানে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই কার্যকারিতা যাত্রা পরিকল্পনাকারী ও টিকিটের ইলেকট্রনিক রিজার্ভেশন স্লিপে দেখা যাবে।

প্রেস বিবৃতিতে তিনি আরও জানান, পরিচালনামূলক কারণের জন্য স্টেশনের পরিবর্তনের ক্ষেত্রে এই কার্যকারিতা সহজ যোগাযোগ প্রদান করবে যেমন, যদি পরিচালনামূলক / রক্ষণাবেক্ষণের কার্যকলাপের জন্য একটি নির্ধারিত স্টেশন পরিবর্তন করা হয়, তা-হলে অনুসন্ধানের সময় যাত্রা পরিকল্পনাকারী বিকল্পমূলক স্টেশন দেখাবে। এছাড়া ম্যানেজেমন্ট ইনফর্মেশন সিস্টেম (এমআইএস) উৎপন্ন হলে নতুন ট্রেন ও স্টেশনের সুবিধাগুলির আরও উন্নত পরিকল্পনাকে সক্ষম করে তুলবে।

## অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে এনএফ রেলওয়ের ৩৫টি স্টেশন উন্নয়নের জন্য চিহ্নিত

গুয়াহাটি, ২৩ জুলাই (হি.স.) : ভারতীয় রেলওয়ে স্টেশনগুলির উন্নয়নের জন্য সম্প্রতি অমৃত ভারত স্টেশন প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পের অধীনে এখন পর্যন্ত উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীন ৩৫টি স্টেশন সহ ১,৩০৯টি রেলওয়ে স্টেশনকে চিহ্নিত করা হয়েছে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের কয়েকটি প্রধান স্টেশনের মধ্যে গুয়াহাটি, ডিব্রুগড়, কামাখ্যা, নিউ তিনসুকিয়া, নিউ বঙাইগাঁও, কাটিহার, কোকরাঝাড়, লামডিং, ডিমাপুর, শিলিগুড়ি টাউন এবং শিলচর অন্তর্ভুক্ত রয়েছে।

এই প্রকল্পটি একটি দীর্ঘমেয়াদি পদ্ধতির সাথে অবিচ্ছিন্ন ভিত্তিতে স্টেশনগুলির বিকাশকে পরিকল্পনা করে। এর মধ্যে প্রতিটি স্টেশনের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ রেখে স্টেশন অ্যাক্সেসের সার্কুলেটিং এরিয়া, ওয়েটিং হল, টয়লেট, প্রয়োজন অনুসারে লিফট/এসকেলেটর, পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিনামূল্যের ওয়াই-ফাই, স্থানীয় পণ্যগুলির জন্য কিয়স্ক যেমন "ওয়ান স্টেশন ওয়ান প্রডাক্ট", আরও উন্নত যাত্রী তথ্য ব্যবস্থা, এগজিকিউটিভ লাউঞ্জ, ব্যবসায়িক সভা-সমিতির জন্য মনোনীত স্থান, ল্যান্ড স্ক্যাপিং ইত্যাদি সুবিধার উন্নতির জন্য মাস্টার প্ল্যানের প্রস্তুতি এবং পর্যায়ক্রমে সেগুলির বাস্তবায়ন রয়েছে।

এই স্কিমটির মধ্যে ভবনের উন্নতি, স্টেশনকে শহরের উভয় পাশে একীভূত করা, মাল্টিমোডাল ইন্টিগ্রেশন, দিব্যাঙ্গজনদের জন্য সুযোগ-সুবিধা, স্থায়ী এবং পরিবেশবান্ধব সমাধান, ব্যালাস্টলেস ট্র্যাকের ব্যবস্থা,

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।